Kaliprasanna Sinha has completed the genius work with the academic assistance of Iswarchandra Vidyasagar and a number of interpreters, whereas Haridāsa has prepared the enormous assignment almost with solitary endeavour. He has recorded the whole account of the preparation of the complete Bengali translation of *Vaiyāsika-Mahābhārata* with original text, commentary of Nīlakaṇṭha and a commentary by himself. Kaliprasanna Sinha's *Mahābhārata* comprises two volumes. The book, though is almost a word-to-word translation, proper estimation cannot be done because the selected source-text is not given here. The same has been divided into *Parvas*, but the sub-chapterization is absent here. On the contrary, this book has made an episode-wise classification, the style which has also been followed by Paraśurāma, Episodes of each chapter have been numbered in a continuous basis in Paraśurāma's edition.

3.0. Several house-hold *(Gārhasthya)* Bengali *Mahābhāratas* were composed in course of time according to social demand. But if we search for scholastic appeal we must have to go through the renderings of Kaliprasanna Sinha and Haridāsa Siddhāntavāgīśa. Intensive study of these Bengali renderings may establish the fact that they cannot yet be declared as obsolete. Proper inquisitive research may rediscover the literary aroma concealed in those legendary re-creations.

## Select Bibliography

Kavīndra Parameśvara. *Kavīndra-Mahābhārata*. Ed. Kalpana Bhowmik. *Kavīndra Mahābhārat: Lipitāttvik-Bhāṣātāttvik Samīkṣā O Saṃskṛta Mahābhārater Saṅge Tulanā*. Vols. I & 2. Bangladesh, Dhaka: Bangla Academy, 1999. Print.

Kāśīrāma Dāsa. *Mahābhārata*. Ed. Pramathanath Chattopadhyay. *Sacitra Kāśīdāsī Mahābhārat*. Kolkata: Akshay Library, 2011 (rpt.). Print.

Kṛṣṇadvaipāyana. *Mahābhārata*. Bengali summarized trans. Rajsekhar Basu. *Mahābhārat: Saranuvad*. Calcutta (now Kolkata): M.C. Sarkar & Sons Pvt. Ltd., 1378 BS (5th rpt.) (1st pt. 1356 BS). Print.

—.—Ed. & Beng. Trans. Haridāsa Siddhāntavāgīśa Bhaṭṭacārya. With Text, *Bhāratabhāvapradīpa* commentary of Nīlakaṇṭha & *Bhāratakaumudī*

commentary by Haridāsa Siddhāntavāgīśa Bhaṭṭacārya. *Mahābharatam*. Vols. 1-5. Calcutta (now Kolkata): Viswavani Prakasani, 1383 BS (rpt.) (1st ed. 1338 BS). Print.

—.— Beng. Trans. Kaliprasanna Sinha. Vols. 1 & 2. Calcutta (now Kolkata): Tuli Kalam, 2001 (rpt.) (1st ed. 1782 Śaka/ 1860). Print.

Sañjaya. *Mahābhārata*. Ed. Manindra Kumar Ghosh. *Mahābhārat*. Calcutta (now Kolkata): University of Calcutta, 1969. Print

# ध्वनिमार्गसम्मता संघटना

बुद्धेश्वरषडङ्गी

संख्यावतामसंखयावताञ्चाविशेषेणामन्दानन्दसन्दोहजननक्षमकाव्यमार्गः सहृदयहृदयकन्दरमधिरूढः सन् भगवत्याः अमलकरस्पर्शेन धर्मार्थकाममोक्षाख्यापवर्गचतुष्टयवर्षां वर्कर्ति[1]। वर्भर्ति च रसगुणालङ्कारादिकाव्यविभावान् शब्दार्थमयकाव्यशरीरे! जर्हर्ति च काव्यविमुखात्मनां रसमार्गकण्टकीभूतमतत्त्वजालम्। मोमुद्यते मनः काव्यनायिकाकटक्षेण सततं सहृदयानां, स्वरसवाहिनीम् अम्लानधारां रिरंसति विदग्धानां ब्रह्मानन्दपिपासाकुलं चेतः[2]। को वा उपेक्षते शृङ्गारादिनवरसचर्वणोत्थं लोकोत्तरं रामणीयकं काव्यमार्गं हस्तगतं भवति चेत्। सकलसहृदयहृदयारविन्दं मुकुलयितुं समर्थं काव्यतत्त्वं प्रशंसता ध्वनिप्रस्थानप्रस्थापकेनाचार्यानन्दवर्धनेन अवाचि यथा--

प्रतायन्तां वाचो नियमितविविधामृतरसा
न सादः कर्त्तव्यः कविभिरनवद्ये स्वविषये।
परस्वादानेच्छाविरतमनसो वस्तु सुकवेः
सरस्वत्येवैषा घटयति यथेष्टं भगवती॥[3]

काव्यात्मभूतं व्यञ्जनाशक्तिप्रकाशितं रमणीयं काव्यवस्तु प्रशंसन् तत्रैवाह लोचनकार अभिनवगुप्तपादो यथा--

स्फुटीकृतार्थवैचित्र्यबहिः प्रसारदायिनीम्।
तुर्यां शक्तिमहं वन्दे प्रत्यक्षार्थनिदर्शिनीम्॥

न हि काव्यामृतपिपासवः भवन्ति शब्दार्थशासनज्ञारपितु ब्रह्मानन्दे रति कुर्वाणाः सहृदयप्रवराः एव काव्यतत्त्वं विदन्ति इति ध्वनिकारस्य वचः नहि धीमतामगोचरो यथा--

शब्दार्थशासनज्ञानमात्रेणैव न वेद्यते।
वेद्यते स तु काव्यार्थतत्त्वज्ञैरेव केवलम्॥[४]

अतः काव्यमधुलिप्सवः यत्नतः एव काव्यमार्गे मतिं निदध्युः॥

काव्यस्वरूपनिरूपणावसरे कल्प्यन्ते कायाङ्गानि आलङ्कारिकैः यथा--शब्दार्थौ काव्यशरीरम्। रसादिश्चात्मा, गुणाः शौर्यादिवत्। दोषाः काणत्वादिवत्, रीतयोऽवयवसंस्थानविशेषवत्, अलङ्काराः कटककुण्डलादिवत् इति काव्यस्वरूपविवेकपरम्परा काव्यशास्त्रिणां प्रसिद्धा।[५] किमिदं रमणीयतत्त्वं काव्यात्मभूततत्त्वमिति विवृणद्भिरालङ्कारिकैः।

भामहादिभिः अलङ्काररीतिरसध्वनिवक्रोक्त्यौचित्याख्याः षट्सम्प्रदायाः कल्पिताः। 'सौन्दर्यमलङ्कारः'[६] इति व्याख्यायता रीतिसम्प्रदायस्य प्रवर्त्तकेनाचार्यवामनेन काव्यालङ्कारसूत्राख्यालङ्कारशास्त्रेऽशास्त्रेऽभाणि यथा 'रीतिरात्मा काव्यस्य' (काव्यालङ्कारसूत्रम्-१/२/६)

अनेन काव्यस्य रामणीयकं रीतिमध्ये आविष्कृतम्। इयमेव रीतिः आलङ्कारिकैः 'संघटना' पदेनाप्युच्यते। संघटनापरनामा रीतिः 'विशिष्टपदरचना' एव भवति।[७] श्लोकवाक्यस्थानां पदानां विशेषरचनाशैली एव रीतिः। इयमेव रीतिः देशविशेषानुरोधेन तत्तदेशीयविद्वत्तल्लजानां रचनाशैलीमाधारीकृत्य त्रिधा चतुर्धा वा भवति।[८] आचार्यवामनमतानुरोधे नादौ आसां विचारः प्रस्तूयते यथा--

सा तएधा वैदर्भी गौडीया पाञ्चाली चेति॥ का. सू. १/२/९

रीतेः त्रैविध्यं प्रकाशयितुं सूत्रमिदं प्रदत्तम्। वैदर्भी-गौडी-पाञ्चालीति भेदेन चेयं रीतिः त्रिधा। विदर्भ-गौड-पाञ्चालेषु तत्रत्यैः कविभिर्यथास्वरूपमुपलब्धत्वात् तत्समाख्या न पुनर्देशैः किञ्चिदुपक्रियते काव्यानाम्। अर्थात् विदर्भादिदेशीयकवीनां शैलीमाधारीकृत्यायंभेदः आविष्कृतः। तत्र वैदर्भी लक्षयितुमाह 'समग्रगुणा वैदर्भी' का. सू. १/२/११

यस्यां रचनायां समग्रगुणाः तिष्ठन्ति सा रचना तु वैदर्भी भवति।

अस्याः रीतेः लक्षणं द्रढीकरणाय आचार्येण पद्यद्वयमुपस्थापयति यथा--

अस्पृष्टा दोषमात्राभिः समग्रगुणमुम्फिता।
विपञ्चीस्वरसौभाग वैदर्भीरीतिरिष्यते॥

तामेतामेव कवयः स्तुवन्ति--

सति वक्तरि सत्यर्थे सति शब्दानुशासने।
अस्ति तत्र विना येन परिस्रवति वाङ्मधुः॥

अत्रायं सारः असाधुकष्टग्राम्यत्वादिदोषवर्जिता[९] माधुर्य-ओजः प्रसाद[१०] गुणान्विता श्रुतिमधुरा पदसंघटना वैदर्भीरीतिपदेन व्यपदिश्यते। काव्ये सर्वगुणसम्पन्ने वक्तरि स्थितेऽपि, रसवति अर्थेऽपि व्याकरणशुद्धपदेषु स्थितेष्वपि यां विना काव्यमधु न सरति सा एव विद्वद्भिः स्वीकृता वैदर्भी। अस्याः उदाहरणं यथा कालिदासीयशकुन्तलापद्यम्--

गाहन्तां महिषा निपानसलिलं शृङ्गैर्मुहुस्ताडितं
छायाबद्धकदम्बकं मृगकुलं रोमन्थमभ्यस्यतु।
विस्रब्धं कुरुतां वराहवितति र्मुस्ताक्षतिं पल्वले
विश्रान्तिं लभतामिदं च शिथिलज्याबन्धमस्मद्धनुः॥[११]

वामनोक्ताः गुणाः श्लोकवाक्येऽस्मिन् परां प्रतिष्ठां लभन्ते यथा--

१. छायाबद्धकदम्बकम्, शिथिलज्याबन्धम्, इत्यत्र बन्धस्य गाढत्वात् ओजः।

२. छायाबद्धकदम्बकम् मृगकुलम्-इत्यत्र बन्धम्, इत्यत्र

३. महिषा निपानसलिलम्-इत्यत्र मसृणत्वात् श्लेषः।

४. 'गाहन्ताम्' इत्यत्र आरोह।

महिषाः इत्यत्र अवरोहः।

अनेनैव प्रकारेणान्यत्रापि आरोहावरोहक्रमस्फुरणात् समाधिः।

६. 'शृङ्गैर्मुहुस्ताडितम्'-इति पृथक्पदत्वात् माधुर्यम्।

७. 'रोमन्थनमभ्यस्यतु'-इत्यादौ बन्धस्य अजरठत्वात् सौकुमार्यम्।

८. शिथिलज्याबन्धमस्मद्धनुः--इत्यत्र बन्धस्य विकटत्वादुदारता।

९. पदानामुज्ज्वलत्वात् कान्तिः।

१०. अर्थाभिव्यक्तिहेतुत्वात् अर्थव्यक्तिः।

विशिष्टपदरचना एव रीतिः कथ्यते। तत्र विशेषनाम गुणात्मा। सर्वे गुणाः यदि आत्मत्वेन तिष्ठन्ति सा एव रीति प्रमुखा भवति। अत्र सर्वे दशगुणाः (वामनोक्ताः) सम्यक्तया प्रतिष्ठिता अतः वैदर्भी रीतिः। वैदर्भीरीतिमाधारीकृत्य कालिदासस्य रचना प्रवर्तिता, अतः उच्यते-वैदर्भीरीतिसन्दर्भे कालिदासः प्रगल्भते। वानमेनात्र कालिदासकृतनाटकस्योदाहरणमुपन्यस्तम्। रीतिषु वैदर्भी एव मुख्या। सा समासरहिता यदा दृश्यते तदा शुद्धवैदर्भी कथ्यते। उक्तं यथा--'साऽपि समासाभावे शुद्धवैदर्भी' का. सू. १/२/१९

वैदर्भीरीति अर्थगुणसम्पद आस्वादयति। रसवर्षणे च सहायिका भवति। वैदर्भ्याः महत्त्वं प्रतिपादयितुं वानमेन श्लोकद्वयं प्रदत्तं यथा--

किन्त्वस्ति काचिदपरैव पदानुपूर्वी
यस्यां न किञ्चिदपि किञ्चिदिवावभाति।
आनन्दयत्यथ च कर्णपथं प्रयाता
चेतः सताममृतवृष्टिरिव प्रविष्टा॥

अर्थात् वैदर्भ्याः स्फुरणमात्रेण असद्वस्तु अपि सद्वस्तु इव प्रत्यक्षं भवति। कर्णपथामागत्य सहृदयानां हृदये रसवृष्टिं करोति।

अपि च--

वचसि यमधिगम्य स्यन्दते वाचकश्री-
र्वितथमविथत्वं यत्र वस्तु प्रयाति।
उदयति हि स तादृक् क्वापि वैदर्भीरीतौ
सहृदयहृदयानां रञ्जकः कोऽपि पाकः॥"

अर्थात् काव्यात्मकवाक्ये यस्याः प्रभावेण अर्थसम्पत् रसवर्षणं करोति नीरसं वस्तु सरसं विदधाति सा एव वैदर्भी। अस्यां तादृशो व्यञ्जकः शब्दपाकः" उदेति यस्तु सहृदयानां मोददायको भवति।

वैदर्भीमतिरिच्य गौडीपाञ्चालीति रीतिद्वयमपि अस्ति। यत्र ओजः कान्तिश्च गुणौ तिष्ठतः तत्र गौडीया नाम रीतिः। माधुर्यसौकुमार्ययोरभावात् समासवहुलेयं रीतिः अत्युद्भटानि पदानि आदृत्य तिष्ठति अर्थात् समासबहुला विकटबन्धना रीतिरेव गौडीया। सा च गौडदेशीयकवीनां प्रियतरा भवति।

श्लोकेनोक्तमेतदेव वामनेन--

समस्तात्युद्भटपदामोजःकान्ति गुणान्विताम्।
गौडीयामिति गायन्ति रीतिं रीतिविचक्षणाः॥

सूत्रं च भवति--औजःकान्तिमती गौडीया॥ का. सू. १/२/१२

उदाहरणं यथा--

दोर्दण्डाञ्चितचन्द्रशेखरधनुर्दण्डावभङ्गोद्यत--
ष्टङ्कारध्वनिरार्यबालचरितप्रस्तावनाडिण्डिमः।
द्राक्पर्यस्तकपालसम्पुटमितब्रह्माण्डभाण्डोदर-
भ्राम्यत्पिण्डितचण्डिमा कथमहो नाद्यापि विश्राम्यति॥[१४]

श्लोकोऽयं महावीरचरितस्य (१/५४)। अत्र बन्धस्य गाढोज्ज्वलयोरुत्कटत्वात् उल्वणावोजः कान्तिगुणौ। समासभूयस्त्वमेव अस्याः रचनाया गौडीयां रीतिं प्रकाशयति।

तृतीया रीतिस्तु पाञ्चाली। एनांसूत्रयता आचार्येण प्राह--माधुर्यसौकुमार्योपपन्ना पाञ्चाली।

का. सू. १/२/१३

अर्थात् माधुर्येण सौकुमार्येण च गुणेनोपपन्ना पाञ्चाली नाम रीतिः। ओजःकान्तिगुणयोः अभावात् अत्युत्कटपदानामपि अभावः। श्लोकेन तदेव ब्रूते--

आशिलष्टश्लथभावां तां पूरणच्छाययाश्रिताम्।
मधुरां सुकुमारां च पाञ्चालीं कवयो विदुः॥[१५]

उदाहरणं यथा--

ग्रामेऽस्मिन् पथिकाय नैव वसतिः पान्थाऽधुना दीयते
रात्रावत्र विहारमण्डपतले पान्थः प्रसुप्तो युवा।

तेनोत्थाय चलेन मर्जति घने स्मृत्वा प्रियां तत् कृतं
येनाऽद्यपि करङ्कदण्डपतनाशङ्की जनस्तिष्ठति॥[१६]

अत्र समासरहिता सुकुमारपदयुक्ता संघटना तत्क्षणादर्थबोधने क्षमाऽस्ति। एतासु सुकवयः वैदर्भीमेवाश्रित्य काव्यमार्गे गच्छेयुः। यतः वैदर्भ्यामेव सर्वे गुणाः निरवच्छिन्नतया स्थित्वा रसपुष्टये सहायकाः भवन्ति। अन्यत्र गौडीपाञ्चाल्योः स्तोकतया गुणाः तिष्ठन्ति येन काव्ये छायातिशयं पोषयितुं ते रीती समर्थे न भवतः। केषाञ्चित् मतानुसारेण आदौ पाञ्चालीगौडीययोः रचना विधाय ततः वैदर्भ्यां यत्नः करणीयः। वैदर्भ्यामारोहणार्थमेते अभ्यासकारिके स्तः। किन्तु वामनः तत्र अरुचिं प्रदर्श्य वदति 'न शणसूत्रवानाभ्यासे त्रसरसूत्रवानवैचित्यलाभः।' का. सू. १/२/१८

अर्थात् न कोऽपि तन्तुवायः सूक्ष्मतन्तुवानकौशलसिद्धये गौणीवानाभ्यासं करोति। त्रसरसूत्रकार्याय शणसूत्रकार्ये अभ्यासः असमीचीनः एव। न वा कोऽपि राजपुत्रः अश्वारोहणशिक्षणाय आदौ मेषारोहणं करोति। तथाहि पाञ्चालीगौडीरीत्योः सकलगुणावस्थानादर्शनात् वैदर्भ्यामेव यत्नः करणीयः।

इयं रीतिः ध्वन्यालोककारेणानन्दवर्द्धनाचार्येणापि संघटनापदेन पर्यालोचिता। संघटनया असंलक्ष्यक्रमव्यङ्ग्यः ध्वनिः भासते। अतः संघटनाचर्चा तृतीयोद्द्योते विहिता। तस्य मतेन संघटना त्रिधा भवति यथा--असमासा, मध्यमसमासा, दीर्घसमासा च। देशाविशेमाश्रित्य नामकरणे स्वारुचिं प्रकटयन् रचनावैचित्र्यमाधरीकृत्यालोचना कृता उक्तं च तेन--

असमासा समासेन मध्यमेन च भूषिता।
तथा दीर्घसमासेति त्रिधा संघटनोदिता॥ ध्वन्यालोकः ३/५

एताः तिस्रः संघटनाः गुणान् आश्रित्य काव्ये तिष्ठन्ति अपि च रसान् व्यञ्जयन्ति। प्रायशः पूर्वोक्तासु तिसृषु रीतिसु आसां भेदोऽपि समान अस्ति। तत्रापि समासरहितरचना समासयुक्तरचना--स्वल्पसमासरचनाकृते वैदर्भीगौडीपाञ्चालीरीतयः विविक्ताः। किन्तु ध्वनिकारः गुणरीतिमध्ये भिन्नत्वमस्ति अथवा एकत्वमस्तीति विचारयितुं भट्टोद्भट्टादीनां मतानि समीक्षते। तत्र पक्षत्रयमुपस्थापितं यथा--[१७]

१. गुणसंघटनयोः ऐक्यं व्यतिरेको वा?

२. व्यतिरेकपक्षे गुणाश्रितसंघटना?

३. अथवा संघटनाश्रितगुणाः?

तत्र विचार्यते गुणान् आश्रित्य संघटना तिष्ठतीति कथनात् अनयोः ऐक्यं न सम्भवति। अपि च यदि गुणा संघटना चेत्येकं तत्त्वं संघटनाश्रया वा गुणाः तदा संघटनाया इव गुणानाम् अनियतप्रसङ्गः स्यात्। गुणास्तु रसानां नित्यधर्माः। यथा करुणविप्रलम्भशृङ्गारविषये माधुर्यप्रसादप्रकर्षः, रौद्राद्भूतादिरसेषु ओजोगुणस्य प्रकर्षः इति नियमः स्थिरीकृतः। अन्यथा रसनिष्पत्तौ व्याघातः सम्भवेत। किन्तु संघटनायास्तु नियतविषयत्वं नावलोक्यते। यथा शृङ्गारेऽपि दीर्घसमाससंघटनाः, रौद्रादिषु असमासंघटनाः दृश्यन्ते। शृङ्गारे दीर्घसमासा

संघटना यथा--

अनवरतनयनजललवनिपतनपरिमुषितपत्रलेखं ते।
करतलनिषण्णमवले वदनमिदं कं न तापयति॥[१८]

रौद्रादिषु असमासा संघटना यथा--

रौद्रादिषु असमासा संघटना यथा--

योयः शास्त्रं बिभर्त्ति स्वभुजगुरुमदः पाण्डवीनां चमूनां।[१९]

अतः गुणाः न संघटनास्वरूपाः न वा संघटनाश्रया गुणाः। अतएव शङ्का भवति यदि संघटना गुणानामाश्रयः न स्यात तर्हि तेषाम् आश्रयः कः ? तत्तु प्रतिपादितं यथा गुणाः अङ्गिनं रसादिरूपमर्थवलम्ब्य तिष्ठन्ति ते आत्मधर्माः। अलङ्कारास्तु शब्दार्थशरीरस्य धर्माः अतः वाच्यवाचकाश्रयाः भवन्ति। यथा--

तमर्थमलवम्बन्ते येऽङ्गिनं ते गुणा स्मृताः।
अङ्गाश्रितास्त्वलङ्काराः मन्तव्याः कटकादिवत्॥ ध्वन्यालोकः २/६

यदि गुणानां शब्दधर्मत्वं कैश्चित् परिकल्प्यते तथापि अनुप्रसादीनामिव माधुर्यादयः न भवन्ति। अनुप्रसादयः अनपेक्षितार्थशब्दधर्माः माधुर्यादयस्तु व्यङ्ग्यविशेषावभासितवाच्यप्रतिपादनसमर्थशब्दधर्माः शौर्यादीनामिव माधुर्यादयः आत्माश्रयत्वेऽपि शरीराश्रयत्वमुपचारात्। किन्तु गुणाश्रयसंघटनापक्षं स्वीकृत्य आनन्दवर्द्धनः ब्रूते--'तस्याश्च रसाभिव्यक्तिनिमित्तभूताया योऽयमनन्तरोक्तो नियमहेतुः स एव गुणानां नियतो विषय इति गुणाश्रयेण व्यवस्थानमपि अविरुद्धम्।''[२०]

संघटनायाः नियामकत्वेन वक्तृ-वाच्य-विषयाश्रितमोचित्यमेव अस्ति यथोक्तं तृतीयोद्योते-

तन्नियमे हेतुरौचित्यं वक्तृवाच्ययोः।
विषयाश्रयमप्यन्यदौचित्यं तां नियच्छति॥
काव्यप्रभेदाश्रयतः स्थिता भेदवती हि सा॥[२१]

संघटनानियामकौचित्यं सारतया एवं भवेत् यथा--

१. वक्ता यत्र अपगतरसभावः तदा रचनायाः कामचारः
२. वक्ता यत्र रसभावसमन्वितस्तत्र रसानुरोधेन असमासा मध्यमसमासा वा मिश्रत्वेन वा संघटना विधेया। सर्वत्र रसप्रतीतिव्यवधायकाः संघटनाः परिहर्त्तव्याः।
३. अभिनेयार्थकाव्ये करुणाविप्रलम्भशृङ्गारयोश्च विशेषतः असामासा संघटना। क्वचिन्मध्यमसमासापि न क्षतये प्रभवति।
४. रौद्रवीरादिरसे मध्यमसमासा संघटना।
५. धीरोद्धतनायकसम्बन्धे दीर्घसमाससंघटना।
६. सर्वासु संघटनासु प्सादगुणःस्यादेव। अन्यथा रसाभिव्यक्तिः न स्यात्।

७. शृङ्गाररसाभिव्यक्तमुक्तकादिषु असमासा संघटना।

८. सन्दानितकादिषु च विकटनिबन्धनौचित्यात् मध्यमसमास दीर्घसमासा च संघटने।

९. परिकथायां स्वेच्छया संघटना विधेया।

१०. गद्यबन्धे दीर्घसमासा। किन्तु शृङ्गारकरुणस्थले अतिदीर्घसमासा संघटना परिहर्त्तव्या।

११. आख्यायिकायां भूम्ना मध्यमदीर्घसमासंघटने।

१२. नाटके असमासा समीचीना किन्तु रौद्रवीरादिवर्णने मध्यमदीर्घसमासे संघटने भवितव्ये।

काव्यप्रकाशकारः आचार्यमम्मटः वामनस्य मतदूषणकाले रीतिविषयं मनाक् स्पृष्ट्वा रचनाव्यञ्जककाले संघटनां विचारयति। ध्वनिकार इव वक्तृ-वाच्य-विषयानुरोधेन संघटना विधेयेति तस्य मतम्। विशेषतः रसप्रतीतिविघातकरचना सर्वथा परिहर्त्तव्येति च तेन प्रोक्तम्। उक्तं च अष्टमोल्लासे....क्वचिद्वक्तृवाच्यानपेक्षाः प्रबन्धोचिता एव ते। तथाहि आख्यायिकायां शृङ्गारेऽपि न मसृणवर्णादयः, कथायां रौद्रेऽपि नात्यन्तमुद्धताः। नाटकादौ रौद्रेऽपि दीर्घसमासादयः। एवमन्यदपि औचित्यमनुसर्त्तव्यम्'[२२]। ततः नवमे उल्लासे उपनागरिका-परुषा-कोमलेति भेदेन वृत्तिसंज्ञया रीतयः चर्चिताः। तत्र उपनागरिका माधुर्यव्यञ्जकवर्णैः, परुषा ओजःप्रकाशकवर्णैः, कोमला ग्राम्या वा-ओजोमाधुर्यव्यञ्जकातिरिक्तैः वर्णैः सम्भवन्ति। एताः एव वामनादीनां मतेन वैदर्भी-गौडी-पाञ्चालीति रीतयः भवन्ति। यथा--केषाञ्चिदेता वैदर्भीप्रमुखा रीतयो मताः।

आचार्यमम्मटस्य मतेन एताः वृत्तयः अनुप्रासस्य अङ्गभूताः।[२३]

रीतिप्रङ्गे साहित्यदर्पणकारस्य मतमपि काव्यप्रकाशादीनामिव। सोऽपि रीतित्रयं स्वीकृत्य लाटीति नवीनां रीतिं स्वीकरोति। अतः तस्य मतेन चतस्रः रीतयः स्युः।

अस्याः संघटनायाः बहुप्रकारता आचार्यान्तरैस्स्वीकृता। यथा--शारदातनयेन षड्विधा रीतयः स्वीकृताः यथा--वैदर्भी, गौडी, पाञ्चाली, लाटी, सौराष्ट्री, द्राविडी। सरस्वतीकण्ठाभरणे भोजराजेन आवन्तिका--माधधीति द्वे स्वीकृत्य षड्विधानां रीतीनां विचारः कृतः। संघटनानतिरिक्तरीतयः गुणस्य व्यञ्जकाः न तु काव्यात्मभूतरसस्य इति आलङ्कारिकसिद्धान्तः। अतः ध्वनिमार्गे संघटना रीतिर्वा शरीरधर्मत्वेन सीमिता। यत्तु वामनेन काव्याङ्गित्वेन अस्याः स्वीकारः कृतस्तत्तु तस्य प्रगल्भमतिता। उक्तं च ध्वनिकृता--

अस्फुटस्फुरितं काव्यतत्त्वमेतद् यथोदितम्।
अशक्नुवद्भिर्व्याकर्त्तुं रीतयः सम्प्रवर्त्तिताः॥

अनेन ध्वनिकारसिद्धान्तेन रीतीनां काव्यधर्मत्वमेव सहृदयग्राह्यमिति स्पष्टीभवति। दण्डिनाऽपि गुणाभिव्यञ्जकत्वेन गुणस्य आत्मत्वेन वा यदुक्तं तदेव समीचीनं प्रतिभाति। यथो रीतिः गुणानां आत्मभूता, गुणास्तु रसस्य व्यञ्जकाः इति ध्वनिमार्गानुसारिविचारः प्रचलति। अत्रायं निष्कर्षः रीतिः संघटना वा काव्यात्मभूतरसस्य उपकारिका धर्मभूता वा। तत्र यत्नवान् कविः ध्वनिकाव्ये प्रवृत्तस्सन् यशोभाग्भवतीत्यलं पल्लवितेन।

पादटीका

१। चतुर्वर्गफलाप्राप्तिः सुखात् स्वल्पधियामपि। साहित्यदर्पणे-१/२

२। सत्त्वोद्रेकादखण्डस्वप्रकाशानन्दचिन्मयः।
वेद्यान्तरस्पर्शशून्यो ब्रह्मानन्दसहोदरः॥ साहित्यदर्पणे-३/२

३। ध्वन्यालोके-४/१७

४। तत्रैव-१/१७

५। तत्रैव-१

६। काव्यालङ्कारसूत्रे वामनः-१/१/२

७। तत्रैव-१/२/७

८। काव्यशास्त्रविमर्शः-पृ-४१२

९। काव्यप्रकाशे सप्तमोल्लासे

१०। तत्रैव अष्टमोल्लासे

११। शाकुन्तले-२/६

१२। काव्यालङ्कारसूत्रे-१/२/२१

१३। तत्रैव-१/२/२१

१४। तत्रैव-१/२/१२

१५। तत्रैव-१/२/३

१६। तत्रैव-१/२/१३

१७। ध्वन्यालोके तृतीयोद्योते

१८। तत्रैव-पृ-३४०

१९। वेणीसंहारे १

२०। ध्वन्यालोके तृतीयोद्योते

२१। तत्रैव-३/६/७

२२। काव्यप्रकाशे-९

२३। तत्रैव-९

२४। वर्णरचनाविशेषाणां माधुर्यादिगुणाभिव्यञ्जकत्वमेव न रसाभिव्यञ्जकत्वम्॥ रसगङ्गाधरे-प्रथमानने॥

२५। ध्वन्यालोके-३/४७

सन्दर्भग्रन्थाः

१। वामनकृतं काव्यालङ्कारसूत्रम्। प्रकाशकः - चौखम्बासुरभारतीप्रकाशनम्, वाराणसी, प्रकाशकालः-२००२

२। आनन्दवर्धनकृतः ध्वन्यालोकः। प्रकाशकः चौखम्बासंस्कृतसिरिज अफिस, वाराणसी, प्रकाशकालः-२००२

३। मम्मटकृतः काव्यप्रकाशः। प्रकाशकः- भण्डारकरप्राच्यविद्यागवेषणाकेन्द्रम् कालः-१९८३

৪। কবিরাজবিশ্বনাথকৃতঃ সাহিত্যদর্পণঃ। প্রকাশকঃ চৌখম্বাসংস্কৃতসিরিজ অফিস, বারাণসী, প্রকাশকালঃ-১৯৯৯

৫। কৃষ্ণকুমারকৃতঃ কাব্যশাস্ত্রবিমর্শঃ। প্রকাশকঃ-মযঙ্ক প্রকাশনম্, হরিদ্বারম্। কালঃ-১৯৯৯

৬। জগদীশচন্দ্রমিশ্রকৃতঃ অলঙ্কারশাস্ত্রস্যেতিহাসঃ। প্রকাশকঃ-চৌখম্বা সংস্কৃত প্রতিষ্ঠানম্, বারাণসী। কালঃ-১৯৯৯

৩। ডা. বুদ্ধেশ্বরপড়্গিকৃতা সাহিত্যসুধা। প্রকাশকঃ- বেনারস মার্কেণ্টাই কম্পানি, কলকাতা-০৬, কালঃ-২০১৩

৮। Coperative Aesthetics, Indian & Western, Ramaranjan Mukherji, Publisher Sanskrit Pustak Bhandar, Kolkata.

৭। History of Sanskrit Poetics, S.K. De, Publishers : Firma Klm Pvt. Ltd., Kolkata-1988.

# কথাচ্ছলে শত্রুর স্বরূপোদ্‌ঘাটন ও তার সংহারের উপায় ঃ নীতিশাস্ত্রাত্মক সমীক্ষা

দেবদাস মণ্ডল

পরিবার পরিজনের সঙ্গে শত্রুরহিত ভাবে সুখে-শান্তিতে জীবন যাপন করার বাসনা আমাদের প্রত্যেকেরই থাকে। কিন্তু শত্রু ছাড়া জীবন অতিবাহিত করা প্রায় অসম্ভব। কেননা, আমাদের পদে পদে সামনে পিছনে ঘরে বাইরে জলে স্থলে সর্বত্র নানা প্রকার শত্রু বিদ্যমান। মহাভারত-পুরাণের বর্ণনা থেকে পাওয়া যায় সত্যযুগে অর্থাৎ সৃষ্টির প্রথম লগ্নে মানুষের মনে কোন হিংসা, লোভ প্রভৃতি ছিল না, কেউ কারো শত্রু ছিল না। ফলতঃ সেখানে রাজা, রাজ্য, দণ্ড বা দণ্ডযোগ্য ব্যক্তির কোন অস্তিত্বও ছিল না। তখন আপদে বিপদে একপ্রকার ধর্মকে অবলম্বন করে সকলে পরস্পরকে রক্ষা করত।[১] তারপর ক্রমশঃ মানুষের চিত্তের বিকার উপস্থিত হওয়ায় ন্যায়বুদ্ধি লোপ পেতে থাকে, ক্রমে ক্রমে লোভ ও মোহের বশবর্তী হলে সমস্ত নীতি ধর্ম বিনষ্ট হয়ে যায়। এভাবে কাম, ক্রোধ, লোভ, ঈর্ষ্যাদির বশে কর্তব্যাকর্তব্য বিচারবুদ্ধি ভুলে অন্যায় ভাবে অলব্ধকে লাভ করার যে বাসনা মানুষের মনে উদয় হয় তার থেকেই জন্ম হয় বৈরভাবের। তাই একজন বা এক গোষ্ঠী যখন একটু সুখে-শান্তিতে থাকতে চেয়েছে তখন অন্য জন বা অন্য গোষ্ঠী জোরপূর্বক নিজের অদম্য ভোগ বাসনা চরিতার্থ করতে অপরের সুখ-সমৃদ্ধিতে ব্যাঘাত ঘটিয়েছে। এভাবেই ব্যক্তিতে ব্যক্তিতে, গোষ্ঠীতে গোষ্ঠীতে, নেতায় নেতায় অথবা রাজায় রাজায় পরস্পর দ্বন্দ্ব, সংঘাত, চরম আকার ধারণ করেছে।

বৈদিক কালে আর্য-ঋষিরা শত্রুর থেকে রক্ষা পাওয়ার জন্য যজ্ঞে কখনো অগ্নি কখনো বা ইন্দ্রাদির দেবতার সহায় প্রার্থনা করেছেন। প্রকৃতির প্রতিকূলতা কিম্বা বন্য হিংস্র ভয়ঙ্কর জন্তুদের থেকে রক্ষা পেতে মানুষ প্রয়োজনে দল বেঁধে ছিল। দলবদ্ধ জীবনে সেদিন হিংস্র জন্তুদের স্বভাব বা ভয়ঙ্করতা বুঝে তাদের

প্রতিরোধ সম্ভবপর হলেও ভদ্রবেশী সাধারণ মানুষের ভয়ঙ্কর আচরণ বোঝা ও সহ্য করা অতি দুর্বিগহ ব্যাপার হয়ে পড়ে। সময় পরিবর্তিত হলেও পরিবর্তন হয়নি মানুষের সেই পাশবিক প্রবৃত্তির। তাইতো আজও মানুষে মানুষে এত হিংসা-বিদ্বেষ, হানাহানি অহরহ ঘটেই চলেছে। অতএব শত্রুসঙ্কুল এই জগতে শত্রু মিত্র নিরূপণ করা, তার স্বরূপ অবগত হওয়া অথবা শত্রুর থেকে সতর্ক থাকা বা শত্রু-সংহার সম্পর্কিত আলোচনা অতি প্রাসঙ্গিক।

যারা সাধারণতঃ আমাদের উদ্দেশ্যের প্রতিবন্ধকতা সৃষ্টি করে বা প্রতিকূল আচরণ করে তাদের বলা হয় শত্রু। শত্রু যে কেবল প্রাণ হননকারী হবে তা নয়, বিভিন্ন রকম শারীরিক বা মানসিক ভাবে অত্যাচার বা নিপীড়নের দ্বারা যারা জীবনকে জর্জরিত করে তোলে তারাও শত্রুপদবাচ্য। কাম, ক্রোধ, লোভ, হর্ষ, মান এবং মদ (গর্ব) এরা হল আমাদের সহজাত শত্রু। আর এই সহজাত অরিষড়্‌বর্গের বশবর্তী হয়ে যখন একজন অন্যের বিষয়ের প্রতি আকৃষ্ট হয় বা একে অন্যের অনিষ্ট বা ক্ষতির কারণ হয় কিম্বা একে অন্যের ঈপ্সিত বিষয়াদি লাভের অন্তরায় হয়ে দাঁড়ায় তখন অন্যের ব্যাঘাত সৃষ্টিকারী এই ব্যক্তিকেই শত্রু হিসাবে বিবেচনা করা হয়। **কামন্দকীয়নীতিসারে** বলা হয়েছে একই বিষয়ের প্রতি পরস্পরের আগ্রহ বা অভিলাষ যাদের বিদ্যমান তারা হল পরস্পর শত্রু।[4] **অমরকোষে** স্বদেশের অব্যবহিত দেশের রাজাকে বিজিগীষুর শত্রু বলা হয়েছে।[5] রাজমন্ডলে বিজিগীষু রাজার রাজ্যের অনন্তর অবস্থিত রাজ্যের রাজাকে শত্রুস্থানীয় ধরা হয়। শত্রুর পরবর্তী রাজা বিজিগীষুর মিত্র। এরূপ একান্তরিত ভাবে বিজিগীষুর সম্মুখস্থিত ও পশ্চাৎস্থিত রাজাদের মধ্যে শত্রু বা শত্রুর মিত্রস্থানীয় রাজারা অর্থাৎ অরি, অরিমিত্র, অরিমিত্রমিত্র এবং পার্ষ্ণিগ্রাহ, পার্ষ্ণিগ্রাহাসার রাজারা বিজিগীষুর শত্রুস্থানীয় রাজা অথবা প্রাকৃত শত্রু হিসাবে বিবেচিত হয়েছে।[6] **যাজ্ঞবল্ক্য-সংহিতার** মিতাক্ষরাটীকায় তিন প্রকার শত্রুর উল্লেখ করা হয়েছে সহজ শত্রু, কৃত্রিম শত্রু এবং প্রাকৃত শত্রু। পিতৃব্য ও তার পুত্রাদি হল সহজ শত্রু। কৃত্রিম শত্রু হল যার পূর্বে অপকার করা হয়েছে বা যে পূর্বে বিজিগীষু রাজার অপকার করেছে। আর যিনি বিজিগীষুর অব্যবহিত পরবর্তী দেশের অধিপতি তাকে বলা হয় প্রাকৃতশত্রু। সহজ, কৃত্রিম এবং প্রাকৃত তিন প্রকার শত্রুকে পুনরায় যাতব্য, উচ্ছেত্তব্য, পীড়নীয় এবং কর্শনীয় ভেদে চার প্রকার।[7] **অর্থশাস্ত্রে** সহজ ও কৃত্রিম ভেদে শত্রু দুই প্রকার। কামন্দকমতে সহজ ও কার্যজ ভেদে শত্রু দ্বিবিধ।[8] **অর্থশাস্ত্র** এবং **কামন্দকীয়-নীতিসারে** জন্মগত ও কারণগত ভেদে দুই প্রকার শত্রু স্বীকার করা হয়েছে **পঞ্চতন্ত্রে**।[9] বিশেষ কোন কারণের দ্বারা উৎপন্ন যে শত্রু সে হল কৃত্রিম শত্রু। আর স্বাভাবিক ভাবে সৃষ্ট শত্রু হল জন্মগত বা সহজশত্রু। তবে **অর্থশাস্ত্রে** নিজভূমির একান্তরস্থিত রাজা বা স্ববংশভূতকে সহজশত্রু বা প্রাকৃত শত্রু এবং **কামন্দকীয়-নীতিতে** স্বকুলোৎপন্নকে সহজ শত্রু বলা হয়েছে কিন্তু **পঞ্চতন্ত্রে** স্বাভাবিক ভাবে উৎপন্ন অর্থাৎ জন্মগত ভাবে উৎপন্ন কিন্তু স্ববংশভূত বা রাজ্যান্তরস্থিত নয় এমন শত্রুকে সহজ শত্রু বলা হয়েছে। কারণের দ্বারা সৃষ্ট কৃত্রিম শত্রুতা পাল্টা উপকারের দ্বারা নিরসন হয়। কিন্তু স্বভাবগত বা জন্মগত শত্রুতা কিছুতেই নিরসন হয় না। কৃত্রিম অর্থাৎ বিশেষ বিশেষ কারণের দ্বারা উৎপন্ন শত্রুতার উদাহরণ হল **পঞ্চতন্ত্রে**—কাক ও উলূকের শত্রুতা, দমনকের সঙ্গে সঞ্জীবকের শত্রুতা, **হিতোপদেশে** হিরণ্যগর্ভের সঙ্গে চিত্রবর্ণের শত্রুতা। স্বভাবগত শত্রুতার উদাহরণ প্রসঙ্গে পঞ্চতন্ত্রে বলা হয়েছে সাপ ও নেউল, তৃণভোজীও নখায়ুধের, জল ও আগুনের, দেবতা ও দৈত্যের, বড়োলোক আর গরীবের, সিংহ ও হাতির, ব্যাধ ও হরিণের, সদাচারী ও ভ্রষ্টচারীর, মূর্খ ও পন্ডিতের, পতিব্রতা ও অসতীর, সজ্জন ও দুর্জনের মধ্যে যে শত্রুতা তা হল সহজাত শত্রুতা। কামন্দক মতে সুখশ্ছেদ্য ও দুশ্ছেদ্য ভেদে শত্রু দ্বিবিধ। শত্রু যদি বিজিগীষুর মত সমগুণ সম্পন্ন হয় তাহলে তাকে সহজে উচ্ছেদ করা

সম্ভব হয় না তাই তাকে বলে দারুণ শত্রু বা দুশ্ছেদ্য শত্রু।[৮] দুশ্ছেদ্য শত্রু প্রসঙ্গে **পঞ্চতন্ত্রে** বলা হয়েছে—শত্রু যদি হয় সত্য ধনে ধনী, ধার্মিক, মহৎ, উদার, চরিত্রবান, অনেক আত্মীয় পরিজন সমন্বিত, বলশালী যুবক এবং বহু যুদ্ধের নায়ক, তাকে সহজে পরাজিত করা সম্ভব নয়।[৯] আর অতিনিষ্ঠুর, লোভী, অলস, মিথ্যাবাদী, অসাবধান, ভীরু, অস্থির, মূঢ় এবং যোদ্ধাদের অবমাননাকারী শত্রুকে সহজে বিনাশ করা যায় বলে এই শত্রুদের সুখশ্ছেদ্য শত্রু বলা হয়।[১০] **পঞ্চতন্ত্রোক্ত** সুখশ্ছেদ্য শত্রুর স্বরূপের উল্লেখ আছে **কামন্দকীয়-নীতিসারে**।[১১] বস্তুত, শত্রু যে প্রকার হোক না কেন, শত্রু মাত্রই হল ক্ষতিকারক, তাই সর্বপ্রকার শত্রু থেকে সর্বদা দূরে এবং সতর্ক থাকা প্রয়োজন। **পঞ্চতন্ত্রের** 'মিত্রপ্রাপ্তি' তন্ত্রে দেখা যায় হিরণ্যক নামে মূষকরাজের সঙ্গে লঘুপতনক নামে বায়স যখন অযাচিতভাবে মিত্রতা করতে এসেছে তখন হিরণ্যক সেই মিত্রতা চায়নি। কেননা, হিরণ্যকের মতে লঘুপতনক কাক হল মূষিকের সহজাত শত্রু। অতএব সুঘটিত উপায় বিশিষ্ট হলেও সহজাত শত্রুর সঙ্গে কখনো বন্ধুত্ব করা উচিত নয়।[১২] হিরণ্যকের বক্তব্যের পরিপ্রেক্ষিতে বায়স বলে —বায়স মাত্রই যে ইঁদুরের শত্রু হবে তা সর্বদা সত্য নয়। কেননা, কারো সঙ্গে কারো শত্রুতা বা মৈত্রী এমনিতেই হয় না, কারণে মিত্রতা, কারণে শত্রুতা জন্মায়।[১৩] **পঞ্চতন্ত্রে** বায়সোক্ত মতের প্রতিধ্বনি শোনা যায় **মহাভারতের** কণিকনীতিতে। নীতিবিদ কণিকের মতেও জাতির দ্বারা কেউ কারো শত্রু বা মিত্র হয় না, ব্যবহারের দ্বারাই শত্রু বা মিত্রতা হয়ে থাকে।[১৪] অতএব সে (বায়স) যদি হিরণ্যক নামে মূষকের সঙ্গে শপথপূর্বক সন্ধি বা মিত্রতা করতে চায় তাহলে তাতে কোন দোষ হয় না। তদুত্তরে হিরণ্যক বলেছে বায়সোক্ত কণিকনীতির কথা তারও অজানা নয়। তবে শত্রু কোন শপথ করলেই তাকে যে বিশ্বাস করতে হবে এমন কোন বাধ্যবাধকতা নেই। কারণ শপথ করে সন্ধিকারী শত্রুও অনেক সময় অবিশ্বাসের পাত্র হয়ে থাকে। অতএব শত্রুর সঙ্গে যতই সন্ধি করা হোক বা শত্রু যতই শপথ করুক তাকে কখনো বিশ্বাস করা যায় না। **কামন্দকীয়নীতিসারে** বলা হয়েছে বিশ্বাসীকেও অতি বিশ্বাস করা উচিত নয়। ব্যবহার অনুযায়ী বিশ্বাস করতে হয়। **কামন্দকীয়নীতি** অনুসরণ করে পঞ্চতন্ত্রে রাজনীতি কুশল হিরণ্যকও বলেছে—নিজের সুখ, সমৃদ্ধি আয়ু লাভে ইচ্ছুক বিচক্ষণ ব্যক্তির স্বয়ং বৃহস্পতিকেও বিশ্বাস করা উচিত নয়।[১৫] কারণ অদ্রোহ শপথ করেই ইন্দ্র বৃত্রকে যেমন হত্যা করেন, তেমনি শপথ পূর্বক বিশ্বাস অর্জন করে ইন্দ্র দিতির উদর বিদীর্ণ করেছিলেন।[১৬] এভাবে দেবতারাও বিশ্বাস অর্জন ছাড়া কখনোই শত্রু অসুরদের জয় করতে সমর্থ হতেন না। শত্রুর নিকট বিজিগীষুর দুর্বলতা কখনোই প্রকাশ করা উচিত নয়। কারণ বানের জল যেমন ছোট ছিদ্র দিয়ে নৌকার ভেতরে ক্রমশঃ প্রবেশ করতে করতে এক সময় সমগ্র নৌকাকে ডুবিয়ে দেয়, তেমনি অতি সূক্ষ্ম ছিদ্র দিয়ে শত্রু ভেতরে প্রবেশ করলে সেই ব্যক্তিকেও সবংশে ধ্বংস করে দেয়। মহাভারতে বলা হয়েছে অবিশ্বাসীর প্রতি বিশ্বাস করা বা বিশ্বাসীর প্রতিও অতিবিশ্বাস করা উচিত নয়। কারণ বিশ্বাস থেকে উৎপন্ন ভয় বিশ্বাসকারীর মূলোচ্ছেদ করে থাকে।[১৭] মহাভারতোক্ত বক্তব্যের প্রতিধ্বনি শোনা যায় **পঞ্চতন্ত্রে** মূষকরাজ হিরণ্যকের বক্তব্যে।[১৮] যে ব্যক্তি কাউকে বিশ্বাস করে না, সে যদি দুর্বলও হয় তাহলে প্রচণ্ড বলবানও তাকে ধ্বংস করতে পারে না। কিন্তু শত্রুকে বিশ্বাস করলে বলবানও দুর্বলের দ্বারা ধ্বংসপ্রাপ্ত হন। অতএব ধনবান বা বলশালী যতই হোক না কেন শত্রুর বিশ্বাসকারী ব্যক্তির পতন অনিবার্য। সেজন্য পরীক্ষা না করে কাউকে বিন্দুমাত্র বিশ্বাস করা উচিত নয়। বিশ্বাস না করে বরং বিভিন্ন প্রকার ছলা কলার আশ্রয় নিয়ে শত্রুর বিশ্বস্ত হয়ে উপযুক্ত সুযোগ বুঝে বলশালী হওয়ার আগেই শত্রুকে বিনাশ করা উচিত। শত্রুকে নির্মূল করতে কণিক বলেছেন যে, শত্রুকে নাগালে পাওয়ার পর বহু কাকুতি মিনতি করলেও শত্রুকে না ছেড়ে সর্বদা বধ করাই শ্রেয়। শুধু তাই নয় পূর্বাপকারী শত্রুর বধেও কখনো দুঃখ করা উচিত নয়। ঋণের,

অগ্নির ও শত্রুর শেষ ক্রমশঃ বাড়তে থাকে এবং তারা পরবর্তী কালে তীব্র ভয়ের কারণ হয়ে দাঁড়ায়।[১০] কণিকোক্ত নীতি অনুসারে **পঞ্চতন্ত্রেও** বলা হয়েছে যে, জন্মমাত্র শত্রু কিম্বা ব্যাধিকে নির্মূল না করলে তারা অসম্ভব বলশালী হয়ে পরবর্তী কালে বিনাশের কারণ হয়।।[১১] **পঞ্চতন্ত্রের** 'কাকোলুকীয়'ভাগে দেখা যায় শত্রু পক্ষীয় মন্ত্রী স্থিরজীবীকে একাকী অসহায় অবস্থায় পেয়ে পেচকরাজ অরিমর্দনের বিশ্বস্ত রাজনীতিজ্ঞ মন্ত্রী রক্তাক্ষ তাকে নির্বিচারে হত্যা করার পরামর্শ দেয়।—'দেব কিমত্র চিন্ত্যতে। অবিচারিতমেবাং হন্তব্যঃ'। রক্তাক্ষের মতে শত্রুকে নাগালের মধ্যে পেয়ে বলবান হওয়ার আগে তাকে হত্যা না করলে কালান্তরে সে নিজের পৌরুষ বা শক্তি অর্জন করলে তার সঙ্গে পেরে ওঠা দুষ্কর হয়।[১১] কিন্তু মন্ত্রী রক্তাক্ষের এই উপদেশ না শুনে পেচকরাজ অরিমর্দন অন্য চার মন্ত্রীর পরামর্শ মেনে শত্রু পক্ষীয় মন্ত্রী স্থিরজীবীকে প্রাণে না মেরে নিজদুর্গে আশ্রয় দেয়। যার পরিণতি স্বরূপ সেই স্থিরজীবীকৃত কৌশলেই পেচকরাজ অরিমর্দন সহ সকল পেঁচা সমূলে বিনষ্ট হয়। **পঞ্চতন্ত্রে** বলা হয়েছে নিষ্ঠুর, লোভী এবং অধার্মিক শত্রুর সঙ্গে কখনোই সন্ধি বা মিত্রতা করা উচিত নয়—''তত্ ত্বয়া বিশেষান্ন সন্ধেয়ঃ।' নিষ্ঠুর, অধার্মিক শত্রুর সঙ্গে সন্ধি বা মিত্রতা করলে তা যে কোন সময় ভেঙে যায়। পঞ্চতন্ত্রের 'মিত্রভেদ' অংশে দেখা যায় দমনক নিজ স্বার্থের জন্য পিঙ্গলক ও সঞ্জীবকের মধ্যে প্রথমে মিত্রতা সম্পাদন করে কিন্তু পিঙ্গলক ও সঞ্জীবকের মধ্যে বন্ধুত্ব প্রগাঢ় হওয়ায় যখন দমনকের মন্ত্রিত্ব নষ্ট হতে থাকে তখন নিজ স্বার্থের হানি ঘটায় দমনক আবার উভয়ের মধ্যে বিবাদ বা শত্রুতা বাধিয়ে দিলে করটক দমনককে নীচব্যক্তি বলে নিন্দা করে। করটকের কথা শুনে দমনক বলে যে, করটক আসলে রাজনীতির তত্ত্ব কিছু জানে না, তাই সে এরূপ মন্তব্য করেছে।—'অনভিজ্ঞো ভবান্নীতিশাস্ত্রস্য।' কেননা, দমনকই সঞ্জীবককে অভয় দিয়ে রাজা পিঙ্গলকের নিকট নিয়ে আসে, কিন্তু সেই সঞ্জীবকই আবার দমনকের উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত মন্ত্রিপদ কেড়ে নিয়েছে। এই দুনিয়ায় কেউ যদি কারো উত্তরাধিকার সূত্রে পাওয়া মন্ত্রিপদ কেড়ে নেয় তাহলে সে জন্মগত শত্রুর তুল্য হয়, তখন সে যতই প্রিয় হোক না কেন তার সমূলে উচ্ছেদ বাঞ্ছনীয়। কারণ জন্মমাত্র শত্রু কিম্বা ব্যাধিকে উপেক্ষা করে তাকে নির্মূল না করলে সেই অবশিষ্ট শত্রুই পরবর্তীকালে অতিশয় বলশালী হয়ে ভয়ঙ্কর ক্ষতির কারণ হয়ে দাঁড়ায়।[১২] তাছাড়া শত্রুকে বধ করলে যদি তিনটি উদ্দেশ্য সাধন হয় প্রথমতঃ প্রতিশোধ নেওয়া যায়, দ্বিতীয়তঃ মন্ত্রিত্ব ফিরে পাওয়া যায়, তৃতীয়তঃ তাকে খেয়ে পেট ভরানো সম্ভব হয়, তাহলে সেরূপ শত্রু বধে কোন দ্বিধা বা সংশয় করা উচিত নয়। অতএব অনিষ্টকারী শত্রুকে সংহার করতে হলে হৃদয়টাকে খড়্গের মত করতে হবে, আখের রসের মত হবে কথাগুলো। শত্রুরা যাতে বিজিগীষুর দুর্বলতা জানতে না পারে সেজন্য বিজিগীষুর নিজের অঙ্গগুলিকে কচ্ছপের মত সংবৃত রেখে সর্বদা সতর্কতার সঙ্গে চরাদি প্রেরণের মাধ্যমে শত্রুর দুর্বলতা জানা উচিত।[১৩] কেননা, দুর্বলতা ছাড়া বলবান শত্রুকে কখনো সহজে বিনাশ করা সম্ভব হয় না। চরাদির মাধ্যমে শত্রুর দুর্বলতা জেনে সুযোগ বুঝে শত্রুকে সংহার করতে হয়। কামন্দক বলবান শত্রুকে বিনাশের নিমিত্ত উপযুক্ত সময় সুযোগ প্রাপ্তি না হওয়া পর্যন্ত দুর্বল বিজিগীষুকে যে বেতসী বৃত্তি ধারণ এবং ভুজঙ্গ বৃত্তি পরিহারের পরামর্শ দিয়েছেন। তার অনুসরণে **পঞ্চতন্ত্রে** বলা হয়েছে বেত্রলতা যেমন স্রোতের অনুকূলে নুয়ে পড়ে আবার সোজা হয়ে দাঁড়ায় তেমনি দুর্বল বিজিগীষুও বেতসী বৃত্তি অবলম্বন করলে মহতী সমৃদ্ধি লাভ করতে পারেন, কিন্তু দুর্বল হয়েও সর্বদা সর্পের ন্যায় উদ্ধত হলে অকালে মৃত্যু ঘনিয়ে আসে।[১৪] অতএব বুদ্ধিমান বিজিগীষুর নিজের পর্যাপ্ত শক্তি সঞ্চিত না হওয়া পর্যন্ত কচ্ছপের মত নিজেকে গুটিয়ে রেখে প্রহার সহ্য করে করে উপযুক্ত সময় এলে বা উপযুক্ত শক্তি সঞ্চিত হলে সুযোগ বুঝে কালসর্পের মত তীব্র ছোবলে শত্রুকে বিনাশ করা উচিত।[১৫] মহাভারতে শত্রুকে পরাভূত করার জন্য

বিজিগীষুকে শকুনের ন্যায় দূরদৃষ্টি সম্পন্ন, বকের ন্যায় নির্দিষ্ট লক্ষ্য বা স্থির চিত্ত, কুকুরের ন্যায় সচেষ্ট, সিংহের ন্যায় পরাক্রমী, কাকের ন্যায় সদাশঙ্কী এবং সর্পের ন্যায় ভয়ঙ্কর বা ক্রূর হওয়ার পরামর্শ দেওয়া হয়েছে।[১৭] অর্থাৎ শকুন যেমন বহুদূর থেকে ভালোমন্দ ইষ্ট-অনিষ্ট দর্শন করতে সমর্থ হয় তেমনি বিজিগীষুরও বহুদূর থেকে চরাদির মাধ্যমে শত্রুর গতিপ্রকৃতি জানার চেষ্টা করা উচিত। বক যেমন নির্দিষ্ট লক্ষ্যে বা লক্ষ্য স্থির করে সামান্য টোপ পাওয়া মাত্রই জলাভ্যন্তর থেকে মাছ ধরতে সমর্থ হয় তেমনি বিজিগীষু স্থির লক্ষ্যে বা অবিচল চিত্তে শত্রুর দুর্বলতা অবগত হওয়া মাত্রই শত্রুকে সংহার করতে সমর্থ হবেন। শত্রুর দুর্বলতা জানার ক্ষেত্রে বা শত্রু সংহারের ক্ষেত্রে বিজিগীষুর সর্বদা সতর্কতা অবলম্বন করা উচিত। কুকুর নিদ্রিত থাকলেও যেমন সর্বদা সতর্ক থাকে বা সর্বদা আহার সংগ্রহে সচেষ্ট হয় বিজিগীষুও সেরূপ কুকুরের ন্যায় সতর্ক থেকে পররাষ্ট্র গ্রহণে বা শত্রু দমনে সর্বদা সচেষ্ট হবেন। শত্রুর সঙ্গে যুদ্ধের সময় বিজিগীষুর আচরণ হবে সিংহের ন্যায়। সিংহ যেমন অপেক্ষাকৃত অল্প বলশালী হয়েও প্রবল পরাক্রমে হাতির উপর ঝাঁপিয়ে পড়ে হাতিকে সংহার করে, বিজিগীষুরও সেরূপ যুদ্ধের সময় প্রবল পরাক্রমে শত্রুকে আক্রমণ করা উচিত।[১৭] বিজিগীষু সর্বদা প্রত্যক্ষ ভাবে নির্ভয়ে থাকলেও মনে মনে সর্বদা কাকের ন্যায় বিপদের আশঙ্কা করবেন অর্থাৎ বিপদ যাতে না আসে সেজন্য যেমন সতর্ক থাকবেন তেমনি বিপদ এলে নির্ভয়ে বিপদের প্রতিকার করতে সচেষ্ট হবেন। শত্রুকে সংহারের জন্য বিজিগীষুর আচরণ হবে সাপের ন্যায়। অর্থাৎ সাপ যেমন সূক্ষ্মাছিদ্র পথে প্রবেশ করে মহৎ অনিষ্ট ঘটায় তেমনি বিজিগীষু শত্রুর দুর্বলতা সূত্র ধরে বা দুর্বলতা জেনে মহৎ অনিষ্ট ঘটাবেন। শত্রু যদি বলবান হয় তাহলে তার সঙ্গে মুখে এক আর মনে আরেক নীতি অবলম্বন করে বা শত্রুকে প্রলোভন দেখিয়ে বা শত্রুর সঙ্গে ছলনা করে শত্রু সংহার করতে হয়। পঞ্চতন্ত্রে বলা হয়েছে শত্রুর সঙ্গে প্রথমে ভাব জমিয়ে বা শত্রুর বিশ্বাস ভাজন হয়ে অবিশ্বস্তভাবে শত্রুর পতন ঘটাতে হয়। শত্রুর বিশ্বাস উৎপাদনের জন্য প্রয়োজনে শত্রুর হাতে পায় ধরা বা শত্রুর গৃহে বাস বা ভোজন করতে হয়। তবে সেই আসন, ভোজন, শয়নের সময় সর্বদা সতর্ক থাকা প্রয়োজন। কারণ সামান্যতম অসাবধনাতা হলে শত্রু হত্যা করতে পারে।[১৮] অতএব বুদ্ধিমান বিজিগীষুর সর্বপ্রযত্নে ত্রিবর্গের আধার নিজের শরীরটি সতর্কতার সঙ্গে আগে রক্ষা করা কর্তব্য। শত্রুগৃহে বা শত্রুর সঙ্গে বসবাস করা হল অসিধারা ব্রতের সামিল।[১৯] শত্রুগৃহে বসবাসে চরম কষ্ট হলেও ভবিষ্যতে নিজের সুবিধার কথা ভেবে শত্রুকে বিনাশের জন্য কোন কষ্টই গ্রাহ্য করা উচিত নয়। অনেক সময় শত্রুর ঘরে বিষও অমৃত তুল্য বলে মনে করতে হয়। আবার অনেক সময় সুধী ব্যক্তি হয়েও শক্তিমান কঠোর বাক্য প্রয়োগকারী ক্ষুদ্র পাপাচারী শত্রুর সঙ্গেও বিচরণ করতে হয়। বুদ্ধিমান বা প্রাজ্ঞ ব্যক্তির আপন স্বার্থসিদ্ধির আশায় অপমানকে সামনে রেখে এবং সম্মানকে পশ্চাতে রেখে নিজের বল, উৎসাহ, সকল তেজ চেপে রেখে ধৈর্য্য ধরে চুপ করে থাকতে হয়। স্বার্থসিদ্ধির প্রয়োজনে বুদ্ধিমান বিজিগীষু শত্রুকে কখনো কখনো স্কন্ধে বহন করে উপযুক্ত সময়বুঝে সেই শত্রুকে বিনাশ করতে হয়।[২০] শত্রুকে সংহারের এই নীতি উল্লেখ আছে মহাভারতের কণিকনীতিতে। সেখানে বলা হয়েছে যে সমৃদ্ধকামী দুর্বল রাজার উপযুক্ত সময় না আসা পর্যন্ত শত্রুকে স্কন্ধে বহন করে তারপর উপযুক্ত সময় প্রাপ্ত হলে মিথ্যা মিত্রতার অবসান ঘটিয়ে পাষাণের উপর জলপূর্ণ কলসীর ন্যায় আছড়ে সেই শত্রুকে সমূলে বিনাশ করা উচিত।[২১] দুর্বল বিজিগীষুর পক্ষে বলবান শত্রুকে বলে মারা সম্ভব না হলে তাদের কৌশলে মারতে হয়। আপন উদ্দেশ্য সিদ্ধির জন্য উপযুক্ত সময় না আসা পর্যন্ত ধৈর্য্য ধরে কিভাবে শত্রুকে স্কন্ধে করে বহন করে পরিণামে বিনাশ করতে হয় তার দৃষ্টান্ত উপস্থাপিত হয়েছে পঞ্চতন্ত্রে জীর্ণোদ্যানে মন্দবিষ নামে এক কেউটের গল্পে। যে কেউটে বয়স জনিত কারণে

চলতে অসমর্থ হওয়ায় অর্থাৎ প্রয়োজনানুরূপ খাদ্য সংগ্রহ করতে না পারায় একদিন ধৈর্য্যের প্রতিমূর্তি হিসাবে ব্যাঙ ভর্তি এক জলাশয়ের নিকট অবস্থান করে ছিল। কেউটেকে ঐ অবস্থায় দেখে কৌতূহলাক্রান্ত কোন এক ব্যাঙ রোজকারের মত আহার বিহার ছেড়ে তার এরূপ অবস্থায় পড়ে থাকার কারণ জিজ্ঞাসা করলে সাপটি জানায় যে, ব্যাঙ ভ্রমে এক ব্রাহ্মণ বালকের বুড়ো আঙুলে কামড় দেওয়ায় বালকটি মারা গেলে মৃতপুত্রের শোকে শোকার্ত ব্রাহ্মণ পিতার অভিশাপে তার এরূপ দশা হয়েছে এবং ব্রাহ্মণের অভিশাপ বশতই সে ব্যাঙদের বাহন হয়ে ব্যাঙদের দয়ায় জীবন ধারণ করতে এখানে এসেছে। সাপের কথা শুনেই অদ্ভুত খবরটা ঐ ব্যাঙ সকল ব্যাঙদের এবং ব্যাঙরাজ জালপাদের কাছে নিবেদন করে। সাপের কথা মত ব্যাঙরাজ জালপাদ সহ সকল ব্যাঙেরা মহানন্দে মন্দবিষের পিঠে চড়ে বসে। মন্দবিষও তাদের খুশি করার জন্য বিভিন্ন রকম চলন দেখাতে থাকে। এতে ব্যাঙরাজ জালপাদ মহাখুশি হয়। এভাবে মন্দবিষ শত্রুর বিশ্বাস ভাজন হয়ে পরের দিন নিজের ভারবহনের অসামর্থ্য তুলে ধরতে সে ভান করে আস্তে আস্তে চলতে থাকে, তখন ব্যাঙরাজ সেই মন্দবিষের মন্থর গতির কারণ জিজ্ঞাসা করলে মন্দবিষ জানায় বেশ কদিন পেটে কিছু না পড়ায় তার আর ভার বহন করবার সামর্থ্য নেই। ব্যাঙরাজ জালপাদ মন্দবিষের বানানো কথায় বিশ্বাস করে বোকার মত তাকে ছোট ছোট ব্যাঙ খেতে বলে। ব্যাঙরাজের অনুমতি পেয়ে মন্দবিষ মহানন্দে একটি একটি করে ব্যাঙ খেতে খেতে আগের মত হৃষ্টপুষ্ট বা বলবান হয়ে ওঠে।[৩২] এখানে মন্দবিষের আচরণে মূলতঃ একজন দুর্বল বিজিগীষুর অনুসৃত নীতির দৃষ্টান্ত তুলে ধরা হয়েছে। যে নিজের দুর্বলতা অর্থাৎ বয়ঃজনিত কারণে চলবার অসামর্থ্যতাকে গোপন করে নিজেকে ব্রাহ্মণের অভিশপ্ত হিসাবে বর্ণনা করেছে। এরপর ব্যাঙদের বিশ্বাস উৎপাদনের জন্য সে ভার বহনে প্রায় অসমর্থ হয়েও অনেক কষ্ট স্বীকার করে সত্যিসত্যি ব্যাঙদের বাহনও হয়েছে। আসলে এখানে মন্দবিষ নামে সাপটি সুচিন্তিত ভাবে সাম ও দান নীতির আশ্রয় নিয়ে শত্রুর বিশ্বাস অর্জন করার পর চাতুরীরতা দ্বারা ধীরে ধীরে আপন উদ্দেশ্য সিদ্ধি করেছে। দুর্বল বিজিগীষুর অনুসৃতনীতি প্রসঙ্গে মহাভারতে বৃহস্পতি বলেছেন শত্রুকে হঠাৎ আক্রমণ করা উচিত নয়। প্রথমে শত্রুর বিশ্বাস অর্জন করে অর্থাৎ সামাদির দ্বারা বশীভূত করে উপযুক্ত সময়ে শত্রুকে আক্রমণ করতে হয়। শত্রুর বিশ্বাসভাজন হওয়ার জন্য প্রয়োজনে দীর্ঘকাল অপেক্ষা করতে হয়। দীর্ঘকাল অপেক্ষার পর উপযুক্ত সময় আসা মাত্রই শত্রুকে সংহার করা উচিত। কেননা, অবসরাপেক্ষী মানুষের অবসর একবার উপস্থিত হয়ে চলে গেলে সেই অবসরটি পুনরায় ফিরে আসা দুর্লভ হয়।[৩৩] অনুরূপ ভাবনার প্রতিফলন লক্ষ্য করা যায় পঞ্চতন্ত্রে। সেখানেও সুযোগে পাওয়া মাত্র শত্রুকে সংহারের পরামর্শ দিয়ে বলা হয়েছে যে, সুযোগের আশায় বশে থাকা মানুষের নিকট সুযোগ একবারই আসে। আর ঠিক সময়ে কাজটি সম্পূর্ণ করতে না পারলে সে সুযোগ পুনরায় ফিরে পাওয়া অত্যন্ত কঠিন হয়।[৩৪] তবে সব সময় উপযুক্ত সুযোগ পেয়ে একসঙ্গে সকল শত্রুকে আক্রমণ করা উচিত নয়। প্রয়োজনানুসারে অবস্থা বুঝে সাম-দানাদি বিভিন্ন উপায়ে বিভিন্ন প্রকার শত্রুকে ভিন্ন ভাবে দমন করতে হয়। তথাপি পরিশেষে এটা মনে রাখা দরকার যে, বিভিন্ন প্রকার উপায়ের দ্বারা বাহ্যিক শত্রুদের দমন সম্ভব হলেও যদি নিজের ইন্দ্রিয়গুলির অথবা কাম-ক্রোধাদি অরিষড্‌বর্গের জয় করা না যায় তাহলে বিজিগীষু রাজা হোন কিম্বা একজন সাধারণ মানুষই হোন, কারুর পক্ষে চিরসুখী হওয়া কখনোই সম্ভব নয়।[৩৫]

তথ্যসূত্র

১। ধর্মেণৈব প্রজাঃ সর্বা রক্ষন্তি স্ম পরস্পরম্। মহা, ১২/৫৮/১৪

২। একার্থাভিনিবেশিত্বমরিলক্ষণমুচ্যতে। কাম, ৮/১৪

৩। বিষয়ানন্তরো রাজা শত্রুঃ। অমর, ২/৮/৮

৪। কাম, ৮/১৬-১৭ ; অর্থ, ৬/২/১৮ ; মনু, ৭/২০৭ ; নীতি, ২৯/২০

৫। মিতাক্ষরাটীকা, (যাজ্ঞ, ১/৩৪৫) ; দণ্ডনীতি, পৃ. ২২

৬। সহজঃ কার্যজশ্চৈব দ্বিবিধ শত্রুরুচ্যতে।
সহজঃ স্বকুলোৎপন্ন ইতরঃ কার্যজঃ স্মৃতঃ।। কাম, ৮/৫৬

৭। দ্বিবিধং বৈরংভবতি। সহজং কৃত্রিমং চ। তৎসহজবৈরীত্বমস্মাকম্। কৃত্রিমং নাশমভ্যেতি বৈরং প্রাকৃত্রিমৈগুণৈঃ।
প্রাণদানং বিনা বৈরং সহজং যাতি ন ক্ষয়ম্। পঞ্চ, ২/৩১
.....হিরণ্যক আহ-ভোঃ কারণেন নিবৃত্তং কৃত্রিমম্। তত্তদর্থোপকারকণাদ্‌গচ্ছতি। স্বাভাবিকং পুনঃ কথমপি ন গচ্ছতি।
পঞ্চ, পৃ-১০৩

৮। দারুণস্তু স্মৃতঃ শত্রুঃ বিজিগীষুগুণান্বিতঃ। কাম, ৮/১৪

৯। পঞ্চ, ৩/৯

১০। ক্রূরো লুব্ধোঽলসোঽসত্যঃ প্রমাদী ভীরুরস্থিরঃ।
মূঢ়ো যোধাবমন্তা চ সুখচ্ছেদ্যো ভবেদ্রিপুঃ।। পঞ্চ চ, ৩/৩৬

১১। কাম, ৮/১৫ ; অর্থ, ৬/১

১২। ভোঃ ত্বয়া বৈরিণা সহ কথং মৈত্রীং করোমি। উক্তং চ
বৈরিণা ন হি সন্দধ্যাৎ সুশ্লিষ্টেনাপি সন্ধিনা। পঞ্চ, ২/৩০

১৩। কারণান্মিত্রতাং যাতি কারণাদেতি শত্রুতাম্। পঞ্চ, ২/৩২

১৪। সামর্থ্যযোগাজ্জায়তে মিত্রাণিরিপবস্তথা। মহা. ১২/১৩৬/৫১

১৫। বৃহস্পতেরবিশ্বাস ইতি শাস্ত্রার্থনিশ্চয়ঃ।
বিশ্বাসী চ তথা চ স্যাদ্ যথা সংব্যবহারবান্। কাম, ৫/৮৯
তুল ; বৃহস্পতেরপি প্রাজ্ঞস্তস্মান্নৈবাত্র বিশ্বসেৎ।
য ইচ্ছেদাত্মনো বৃদ্ধিমায়ুষ্যং চ সুখানি চ। পঞ্চ, ২/৪১

১৬। ন বিশ্বাসং বিনা শত্রুর্দেবানামপি সিধ্যতি।
বিশ্বাসাদ্বিদশেন্দ্রেণ দিতের্গর্ভো বিদারিতঃ।। পঞ্চ, ২/৪০ ; পঞ্চ, ৩/১২৫
তুল ; বিশ্রম্ভাৎ প্রিয়তামেতি বিশ্রম্ভাৎ কার্যমৃচ্ছতি।
বিশ্রম্ভেণ হি দেবেন্দ্র দিতের্গর্ভমঘাতয়ত্।। কাম, ৯/৬৬

১৭। ন বিশ্বসেদবিশ্বস্তে বিশ্বস্তেঽপি নাতিবিশ্বসেৎ।
বিশ্বাসাদ্ ভয়মুৎপন্নমপি মূলং নিকৃন্ততি। মহা. ১২/১৩৫/২৯ ; মহা. ১২/১৩৬/৪৩, ৪৫

১৮। ন বিশ্বসেদবিশ্বস্তে বিশ্বস্তেঽপি ন বিশ্বসেৎ।
বিশ্বাসাদ্ ভয়মুৎপন্নং মূলান্যাপি নিকৃন্ততি। পঞ্চ, ২/৪৩ ; ৪/১৪

১৯। ঋণশেষমগ্নিশেষং শত্রুশেষং তথৈব চ।
পুনঃ পুনঃ প্রবর্দ্ধন্তে তস্মাচ্ছেষং ন কারয়েৎ।। মহা, ১২/১৩৬/৫৮

২০। ঋণশেষং চাগ্নিশেষং শত্রুশেষং তথৈব চ।
ব্যাধিশেষং চ নিঃশেষং কৃত্বা প্রাজ্ঞো ন সীদতি।। পঞ্চ, ৩/২২০

২১। হীনঃ শত্রুর্নিহন্তব্যো যাবন্ন বলবান্ ভবেৎ।
প্রাপ্তস্বপৌরুষবলঃ পশ্চাদ্ ভবতি দুর্জয়ঃ।। পঞ্চ, ৩/১২৯

২২। জাতমাত্রং ন যঃ শত্রুং ব্যাধিং চ প্রশমং নয়েৎ।
মহাবলোঽপি তেনৈব বৃদ্ধিং প্রাপ্য স হন্যতে।। পঞ্চ. ১/৩৬৮, পঞ্চ. ৩/৩ ; মহা. ১২/১৩৬/৫৮

২৩। নাসা ছিদ্রং পরো বিদ্যাদ্বিদ্যাচ্ছিদ্রং পরস্য তু।
গৃহেৎ কূর্ম ইবাঙ্গানি রক্ষেদ্বিবরমাত্মনঃ।। মনু, ৭/১০৫ ; মহা. ১২/১৩৬/২৪ ; পঞ্চ. ৩/১২৫

২৪। ক্রমাদ্ বেতসবৃত্তিঃ সন্ প্রাপ্নোতি বিপুলাং শ্রিয়ম্।
ভুজঙ্গবৃত্তিরাপ্নোতি বধমেব তু কেবলম্।। কাম. ১০/৩৬ ; ৩৫
তুল ; কুর্বন্ হি বৈতসীং বৃত্তিং প্রাপ্নোতি মহতীং শ্রিয়ম্।
ভুজঙ্গবৃত্তিমাপন্নো বধমর্হতি কেবলম্।। পঞ্চ. ৩/২০

২৫। কৌর্মং সংকোচমাস্থায় প্রহারানপি মর্ষয়েৎ
কালে কালে চ মতিমানুত্তিষ্ঠেৎকৃষ্ণসর্পবৎ।। পঞ্চ. ৩/২১ তুল ; কাম. ১০/৩৮

২৬। গৃধ্রদৃষ্টির্বকালীনঃ শ্বচেষ্টঃ সিংহবিক্রমঃ।
অনুদ্বিগ্নঃ কাকশঙ্কী ভুজঙ্গচরিতং চরেৎ। মহা. ১২/১৩৬/৬২

২৭। পঞ্চ. ৩/২৯-৩০

২৮। আসনে শয়নে যানে পানভোজনবস্তুষু।
দৃষ্ট্বা দৃষ্ট্বা প্রমত্তেষু প্রহরন্ত্যরয়োঽরিষু। পঞ্চ. ৩/২০৮

২৯। অসিধারাব্রতমিদং মন্যে যদরিণা সহ সহবাসঃ। পঞ্চ. ৩/২০৬

৩০। স্কন্ধেনাপি বহেচ্ছত্রুং কালমাসাদ্য বুদ্ধিমান্।
মহতা কৃষ্ণসর্পেণ মণ্ডুকা বহবো হতাঃ।। পঞ্চ. ৩/২১৩ ; হিত. ৪/৬৬

৩১। বহেদমিত্রং স্কন্ধেন যাবৎ কালস্য পর্যায়ঃ।
প্রাপ্তকালন্তু বিজ্ঞায় ভিন্দ্যাদ্ঘটামিবাশ্মনি।। মহা. ১২/১৩৬/১৮ ; ১০/৩৯

৩২। ততোঽসৌ নৈরন্তর্যেণ মণ্ডূকান্ ভক্ষয়ন্ কতিপয়ৈরেবাহোভির্বলবান্ সংবৃত্তঃ। পঞ্চ. পৃ. ১৭৪

৩৩। যো হি কালো ব্যতিক্রমাতৎ পুরুষং কালকাঙ্ক্ষিণম্।
দুর্লভঃ স পুনস্তেন কালঃ কর্মাচিকীর্ষুণা।। মহা. ১২/১০০/২১, মহা. ১২/১০০/১৩

৩৪। কালো হি সকৃদভোতি যন্নরং কালকাঙ্ক্ষিণম্।
দুর্লভঃ স পুনস্তেন কালকর্মাচিকীর্ষতা।। পঞ্চ. ৩/১৩০

৩৫। কামঃ ক্রোধস্তথা লোভো হর্ষো মানো মদস্তথা।
ষড়্বর্গমুৎসৃজেদেনমস্মিন্ ত্যক্তে সুখী নৃপঃ।। কাম. ১/৫৭

## গ্রন্থপঞ্জী


কামন্দক। **কামন্দকীয়-নীতিসারঃ**। মানবেন্দু বন্দ্যোপাধ্যায় (সম্পাঃ) কোলকাতা ; সংস্কৃত পুস্তক ভাণ্ডার, ১৯৯৯।

কামন্দক। **কামন্দকীয়-নীতিসার**। রাজেন্দ্র লাল মিত্র (সম্পাঃ), কোলকাতা ; এ্যাসিয়াটিক সোসাইটি, ২০০৮।

কাণে, পি. ভি। হিস্ট্রি অফ্ ধর্মশাস্ত্র। (৩য় খণ্ড), ভাণ্ডারকর ওরিয়েন্টাল রিসার্চ ইনস্টিটিউট্ ; ১৯৯৩ (৩য় সং)

কৌটিল্য। **কৌটিলীয়ম্ অর্থশাস্ত্রম্**। আর. পি. কাঙলে. (সম্পাঃ), দিল্লী ; মোতিলাল বনারসী দাস পাবলিসার্স্ (প্রাঃ লিঃ), ২০০৬

কৌটিল্য। **কৌটিলীয়ম্ অর্থশাস্ত্রম্**। রাধাগোবিন্দ বসাক (সম্পাঃ) কোলকাতা ; জেনারেল প্রিন্টার্স্ এ্যাণ্ড্পাবলিসার্স্ (প্রাঃ লিঃ), ১৯৭০।

নারায়ণ। **হিতোপদেশ**। এম. আর. কালে (সম্পাঃ), দিল্লী / বারাণসী / পাটনা ; মোতিলাল বনারসী দাস পাবলিসারস (প্রাঃ লিঃ), ১৯৬৭ (ষষ্ঠ সং)।

ভাদুড়ী, নৃসিংহ প্রসাদ। **দণ্ডনীতি**। কোলকাতা ; সাহিত্য সংসদ, ১৯৯৮।

মনু। **মনুসংহিতা**। মানবেন্দু বন্দোপাধ্যায় (সম্পাঃ), কোলকাতা ; সংস্কৃত পুস্তক ভান্ডার, ১৪১০ বঙ্গাব্দ।

ব্যাস। **মহাভারতম্**। হরিদাস সিদ্ধান্তবাগীশ (সম্পাঃ), কোলকাতা ; বিশ্ববাণী প্রকাশন, ১৪০০ বঙ্গাব্দ (২য় সং)।

বিষ্ণুশর্মা। **পঞ্চতন্ত্রম্**। এম. আর. কালে (সম্পাঃ), দিল্লী/বারাণসী/পাটনা ; মোতিলাল বনারসী দাস পাবলিসারস্ (প্রাঃ লিঃ), ১৯৯২ (৩য় সং)।

সোমদেব। **নীতিবাক্যামৃতম্**। রামচন্দ্র মালবীয় (সম্পাঃ), বারাণসী ; চৌখম্বা বিদ্যাভবন, ১৯৭২ (১ম সং)।

# SUKHAMAY BHATTACHARYA AND BUDDHADEB BASU : VYĀSA'S *MAHĀBHĀRATA* AND NEW PERSPECTIVES

GARGI BHATTACHARYA

1.1. The *Mahābhārata,* a true depiction of the soul of Bhārata, is the depot of all kinds of behaviour, custom, knowledge, emotion and thoughts. It has a general approach to the mass, as well as an eternal appeal to the scholars. The thought provoking elements of the epic motivate the intellectual to create new understanding with different outlook time and again. Consequently, the wisdom of *Jaya-saṃhitā* has overcome the limitation of time and place.

1.2. Bengal holds a long tradition of the study on the *Mahābhārata.* The soil of intellect has given birth to different kinds of legacy based on the large epic, where *pālā* songs, translations, interpretations have been flourished with their own excellence.

1.3. The current paper would reflect the views of two Bengali scholars, who explored the *Mahābhārata* from their own point of view in Bengali language. Sukhamay Bhattacharya Shastri and Buddhadeb Basu are contemporary scholars; both were born in the first decay of 20th century in undivided Bengal. Sukhamay Bhattacharya portrayed the society and the characters of the *Mahābhārata,* where Buddhadeb Basu found a new understanding of the epic with a fine combination of poetic romanticism.

## 2. Sukhamay Bhattacharya Shastri.

### 2.1. *Mahābhāratera samāja* (মহাভারতের সমাজ)

2.1.1. Sukhamay Bhattacharya (1909-1999 AD) was born in a traditional

Sanskrit oriented family. In 1937 he joined Visva-Bharati, Santiniketan as a professor. There he got the inspiration from the great poet and philosopher Rabindranath Tagore to sum up the fifth *Veda* and depict the society. Foremost he composed three individual articles on education, business and art, which were further checked by the Nobel Lorient poet himself. Tagore made some addition to the article of education and gladly showed the green signal to Bhattacharya to describe the whole society, as sketched in the great epic. The motivation of the Tagore finally got the shape of a book entitled '*Mahābhāratera samāja*' (Society of the *Mahābhārata)* and was published from Visva-Bharati in 1946. In 1966 Lokabharati Prasar Samiti, Allahabad, published the Hindi Translation of the book by Pushpa Jain.

2.1.2. The composition is based on the *Nīlakaṇṭha Ṭīkā;* for referencing Sukhamay Bhattacharya followed the *Mahābhārata,* edited by Panchanan Tarkaratna, published from Bangabasi Press, He also consulted *Śrī-mahābhāratera bṛhatsūcī* by Jayachandra Siddhantabhushana. In the preface the author disclosed his own opinion about the immensity, profundity and antiquity of the *Jaya-saṃhitā.* To determine the time of the epic he went after the views of the famous translator Haridas-siddhantabagisha and renowned historian Rameshchandra Majumder.

2.1.3. Prof. Bhattacharya stated that the foremost recitation of the epic was done at Janamejaya's Serpent sacrifice in Takṣaśilā by Vaiśampāyana and thereafter Lomaharṣaṇa's son Ugraśravā Sauti recited it at Śaunaka's *satra* in Naimiṣyāraṇya. Therefore, society of the *Mahābhārata* stands for the society of five thousand years ago. In point of fact, three stages are found in the epic, viz. Pre-Mahābhārata-stage, Mahābhārtala-stage and Post-Mahābhārtata stage. The events happened many years ago from the time of the *Mahābhārtata* reflect the society of the Pre-Mahābhārata stage, where the stories of *Rāmāyaṇa, Naladamayanti, Śāvitrī, Śakuntala* are illustrated. It is comprehensible easily that the occurrences *directly* associated with the epic present *the society* of the Mahābhārata-stage. This large *kāvya* also exemplifies some behaviours and customs that would take place in *kaliyuga.* In *Mārkaṇḍeyasamāsyā* etc. we find this type of illustrations. They can be considered as the Post-Mahābhārtata-stage. Hence, the society, given in the *Mahābhārata* covers at least a span of one thousand years.

2.1.4. Sukhamay Bhattacharya defined the word *samāja* as the community of human beings. He described and analysed the society of the *Mahābhārata* in 42 topics. They are again categorized and distributed into four parts. These four *khaṇḍas* in fact denote four different angles to evaluate the society. They are -

i. Individual's family and general social life
ii. Religion and ritualistic rites
iii. Kingship and kingdom
iv. Scriptures and wisdom

Through the detailed description of four stages of life *(caturāśrama)* and four castes *(caturvarṇa)* the author sketched the structure of the society. Individual's life is explored through the *saṃsakāras*. education, ethics, food habits, dress senses, fashion etc. Marriage occupies a significant place as the author offered two separate chapters on marriage system. The first one denotes the general rules of marriage including its various types, age, dowry system etc. The latter one discloses the special cases and events regarding marriage, their legality etc. The author significantly portrayed the life of woman, as characters like Draupadī, Kuntī, Gāndhari played a major role in the dramatic development of the epic. Sideways, he did not fail to catch the fine points of common women's living. Even he did not ignore the small character like Śāṇḍilyaduhitā who maintained her asceticism. Among the professions, available at the time of Ihe *Mahābhārata*, cultivation, tending of cattle and trading are discussed in three different chapters. Some behaviour, customs, emotions of the society are mentioned separately under the chapter *Prakīrṇa vyavahāra*, where celebration, sports, amusements, blessings, suspicious attitude of the wife etc. are exemplified.

2.1.5. The focal theme of the *Mahābhārata* is the conflict between *dharma* and *adharma*. Therefore, second part of the book is devoted to explore *dharma* (customary observance or prescribed conduct, virtue). The author started with etymological derivation of the word *dharma* from the epic. Among the first three *puruṣārthas* the most important one is *dharma*, which ultimately leads to *mokṣa* (salvation). *Dharma* appears in different forms like *samājadharma* (customs of society), *rājadharma* (customs of kingship), *jātidharma* (customs of community), *kuladharma* (customs of family), *deśadharma* (customs of country) etc. *Dharma* can be established only on *satya* (truth). In the chapter *Satya* Sukhamay Bhartacharya defined thirteen types of *satya*. Apart from the code of conduct *dharma* has another profile associated with the religious acts. Hence the chapters on religious and ritualistic life of people come before us where discussions on gods, meditation, daily religious duties, cremation, and funeral ceremony got the special attention.

To establish the victory of *dharma* the epic is portrayed on a structure of rivalry between two groups among the kings. Consequently, the author of *Mahābhāratera samāja* offered a vast discussion on *rājadharma* in the third part of the book. Not only duties of the kings, he gave a full attention to

illustrate the rules of war, general ethics, *mātsyanyāya* (great disorder in the state), taxation, enemies of the king, various types of fort etc.

2.1.6. The intellectual properties of a society can nurture its basic growth. In the fourth part of the book the intellectual aspects of the society of the *Mahābhārata* are depicted where different kinds of knowledge system are explored. Scriptures like *Veda*, *Purāṇa*, *Jyotiṣa*, *Vyākaraṇa*, *Nirukta*, *Āyurveda* were the fountain head of knowledge at that time. The author gifted a detailed description of the treatment of animal and plant in separate chapters. Doctrine of different philosophical schools like *Sāṃkhya-Yoga*, *Mīmāṃsā*, *Vedānta*, *Pañcarātra*, as found in different stories and advises are also present in this *khaṇḍa*,

2.2. ***Mahābhāratera Caritāvali*** (মহাভারতের চরিতাবলী)

After composing the society of the *Mahābhārtata* Sukhamay Bhattacharya realised that the intellectual mass have more interest to know the characters of the epic rather than the social and philosophical aspects. Finally, another genius from Tagore family, the great artist Abanindranath Tagore encouraged him to create another book on the characters of the *Mahābhārtata*. In 1963-1964 twelve articles were published in Anandabajara Patrika and another seventeen articles were printed in Amṛta Patrika. At last, all the articles got the shape of a book entitled *Mahābhāratera caritāvali* in 1966.

More than fifty characters are analysed in the book where they come according to the chronological order as found in the *Mahābhārtata;* therefore, the character of Śāntanu is disclosed foremost. 100 sons of Dhṛtarāṣṭra and the wives of Pāṇḍavas and Kauravas are also depicted in brief. The author narrated the incidents related to the characters and analysed the inner implication.

2.3. ***Sukhamay Bhattacharya's perspective and style.***

*Mahābhāratera samāja* and *Mahābhāratera cariāvalī* are two different compositions, but they represent the same perspective of the author Sukhamay Bhattacharya towards the epic.

- The epic should be recognised as the greatest scripture of virtue and spiritualism rather than a *itihāsa*. The theory of *Upaniṣad* and philosophy are mostly explored there.
- Though the structural outline of the epic is based on the war between Pāṇḍavas and Kauravas, the summit of the composition indicates the right path of life and explores the truth through historical events, stories and myths.

- *Satya* and *dharma* played the most significant role in the epic.
- Some portion of the epic may be considered as interpolation; but the whole *Jaya-saṃhitā* is a mirror the social-cultural and emotional inheritance of *Bhāratavarṣa;* so it is next to impossible to differentiate the interpolation from the original composition.
- The *Mahābhārata* is an assortment of historical events and stories of fairy tales. Many incidents may have super natural forms, even some characters contain some unnatural features, but the basic attributes are similar to the normal people.
- No literature other than the *Mahābhārata* portrays so much verity in the happenings, complicacy in the characters, extreme conflict between the duties and multilayer existence of the truth.
There are two chapters related to water in *Bṛhatsaṃhitā*, viz. *Bhūgarbhajalaśodhana* and *Darkāgala*. The *Darkāgala* deals with underground water, tree, soil, heap of soil, features of reservoir of water, water refining system, description of white ant (puttikā), way of refilling water, time to dig wells etc.

Barāhamihira describes water as the nerve system of human body.* The process of water absorption by the roots of a tree is explained in the *Bṛhatsaṃhitā*. Trees capable of absorbing of water are enlisted by Barāhamihira. Arjuna, Karañca, Maḍhūka, Aśmāntaka, Badarī, Udambara, Kākodumbara, Vibhītaka, Kuvira etc. are the main among them. Termite mound (Balmīkastūpa) and frogs are helpful for determining the location of water. If frogs are seen under a tree, a pond is surely situated four hands far away from the spot.

These old systems are proved to lie scientific. So its relevance in modern times cannot be ignored.

---

* yathā manuṣyaśarīre nāḍyaḥ bhavanti/
tathā jalarāśiḥ kṣitau api bhavanti// (VS 54.3).

## 4.0. Inscriptional instances of water conservation in Ancient India:

I. Junagadh Inscription of Mahāksatrapa Rudradāman-I is one of the best documents referring to water reservation. As far as our knowledge goes Sudarśana Lake in the Girnar region (present day Junagadh district in Gujarat) is perhaps the oldest man-made reservoir in India. It was the main source of water in the vast area of total Surāṣṭra in those days. Situated between the two famous mountains named Urjayat and Raivataka, this Sudarśana Lake was created by using the water of rivers Suvarṇasikatā, Palāśinī and others having their source in mount Urjayat. Not only the scenic beauty of it but also its influence on this area was the reason for its name Sudarśana. The origin of this lake dates back to the 3rd century BC as evidenced by the inscription itself.

This inscription issued about the middle of the 2nd century AD, speaks about the Sudarśana lake of Junagadh, built originally by Candragupta Maurya and later decorated with channels during the reign of Aśoka. Afterwards it was destroyed by disaster and became very ugly or *'Durdarśana'*

- Three hundred years after Rudradāman the inscription of Skandagupta deals with its destruction and the repairing for second time in 455-456 AD. This lake remained the main source of potable water to the nearby areas for over a thousand years until it finally collapsed in the 9th century AD.

II. Second Rock Edict of Aśoka informs us that *'Devānām Priya Priyadarśī'* ordered—"... on the roads wells should be dug...". So we know that the concept of water conservation was well known to the people in the 3rd century BC.

## 5.0. Concepts of Water conservation in the *Arthaśāstra*:

The work of Kauṭilya (4th CBC) is important in this context as it contains valuable information on water management. Kauṭilya deals with this topic extensively as agriculture was the main source of state revenue. Agriculture depends in seasonal rainfall. Kauṭilya was concerned about both the ruler and the farmer. Organized guidelines are provided on water management in his treatise. His unit for measuring rain is droṇa, which is equal to four āḍhakas. According to modern measurement unit Droṇa is roughly equal to 6.4 cm.

The conception of water conservation is clearly reflected in the prescription of Kauṭilya: "He (King) should cause irrigation works to be built

with natural sources or with water to be brought in from elsewhere. Or, to others who are building (these), he should render aid with land, road, trees, and implements and (also render aid) to (the building of) holy places and parks." [TKAŚ (Part-II) - 2.1.20-21, p.57]

When the natural resources are not sufficient, the state should take up irrigation projects by constructing dams *(setus)*. Two types *of* setus are mentioned;

(i) Sahodaka setus are those constructed for tanks and wells and fed by natural spring; and (ii) Āharyodaka setus are those constructed for reservoirs where water needs to be brought from outside (AŚ-VII. 12.4-5).

Ideas relating economic, political and social importance of water management may be detected in the *Arthaśāstra*. Therefore, Kauṭilya's views on water management are closer to the modern perceptions of the subject.

**6.0 Thoughts of Water conservation in *Kṛṣiparāśara:***

The *Kṛṣiparāśara* contains valuable instructions regarding agriculture in ancient India which depended on regular rainfall.

This book informs us that there are four kinds of clouds viz., Āvarta, Saṃvarta, Puṣkara and Droṇa. Rain due to *Āvarta* is confined to a particular locality; due to *Saṃvarta* outpours everywhere; due to *Puṣkara* is scarce and due to *Droṇa* showers the earth is abundant with water.

This book also tells us about the indication of rainfall in the months of Pauṣa, Māgha, Phālguna, Caitra, Vaiśākha, Jaiṣṭhya, Āṣāḍa and Śrāvaṇa. For sowing seeds Vaiśākha is the best, Jaiṣṭhya is tolerable, Āṣāḍha is bad while Śrāvana is the worst.

At the advent of autumn, one should preserve water just as one desirous of preserving the family, protects the ladies of the house. Then the cultivator, being pure, should plant a nala (a kind of reed) along with leaves on the north east corner on the kārtika-saṃkrānti day*

Today, it is time to seriously think about water preservation. It is highly probable that a massive war will be held all over the world for water. More than a oillion people of the present world do not have access to clean water. Contaminated water and waterborne disease cause death of innumerable people every day. Therefore, it is our duty to preserve water for our posterity.

Now-a-days many steps are taken to spread this awareness e.g. 'Ganga Action Plan' etc. The West Bengal Government has proposed 'Jal Dharo Jal Bharo' project etc.

But these are not modern concept. On the contrary ancient India was fully aware of the necessity of water preservation and conservation. We must

warn everybody including a child against wastage of water. We must be determined about water conservation. Thus we can realize the dream of Sukanta Bhattacharya:

*...e pṛthivike e śiśur vāsayogya kore jabo āmi /*

**List of Abbreviations:**

AŚ = Arthaśāstra.
AV = Atharvaveda.
ṚV= Ṛgveda
KPS = Kṛṣiparāśara
TKAŚ= The Kautilīya Arthaśāstra
TUp = Taittiriya Upaniṣad.
VS = Vṛhatsaṃhitā

**Select Bibliography:**

Bandyopadhyay, Manabendu. *Kauṭilīyam Arthaśāstram* (Vol.I-II). Kolkata: Sanskrit Pustak Bhandar, 2010. Print.

Epigraphia Indica (Vol. VIII). Ed. E. Hultzsch. New Delhi: Archaeology Survey of India, 1981. Print.

Joshi, Ragini. "Ācārya-varāhamihirasya Bhūgarbha-jalaśodhanam". In: *Sambhāṣaṇa-sandeśaḥ*, Bangalore: November, 2013. Print.

Kangle, R.P. *The Kauṭilya Arthaśāstra* (Part I-III). Delhi: Motilal Banarasidass Private Limited, 2010. Print.

Kidwai, Naina Lal. "Safeguarding Urban Freshwater Bodies". In: Water Mission at FICCI (Federation of Indian Chambers of Commerce and Industry), Gurgaon: pdf.

*Ṛgveda Saṃhitā* (Vol I-II). Trans. Ramesh Chandra Datta, Intro. by Hiranmay Bandyopadhay. Kolkata: Haraf Publisher, 2000.

Sadhale, Nalini. "Water Harvesting and Conservation in Ancient Agricultural Texts". In: *Asian Agri-History* (Vol. 10, No. 2). pp. 105-120. 2006. pdf.

Talim, Meena. *Edicts of King Aśoka: A New Vision*. New Delhi: Aryan Books International, 2010. Print.

# KAVI AND SAHṚDAYA : A COMPARATIVE STUDY

DR. SOURABODHI BHATTACHARYYA

The poet *(Kavi)* and the connoisseur *(sahṛdaya)* form the twin aspects of the goddess of speech and when poetic activity is added to the above two, the three poet, poetic activity and connoisseur—combinedly form the trifold features of a universe called the world of poetic creation *(=Kāvyasaṃsāra)*. Abhinavagupta, a doyen of Sanskrit scholarship in Kashmir during the early decades of the eleventh century A.D., emphatically described the status of the poet and the appreciator—

*apūrvaṃ yadvastu prathayati vinā kāraṇakalāṁ*
*jagadgryāvaprakhyaṁ nijarasabharāṁ sārayati ca*
*kramāt prakhyopākhyāprasarsubhagaṁ bhāsayati*
*tat saraswatyāstattvaṁ kavisahṛdayākhyaṁ vijayate*[1]

The paper focuses on the fact that the poet and the appreciator are treated as a single unit, without the support of one the other is virtually non existent, since both complement each other in achieving their ends. It is to be born in mind that the person who is expected to enjoy a poetic work can at times be a harsh critic of the work as also of its creator. But even then, a reader with a faculty of appreciation is universally accepted as a very significant component of the poetic circle. A famous verse of the *Agnipurāṇa*, quoted by Ānandavardhana, speaks of the poet as the soul creator of a world called poetry, which also very much like the visible world, changes its phenomena as par the poet's will.

*apāre kāvyasaṃsāre kavirekaḥ prajāpatiḥ*
*yathāsmai rocate visvaṁ tathedaṃ parivartate*[2]
*śringāri cet kaviḥ kāvye jātaṃ rasamayaṃ jagat*
*sa eva vitarāgaś cennirasaṃ sarvameva tat*

Various rhetoricians like Vāmana, Rājaśekhara, Ruyyaka etc.diversely classified the poets. According to Vāmana the poets can be of two types[3]—*arocakinaḥ* or the disapproving, and *satṛnābhyavahārinaḥ* or the ever approving. The former is endowed with the power of discretion and is fit to be rectified; while the latter is indiscreet and is not capable of being rectified. Rājaśekhara opined that there could be three kind of poets[4]—*sārasvatakavi*

or a poet who is favourite to the goddess of learning; *abhyāsakavi* or a poet who develops his skill of willing poetries by practice; and *aupadeśikakavi* or a poet who acquires his skills by the mode of instruction. Ruyyaka, on the other hand, admits four kids of poets[5] as contrasted to two and three by Vāmana and Rājaśekhara respectively—*satkavi* or the great poets who employ *Vaidarbhī* (eg. Vālmīki,Kālidāsa); *vidagdhakavi* or the poets who employ *vakrokti* (eg. Vyāsa, Bhāsa) *arocakikavi* or the poets who generally adopt figures of sense (eg. Bhāravi, Māgha); and *satṛnābhyavahārinaḥ* or the poets who adopt *gauḍī* as also various figures of sound such as *yamaka*, *śleṣa* etc.

In view of the aforementioned verse quoted from the *Agnipurāṇa*, one may wonder as to why the poets were rated so highly (i.e. *apāre kāvyasaṃsāre kavirekaḥ prajāpatiḥ)*. Hemacandra tried to justify the poet's glorified status in his *Kāvyānuśāsana* having quoted Bhaṭṭa Tauta's view that a poet banks on his vision and expression for his unique creation.[6] Thus a poet becomes greater than a sage or a philosopher. A poet has the power of expression in addition to the sage like vision.

A *sahṛdaya* or connoisseur is primarily concerned with *kāvya-āsvādanā* or appreciation of the poetry created by a poet. An appreciator must learn how to derive niceties out of a piece of literature. Rājaśekhara expressly clarified the status of an appreciator-'what is the use of such a poem which remains in the mind and not taken to different direction by the appreciative readers'[7]. The poet his literary produce, and reader are often referred to as tree, flower and wind respectively. 'The tree blooms into flowers and the wind carries its fragrance'[8]. Though the poet creates his *kāvya*, or so to speak a literary world of his own out of his vision and expression, a connoisseur recreates the world of poem within his mind by the mode of speculation and cultivation. One might say that a *kāvya* is twice born; first, on the poet's level when his creative imagination (kārayitrī pratibhā) conceives it and then, on the level of the connoisseur who, in the capacity, is known as *bhāvaka*, the same poem is brought to life by his power of imagination, his *pratibhā bhāvayitrī*. Thus various rhetoricians like Abhinavagupta stressed the importance of firmly establishing the psychological inter-relationship between a poet *(kavi)* and an appreciative reader *(sahṛdaya)* of his work, since poetic creation should have appreciation as its sole end.

**Notes and referentes**

1. Abhinavagupta, Locana, quoted in Masson and Patwardhan, Aesthetic Rapture Vol 2 ( Poona: Deccan College of Postgraduate and Research Institute, 1970) p.10.

2. Agnipurāṇa, 339/10.
3. Kāvyalaṁkārasūtravṛtti, II/1-4.
4. "Ta ime trayopi Kavayah sārasvata abhyāsika nupadeśikaśceti"— Kāvyamīmāṁsā, II.3.
5. Sāhityamīmāṁsā, VII.5.
6. See for details, Sarma Sivadatta (ed), Kāvyānuśāsana of Hemacandra, p.379, Nirnaysagar press, Mumbai,1934.
7. "kāvyena kiṁ kavestasya tanmanomātravṛttina
niyante bhāvakairyasya na nivandhā diśo daśa"
(Kāvyamīmāṁsā, II.7) See for details C.D.Dalal (ed.), Kāvyamīmāṁsā of Rājaśekhara, p.15, Oriental Institute, Baroda, 1934.
8. An oft-quoted passage—"taruḥ sṛjati puṣpāni marud vahati saurabhaṃ"; See Journal of the AIRI (Vol-I), p.64, Mumbai,1998.

## Books consulted


1. Caudhari Satya Deva, Glimpses of Indian Poetics, Sahitya Akademi, 2002.
2. Devy G. N., Indian Literary Criticism: Theory and Interpretation, Orient Blackswan, 01-Jan-2002.
3. George K. M., Western Influence on Malayalam Language and Literature, Sahitya Akademi, 1972.
4. Goodwin Robert E., The playworld of Sanskrit Drama, Motilal Banarasidass,1998.
5. Hedge Suryanarayana, The Concept of Vakrokti in Sanskrit Poetics, a Reappraisal, Readworthy, 01-Jan-2009.
6. Lienhard Siegfried , A History of Classical Poetry: Sanskrit, Pali, Prakrit, Otto Harrassowitz Verlag, 1984.
7. Nakayama Thomas K., Halualani Rona Tamiko—The handbook of critical intercultural communication, John Wiley & Sons, 2011.
8. Prasad Gupteshwar, I.A. Richards and Indian Theory of Rasa, Sarup & Sons, 1994.
9. Ray Mohit Kumar , A Comparative Study of the Indian Poetics and the Western Poetics, Sarup & Sons, 01-Jan-2008.


# ঘুমপরীর আলোকে বৈদিক ছন্দের বিবরণ

পার্থসারথি শীল

নমো নমো নমো মহাকাল,
নমো বেঙ্কটেশ-পদ্মাবতী।
'ঘুমপরী' পদ্যের আয়নায়

বিম্বিত বৈদিক ছন্দোগতি।

ক্রান্তদর্শী মহর্ষিরা[১]
পেলেন তাঁদের তপোবলে
হারিয়ে গেছল যে জ্ঞানরাশি
যুগযুগলের সন্ধিকালে।।[২]

অগ্নি-সোমের সমন্বয়ে
রচিত এই পৃথিবীতে
প্রজ্ঞানেত্রে দেখায় গো বেদ
অলৌকিক এক ভিন্ রীতিতে।।[৩]

ইষ্ট পাবো রাঘব দূরে অনিষ্টেরে
অতীন্দ্রিয় বেদই সেথায় উপায় যে রে।[৪]

মন্ত্র এবং ব্রাহ্মণভাগ[৫]
মিলিয়ে পাওয়া জ্ঞানরাশিরে
জানার উপায় ছয় বেদাঙ্গ
বেদপুরুষের অঙ্গ ঘিরে।

ব্যাকরণ সেই পুরুষবদন
কল্প হল হাত এক জোড়া
জ্যোতিষ যে তার লোচনসম
নিরুক্তে তার শ্রবণ গড়া।।

শিক্ষা বেদপুরুষঘ্রাণ
আচার্যদের সবার মতে,
ছন্দ হল চরণযুগল,
যাত্রা ছয়ের[৬] বোধের রথে।
মন্ত্রপ্রতি ছন্দ ঋষি
যাগ-বিনিয়োগ আর দেবতা[৭]
চারটি জানেন বেদ-মনীষী,
মন্ত্র কাঁটা[৮] হয় অন্যথা।

ছন্দ যেথায় আখর গুণে[১০]
জানবে সেটি বেদের বটে।
লঘু-গুরু-গণের মাপে
লৌকিকে সব ছন্দ ঘটে।

মন্ত্র করে শ্রুতিমধুর,
শ্লোককে করে আনন্দিত,
পাপকে আচ্ছাদিত করে
ছন্দোনদী প্রবাহিত।

নানা অর্থে এই শব্দের
প্রয়োগ পাচ্ছি স্থানে স্থানে,
উদাহরণ ঋঙ্‌মন্ত্রে,
ব্রাহ্মণেতেও একেক খানে।

সায়ণ মতে ছন্দোমূলে
চুরাদি ছদি সংবরণে;
অন্যখানে তিনিই বলেন
ধাতুটি ছদ অপবারণে।[১১]

ঔণাদিক অসুন্ যোগে
'ছন্দ' শব্দ জন্ম নিল
চন্দ/চদি-র সঙ্গে 'অসি'-
যুক্ত হয়েও 'ছন্দ' দিল।

চদি ধাতুর চ এর স্থানে
আদেশ হল 'ছ' কার দেখি,
সূত্রঃ 'চন্দরাদেশ্চ ছঃ'[১২]
সর্বজ্ঞানের আকর একি!
রশ্মি তুমি, সূর্যরূপেও[১৩]
ছন্দ তোমার অর্থ মেলে।

প্রজাপতির আচ্ছাদনও
ছন্দ, তুমিই রচেছিলে।[১৪]

সূর্যের সাত অশ্বরূপে[১৬]
বৈদিকসাহিত্যে খ্যাত।
গুরুকুলে শিক্ষা-শেষে
শিষ্য অভিষিক্ত, স্নাত।
ত্রিষ্টুপ্ উষ্ণিক্ গায়ত্রী পঙ্‌ক্তি
বৃহতী অনুষ্টুপ্ জগতী-সাতটি
ছন্দের লীলাচলে ঋক্ সাম মন্ত্রে।
তাই দিয়ে জীবাত্মা হৃদ্‌বীণাযন্ত্রে
আরতির ধুন তুলে পূজা করে প্রকৃতির।
অগ্নির প্রিয়তনু ছন্দেরা-বলছেন তৈত্তির।[১৭]

অক্ষরসংখ্যার নিয়ম যে মানে না—
যজুর্মন্ত্রে তাই ছন্দও থাকে না।[১৮]
তবে কিনা ভরত বলেন ছন্দোবিহীন শব্দ কোথা?
আবার দেখো, শব্দ বাদে ছন্দও কি বলবে কথা?[১৯]
ছন্দ-শব্দ পরস্পরে
এমনি করেই বিবাহিত।
কোনো শব্দ এই জগতে
বে-ছন্দে নয় উচ্চারিত।[২০]
অক্ষরসংখ্যা অবচ্ছেদে
ছন্দ শব্দ বিকশিত।
সপ্ত[২১] বেদের ছন্দ হল
ঋঙ্‌মন্ত্রে প্রকাশিত।
মৃত্যুভয়ে দেবতারা
ছন্দে হল আচ্ছাদিত।
উপনিদানসূত্রে[২২] সেটাই
ছন্দস্ এর ছন্দত্ব।
ছন্দ(ছদি) ধাতুর উল্লেখ পাই
কেবল জৈন শাকটায়নে,
আর পাণিনীয়ধাতুপাঠের
প্রাচ্যশাখায়, নয় দখিনে।[২৩]
ঋগ্বেদে তো ছন্দ (ছদি) ধাতুর
প্রয়োগ দৃষ্ট যত্র তত্র,[২৪]
অপঠিত বলেই তা নেই

বলতে নারি তা সর্বত্র।
একটি দুটি অক্ষরের কম-বেশিতে
ছন্দপতন হয় না, কোনো হয় না ক্ষতি।

ঐতরেয় ব্রাহ্মণের[২৭] বাক্যই তার
সমর্থনে উজ্জ্বল দৃষ্টান্তজ্যোতি।
ক্ষৈপ্র কিংবা অভিনিহিত,
নয়তো ইয়াদিপূরণ[২৮]—
ঠিক যেমনটা গায়ত্রীতে
"বরেণ্যং" উচ্চারণ।
ছন্দ শব্দ আর্য গ্রন্থে,
অভিলাষে বা পদ্যে,[২৯]
অনিয়ন্ত্রিত আচারেও হয়
মেদিনীকোশ[৩০] মধ্যে।
সাত ছন্দের উত্তরোত্তর
চার অক্ষর বৃদ্ধি।[৩১]
ইন্দ্রাদি[৩২] থেকে শুরু করে
বহুধা সমৃদ্ধি।
দেবতা নির্দিষ্ট আছেন ছন্দ প্রতি
অগ্নির পরে সবিতা আর সোম,
বৃহস্পতি মিত্রাবরুণ ইন্দ্র,
বিশ্বদেব বিহিত এই হোম।[৩৩]
তাণ্ডব্রাহ্মণ পিঙ্গল আর
নিদান সূত্রে অধিগত,
উক্থশাস্ত্রে সেই প্রাচীনের
দেখা মেলে অবিরত।[৩৪]
ছন্দের ইতিহাসে পিঙ্গল
আচার্য চিরসমাদৃত,
আর, মাণ্ডব্য[৩৫] ক্রৌষ্টুকি[৩৬] যাস্ক[৩৭]
রাত[৩৮]-সৈতব[৩৯]-তণ্ডী[৪০] বহুস্মৃত।

**তথ্যসূত্রঃ**

১। সাক্ষাৎকৃতধর্মাণ ঋষয় বভূবুঃ। তে অবরেভ্যোঽসাক্ষাৎকৃতধর্মভ্য উপদেশেন মন্ত্রান্ সম্প্রাদুঃ। *নিরুক্তম্*, ১.২০.২।

२। युगान्तेऽन्तर्हितान् वेदान् सेतिहासान् महर्षयः। लेभिरे तपसा पूर्वमनुज्ञाता स्वयम्भुवा॥ *महाभारतम्*, शन्तिपर्व, २१०.१९।

३। इष्टप्राप्त्यनिष्टपरिहारयोरलौकिकमुपायं यो ग्रन्थो वेदयति स वेदः। भाष्यभूमिका, *ऐतरेयब्राह्मणम्*।

४। प्रत्यक्षेणानुमित्या वा यस्तूपायो न विद्यते। एनं विदन्ति वेदेन तस्माद्वेदस्य वेदता।

५। मन्त्रब्राह्मणयोर्वेदनामधेयम्। आपस्तम्ब यज्ञपरिभाषासूत्रम्, १.३४।

६। छन्दः पादौ तु वेदस्य हस्तौ कल्पोऽथ पठ्यते।
ज्योतिषामयनं चक्षुर्निरुक्तं श्रोत्रमुच्यते॥
शिक्षा घ्राणं तु वेदस्य मुखं व्याकरणं स्मृतम्।
तस्माद् साङ्गमधीत्यैव ब्रह्मलोके महीयते॥ पाणिनीयशिक्षा, ४१-४२।

७। शिक्षा कल्पो व्याकरणं निरुक्तं छन्दसां चयः।
ज्यातिषामयनं चैव वेदङ्गानि षडेव तु॥

८। अविदित्वा ऋषिं छन्दो दैवतं यागमेव च।
योऽध्यापयेज्जपेद्वाऽपि पापीयान् जायते तु सः॥ बृहद्देवता, ८.१३६।

९। ऋषिच्छन्दो दैवतानि ब्राह्मणार्थं स्वराद्यपि।
अविदित्वा प्रयुञ्जानो मन्त्रकण्टक उच्यते॥ षड्गुरुप्रणीतभाष्यम्, सर्वानुक्रमणी १.२।

१०। यदक्षरपरिमाणं तच्छन्दः २.६।

११। वैदिकछन्दोमीमांसा, पृ. १२।

१२। पञ्चपादी ४.२१९, दशपादी ९.३८।

१३। सर्वज्ञानमयो हि सः, मनुस्मृति, २.७।

१४। छन्दांसि वै व्रजो गोस्थानः। तैत्तिरीयब्राह्मणम् (३।२।९।३)।

१५। एष वै रश्मिरन्नम्, शतपथब्राह्मणम् ८.५.२.१।
प्रजापतेर्वा एतान्यङ्गानि यच्छन्दांसि। ऐतरेयब्राह्मणम्, २.१६. वि.द्र. एतेन स्पष्टं भवति यद् आदित्येन सह सम्बद्धाः एते रश्मयः एव छन्दः।
अन्नं वाच पशवः, तान्यस्मा (प्रजापतये) अच्छदयँस्तानि यदस्मा अच्छद्यँस्तस्माच्छन्दांसि। शतपथब्राह्मणम् (८।५।२।१)।

१६। छन्दोभिरश्वरूपैः। वायुपुराणम् ५२।४५, हयाश्च सप्त छन्दांसि, विष्णुपुराणम् (२।९।७)।

१७। "अग्नेर्वै प्रिया तनू छन्दांसि।" तैत्तिरीयसंहिता ५.२.१।
"छन्दांसि वा अस्य सप्त धाम प्रियाणि।" माध्यन्दिनसंहिता १७.३९।

१८। यजुषामनियताक्षरत्वादेकेषां छन्दो न विद्यते। शुक्लयजुःसर्वानुक्रमणी।
"यजुषां च विशेषविहितं छन्दो न दृश्यते क्वचित्"। गुणविष्णु, छान्दोग्य मन्त्रब्राह्मणभाष्यम्। पृ. ७।
"यजुर्मन्त्राणां त्वपरिमिताक्षरोपेतत्वाच्छन्दोविभागो नास्ति"। सायणाचार्य, छान्दोग्यमन्त्रब्राह्मणभाष्यम्। पृ. ८।

१९। छन्दोहीनो न शब्दोऽस्ति, न छन्दः शब्दवर्जितम्। नाट्यशास्त्रम्, १४.४५।

२०। "नाच्छन्दसि वागुच्चरति इति"। निरुक्तम्, दुर्गाचार्यवृत्तिः।

छन्दोभूतमिदं सर्वं वाङ्मयम् स्याद्विजानतः। नाच्छन्दसि न चापृष्टे शब्दश्चरति कश्चन॥ कात्यायन, ऋग्यजुपपरिशिष्ट।

"छन्दोभाग्वाङ्मयं सर्वं न किञ्चिच्छन्दसां विना"। जयकीर्ति, छन्दोऽनुशासनम्, १.२।

२१। सप्ताश्वरूपाश्छन्दांसि वहन्ते नामतो धुरम्। गायत्री चैव त्रिष्टुप् च अनुष्टुब्जगती तथा॥ पङ्क्तिश्च बृहती चैव उष्णिणक् चैव तु सप्तमम्॥ वायुपुराणम् ५१.६४,६५

सप्ताश्वरूपाश्छन्दांसि वहन्ते वायुरंहसा॥ ४६॥ गायत्री चैव त्रिष्टुप् च जगत्यनुष्टुप् तथैव च। पङ्क्तिश्च बृहती चैव उष्णिगेव तु सप्तमः॥४७॥ अध्याय १२४, मत्स्यपुराणम्।

हयाश्च सप्त छन्दांसि तेषां नामानि मे शृणु। गायत्री च बृहत्युष्णिग्जगती त्रिष्टुबेव च॥ अनुष्टुप् पङ्क्तिरित्युक्ताश्छन्दांसि हरयो रवेः॥ विष्णुपुराणम्, द्वितीय अंश, ३.४।

२२। यस्माच्छादिता देवाश्छन्दोभिर्मृत्युभीरवः। छन्दसां तेन छन्दस्त्वं ख्यायते वेदवादिभिः॥ गार्ग्य, उपनिदानसूत्रम्, ८.२।

२३। वैदिकछन्दोमीमांसा, पृ. १४।

२४। छन्त्सि, ऋग्वेद १.१६३.४, छन्त्सत्, ऋग्वेद १.१३२.६, १०,३२.३, छन्दयसे, ऋग्वेद ८.५०.५, छन्दुः १.५५.४।

२५। न वा एकाक्षरेण छन्दांसि वियन्ति, न द्वाभ्याम्, ऐतरेयब्राह्मणम्, १.६.२.३७।

नाक्षराच्छन्दो व्येत्येकस्मात्, न द्वाभ्याम्। शतपथब्राह्मणम्, १३.२.१.३।

२६। पिङ्गलविरचितं छन्दःसूत्रम्, ३.२।

२७। ऋग्वेदः, ३.६२.१०।

२८। छन्दः पद्येऽभिलाषे च, अमरकोश, ३.३.२३२।

२९। छन्दः पद्ये च वेदे च स्वैराद्याचाराभिलाषयोः। मेदिनीकोश, सत्रिक २२।

३०। सप्त छन्दांसि चतुरुत्तराण्यन्योऽन्यस्मिन्नध्यर्पितानि, अथर्ववेदः ८.६.१९।

३१। इद्राच्छन्दः प्रथमं प्रास्यन्ददन्नं तस्मादिमे नामरूपे विपूची।

नाम प्राणच्छन्दोरूपमुत्पन्नमेकं छन्दो बहुधा चकाशीति॥ वाक्यपदीय १.१२१।

३२। अग्नेर्गायत्र्यभवत् सयुग्वोष्णिहया सविता सम्बभूव।

अनुष्टुभा सोम उक्थैर्महस्वान् बृहस्पतेर्बृहती वाचमावत्॥

विराण्मित्रावरुणयोरभिश्रीरिन्द्रस्य त्रिष्टुबिह भागो अह्नः।

विश्वान् देवान् जगत्या विवेश तेन च कल्पन्त ऋषयो मनुष्याः, ऋग्वेदः, १०.१३०।

३३। ब्राह्मणात् तण्डिनश्चैव पिङ्गलाच्च महात्मनः।

निदानादुक्थशास्त्राच्च छन्दसां ज्ञानमुद्धरम्॥ गार्ग्य, उपनिदानसूत्रम्।

३४। छन्दःसूत्रम्, ७.३४।

३५। छन्दःसूत्रम्, ३.२८।

৩৬। ছন্দঃসূত্রম্, ২, ২০।
৩৭। ছন্দঃসূত্রম্ ৩.৮।
৩৮। ছন্দঃসূত্রম্ ৩.২২।
৩৯। ছন্দঃসূত্রম্ ৫.১৮।
৪০। ছন্দঃসূত্রম্ ২.২৪।

# বর্তমানে বৈদিক সংস্কারগুলি কি কেবলই গতানুগতিক প্রথা নাকি কিছুটা আবেগময় আত্মীকরণ—একটি প্রশ্ন!

শম্পা দাস

১.০. প্রাচীন ভারতীয় বৈদিক সমাজ চারটি বর্ণে ও চারটি আশ্রমে বিভক্ত ছিল এবং এই বর্ণাশ্রমধর্মগুলি বিধৃত রয়েছে বেদনির্ভর ধর্মসংহিতাগুলিতে। ধর্মশাস্ত্রগুলিতে প্রতিপাদিত নিয়মনীতিগুলির উদ্দেশ্যই ছিল প্রত্যেকটি বর্ণের ও আশ্রমের লোকসমূহকে নিজ নিজ ধর্মে নিয়োজিত রাখা। আর সেকারণেই সেখানে বর্ণিত হয়েছে বিভিন্ন সদাচার ও সংস্কারসমূহ, যেগুলি যথাযথ পালনের দ্বারা মানুষ ধর্মের যথাযোগ্য অধিকারী হয়ে উঠতে পারে। কারণ ধর্ম হল তাই যা মানুষকে সনাতন সত্যের সন্ধান দেয় ; যা ক্ষুদ্র সংকীর্ণ সত্তাকে পরম সত্তার সাথে মিলিত করে। তাই পথপ্রদর্শকরূপে এই স্মৃতিগ্রন্থগুলির ছত্রে ছত্রে বিধৃত হয়েছে তৎকালীন সভ্যসমাজের বিশ্বাস ও অভ্যাস।

১.১. এ তো গেল তৎকালীন ধর্মভীরু বেদভিত্তিক জীবনচর্যায় অভ্যস্ত ভারতবাসীদের কথা। কিন্তু এখন প্রশ্ন, বর্তমান ভারতীয় হিন্দু সমাজ কি আজও এই ধর্মশাস্ত্রীয় সংস্কারগুলি পালন করে ; নাকি পালন করলেও তা নিতান্তই গতানুগতিক ; শরীর ও আত্মার শুদ্ধিকরণে তা কি কোনোভাবেই ছাপ ফেলে!

২.০. প্রথমেই আলোচনা করা যাক বিবাহ সংস্কার নিয়ে। স্নাতক ব্রহ্মচারী গুরুগৃহে বেদাধ্যয়ন সমাপ্ত করে সমাবর্তন অনুষ্ঠানের পর সবর্ণা সুলক্ষণা নারীকে বিবাহ করে গার্হস্থ্যাশ্রমে প্রবেশ করতেন। চারটি আশ্রমের মধ্যে গার্হস্থ্যাশ্রমই শ্রেষ্ঠ, কারণ গৃহস্থই তিনটি আশ্রমের ধারক ও পোষক—'গৃহস্থ উচ্যতে শ্রেষ্ঠঃ স ত্রীনেতান্ বিভর্তি।' (মনু, ৬.৮৯)। সেকারণেই প্রথমে বিবাহ সংস্কার নিয়ে আলোচনা করব।

মনুসংহিতার তৃতীয় অধ্যায়ে স্পষ্টভাবে আটপ্রকার বিবাহের কথা উক্ত—ব্রাহ্ম, দৈব, আর্ষ, প্রাজাপত্য, আসুর, গান্ধর্ব, রাক্ষস ও পৈশাচ।

**ব্রাহ্মবিবাহ ও প্রাজাপত্য বিবাহ ঃ** শাস্ত্রজ্ঞানসম্পন্ন ও চরিত্রবান্ পাত্রকে কন্যাপক্ষীয়েরা স্বয়ং আহ্বান করে, যথোচিত অভ্যর্থনাপূর্বক কন্যাকে সুচারু বস্ত্রে আচ্ছাদিত ও অলংকারে ভূষিত করে ঐ পাত্রের হাতে যদি সম্প্রদান করেন, তবে তাকে 'ব্রাহ্ম বিবাহ' বলা হয় (মনু, ৩.২৭)।

'তোমরা দুজনে মিলে একসাথে গার্হস্থ্যধর্ম পালন করবে' এইভাবে পাত্রের কাছ থেকে স্বীকৃতি আদায় করে, যথাবিধি অলংকার প্রভৃতির দ্বারা সমাদর করে, পাত্রের হস্তে কন্যাকে সম্প্রদান করাকে বলা হয়

'প্রাজাপত্য বিবাহ' (মনু. ৩.৩০)।

বর্তমান ভারতে আজও এই দুটি বিবাহ প্রচলিত আছে। একটু অন্যভাবে এটিকে 'Arrange marriage' ও বলা যেতে পারে, যেখানে কন্যাপক্ষীয়েরা কন্যার সুযোগ্য পাত্রের সন্ধান করে যথোচিত অভ্যর্থনাপূর্বক কন্যাকে যথাসাধ্য দান করে শাস্ত্রীয় বিধি অনুসারে কন্যার বিবাহ দেন। এমনকি সেখানে বরকেও নির্দিষ্ট কিছু বস্তু দান করা হয়। যদিও কোনো কোনো ক্ষেত্রে কন্যাকে দান করার পরিমাণ কন্যার পিতার পরিবর্তে বরপক্ষীয়েরা স্থির করে দেন, যেটি বর্তমানে 'পণপ্রথা' নামে পরিচিত।

**দৈব বিবাহ ঃ** জ্যোতিষ্টোমাদি যজ্ঞের অনুষ্ঠানকালে সেই যজ্ঞে যিনি পৌরহিত্য করেন, তাঁকে যদি সালংকারা কন্যা দান করা হয়, তবে সেই বিবাহকে 'দৈব বিবাহ' বলে। ইদানীংকালে এই বিবাহ পরিলক্ষিত হয় না (মনু. ৩.২৮)।

**আর্ষ বিবাহ ঃ** ধর্মশাস্ত্রের বিধান অনুযায়ী পাত্রের কাছ থেকে এক জোড়া অথবা দুই জোড়া গাভী ও বৃষ নিয়ে ঐ পাত্রকে যে কন্যাদান করা হয় তা 'আর্ষ বিবাহ' (মনু. ৩.২৯)।

আজও অরুণাচলের লোয়ার দাবাং জেলার ইদুমিস্মি নামক উপজাতি ও পশ্চিমবঙ্গের অরণ্যাঞ্চলের সাঁওতাল সম্প্রদায়ের মধ্যেও এই বিবাহ সুপ্রচলিত। ইদুমিস্মি উপজাতি সম্প্রদায়ের মধ্যে ন্যূনতম একটি 'মিথুন' (যেটি দেখতে হুবহু বাইসনের মত) পাত্রের কাছে থেকে নিয়ে কন্যার বিবাহ দেওয়া হয়। যদিও অবস্থাপন্ন পাত্রপক্ষীয়েরা দুটি মিথুনও দিতে পারে। মেদিনীপুরের সাঁওতাল সম্প্রদায়ে একটি সাদা শুয়োর (যেটির গায়ে একটুও কালো দাগ থাকবে না), কয়েক জালা হাঁড়িয়া (উত্তেজক পানীয়বিশেষ), গয়না প্রভৃতি নিয়ে কন্যার বিবাহ দেওয়া হয়।

**আসুর বিবাহ ঃ** কন্যার পিতা বা অন্য কোনো গুরুজনকে যথাসাধ্য ধনদান করে এবং কন্যাকেও স্ত্রীধনের মাধ্যমে যে বরকর্তৃক গ্রহণ, তাকে 'আসুর বিবাহ' বলে (মনু. ৩.৩১)। এখানে শাস্ত্রানুসারে নয়, স্বেচ্ছায় কন্যার আত্মীয়স্বজনকে ও কন্যাকে ধন দিয়ে কন্যাগ্রহণ করতে হত। আর্ষ বিবাহ থেকে এই বিবাহের পার্থক্য এই যে, আর্ষ বিবাহে শাস্ত্রের নির্দেশে একজোড়া গোমিথুন দেওয়া হয়, কিন্তু আসুর বিবাহের ক্ষেত্রে পাত্র স্বেচ্ছায় কন্যার রূপে গুণে আকৃষ্ট হয়ে এবং স্বতঃপ্রবৃত্ত হয়ে অনির্দিষ্ট পরিমাণ একটি অর্থ দিত।

বর্তমান বিবাহব্যবস্থাতেও পাত্রপক্ষীয়েরা কন্যা ও কন্যার আত্মীয়স্বজনকে বস্ত্র প্রভৃতি দান করেন। তবে সেটি অনেক সময় অর্থ নাও হতে পারে। অবশ্য এটি কন্যাপক্ষীয়েরাও অনেক সময় পালন করেন সামর্থ্যানুযায়ী। এই অনুষ্ঠানটিকে 'তত্ত্বানুষ্ঠান'ও বলা হয়।

**গান্ধর্ববিবাহ ঃ** পাত্র ও কন্যার পরস্পর অনুরাগবশতঃ যে সংযোগ বা মিলন হয় তাকে 'গান্ধর্ব বিবাহ' বলা হয়। এই বিবাহ কামমূলক ও মৈথুনেচ্ছায় ঘটে থাকে (মনু. ৩.৩২)।

আধুনিক সমাজে গান্ধর্ব বিবাহ অতি প্রচলিত একটি বিবাহব্যবস্থা। অবশ্য কোনো কোনো ক্ষেত্রে পাত্র ও কন্যা স্বেচ্ছায় বিবাহবন্ধনে আবদ্ধ হওয়ার পর পরবর্তীকালে এই বিবাহ সংস্কার হোমাদি অনুষ্ঠান দ্বারা সম্পন্ন হয়। কোথাও কোথাও আবার পাত্র ও কন্যা পরস্পরকে পছন্দ করে পরবর্তীকালে গুরুজনদের অনুমতি নিয়ে শাস্ত্রীয় অনুষ্ঠান দ্বারা বিবাহবন্ধনে আবদ্ধ হয়।

**রাক্ষস বিবাহ ও পৈশাচ বিবাহঃ** কন্যাপক্ষীয় ব্যক্তিদের (যদি তারা বাধা দিতে আসে) লাঠি, কাঠ প্রভৃতির দ্বারা আঘাত করে বা হত্যা করে, খড়্গাদির আঘাতের দ্বারা অঙ্গচ্ছেদন করে, প্রাচীর, দুর্গ প্রভৃতি ভেদ করে, রোরুদ্যমানা কন্যাকে (কন্যাটির বিবাহে ইচ্ছা না থাকায় ভয়ে সে কাঁদতে থাকে, অথবা নিজেকে বিপন্ন মনে

করে অন্যের কাছে সাহায্য প্রার্থনা করে সে কাঁদতে থাকে) বলপূর্বক হরণ করে যে বিবাহ করা হয়, তা 'রাক্ষস বিবাহ' (মনু. ৩.৩৩)।

নিদ্রায় অভিভূতা, মদ্যপানের ফলে বিহ্বলা, কিংবা অপ্রকৃতিস্থা নারীকে নির্জনে নিয়ে গিয়ে যদি সম্ভোগ করা হয়, তাহলে সেটি 'পৈশাচ বিবাহ'। আটপ্রকার বিবাহের মধ্যে এই বিবাহটি পাপজনক ও সকল বিবাহ থেকে নিকৃষ্ট (মনু. ৩.৩৪)।

তৎকালীন সমাজের মত বর্তমান সমাজেও এই দুটি বিবাহ অত্যন্ত নিন্দনীয় এবং বর্তমানে দুটি কাজই গুরুতর অপরাধ বলে চিহ্নিত হয়। এবং সাধারণতঃ দুটি ক্ষেত্রেই অপরাধী অপহরণকারী কন্যাকে বিবাহ করে না, কেবল সম্ভোগের জন্য অপহরণ করে। বিশেষ করে পৈশাচ বিবাহের নমুনা প্রায় প্রত্যহই সংবাদপত্রের খবরে পাওয়া যায়।

৩.০. বিবাহ সংস্কারের পরেই যে সংস্কারটির অনুষ্ঠান করা হত তৎকালীন সমাজে তা হল 'গর্ভাধান সংস্কার'। এটিকে 'নিষেক'ও বলা হয়। বিবাহোত্তর স্বামী-স্ত্রীর শারীরিক সম্পর্কের ফলে যে সন্তানের জন্ম, তা 'গর্ভাধান সংস্কার' বলে উক্ত।

এখনও গর্ভাধান সংস্কারের প্রয়োগ লক্ষ্য করতে গেলে প্রথমেই আমাদের কয়েক পুরুষ পূর্বের সময়কালের দিকে একটু নজর দেওয়া প্রয়োজন। কয়েক বছর আগে পর্যন্তও বাল্যবিবাহ আমাদের হিন্দুসমাজে প্রচলিত ছিল। যদিও আজও রাজস্থানের কিছু অঞ্চলে তা প্রচলিত। সেক্ষেত্রে বিবাহের পরেও নাবালিকা ঐ কন্যাকে ঋতুমতী না হওয়ার কারণে স্বামীর সাথে মিলিত হওয়ার অনুমতি দেওয়া হত না। ঐ কন্যা ঋতুমতী হলে ঋতুকালের অন্তে কন্যাকে স্নান করিয়ে, নতুন বস্ত্রে, অলঙ্কার দ্বারা ভূষিত করে স্বামীর সাথে মিলিত হওয়ার জন্য প্রেরণ করা হত। বর্তমানে বাল্যবিবাহ সেভাবে প্রচলিত না থাকায় কন্যার ঋতুমতী না থাকার কোনো সমস্যা থাকে না। কিন্তু তৎসত্ত্বেও বিবাহের একদিন পরে 'বাসর রাত্রি' বা 'ফুলশয্যা' নামক অনুষ্ঠানে স্বামী-স্ত্রীর মিলনের সামাজিক স্বীকৃতি দেওয়া হয়।

৪.০. গর্ভাধান সংস্কারের পরে অনুষ্ঠিত 'পুংসবন সংস্কার'-এর কথা যাজ্ঞবল্ক্যসংহিতা, বিষ্ণুসংহিতা, বৃহৎপরাশরস্মৃতি প্রভৃতি স্থানে উক্ত হয়েছে। গর্ভে সন্তান উৎপন্ন হলে পুরুষ সন্তান হবার জন্য যে সংস্কার করা হয় তা 'পুংসবন সংস্কার' বলে উক্ত।

ভারতীয় সমাজে এরূপ কোনো সংস্কার সেভাবে আনুষ্ঠানিকভাবে প্রচলিত নেই। তাছাড়া বর্তমানে বিজ্ঞানের দৌলতে সন্তানের লিঙ্গনির্ধারণ করা সম্ভব কিন্তু যেটি দণ্ডনীয় অপরাধ বলে চিহ্নিত। তবে প্রসঙ্গক্রমে বলা যায় যে নিঃসন্তান পিতামাতা সন্তানকামনায় কার্ত্তিকসংক্রান্তিতে 'কার্ত্তিকপূজা' নামক পূজা সম্পন্ন করে থাকেন।

৫.০. 'সীমন্তোন্নয়ন সংস্কার'টি পুংসবন সংস্কারের পরে অনুষ্ঠিত হত। যাজ্ঞবল্ক্য, বিষ্ণু, বৃহৎপরাশরস্মৃতিতে এই সংস্কারের উল্লেখ মেলে। যাজ্ঞবল্ক্যের মতে গর্ভের ষষ্ঠ বা অষ্টম মাসে 'সীমন্তোন্নয়ন সংস্কার' করা হয়। 'সীমন্ত' কথার অর্থ হল কেশের অগ্রভাগ বা সিঁথি। অর্থাৎ যে সংস্কারে গর্ভবতী কন্যার কেশের যত্নসহকারে পরিচর্যা করা হয়, তা হল 'সীমন্তোন্নয়ন সংস্কার'।

এই সংস্কারটি অত্যন্ত বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গীসম্পন্ন সংস্কার। কারণ একটি কন্যার গর্ভসঞ্চারের পর বিভিন্নরকম শারীরিক পরিবর্তন ঘটে, ক্লান্তি আসে এবং শরীরের বিশেষ যত্ন নেওয়া তার পক্ষে সম্ভব হয়ে ওঠে না। তাছাড়া এসময় পরিজনের কাছ থেকে বিশেষ রকম যত্ন পাওয়ারও একপ্রকার আকাঙ্ক্ষা থাকে।

বর্তমানে বিশেষ করে বাঙ্গালীদের মধ্যে 'সাদভক্ষণ' নামক একটি অনুষ্ঠান গর্ভের পাঁচ মাসে ও ন'মাসে অনুষ্ঠিত হয়। যেখানে গর্ভবতী কন্যাকে সুস্বাদু খাবার, নতুন বস্ত্র প্রভৃতি উপহারের দ্বারা এবং তার চুল বেঁধে, কাপড় পরিয়ে, আলতা পরিয়ে সাজিয়ে দিয়ে তার বিশেষ যত্ন নেওয়া হয়। এতে করে ঐ কন্যার মানসিক আনন্দও বর্দ্ধিত হয়। প্রসঙ্গক্রমে 'শোষ্যন্তী হোম' নামক সংস্কারটির কথা বলা যায়, যেটি সন্তানের জন্মগ্রহণের পূর্বে পূর্বেই করা হত মায়ের আনন্দবর্ধনের জন্য ও সন্তানের মঙ্গলকামনায়। যদিও পুরুষসন্তান কামনাতেও এই সংস্কার সম্পন্ন করা হত। রঘুনন্দনের 'সংস্কারতত্ত্ব' গ্রন্থে এই সংস্কারের উল্লেখ মেলে।

৬.০. সন্তানের জন্মগ্রহণের পর জাতকর্ম' নামক সংস্কারটি পালন করা হত। এটিতে নবজাতককে নাভীচ্ছেদের আগে মন্ত্রোচ্চারণপূর্বক স্বর্ণ, ঘি ও মধু ভোজন করাতে হয় (মনু. ২.২৯)।

এখন বিজ্ঞানের কুশলে বেশিরভাগ শিশুরই জন্ম চিকিৎসালয়ে হয়ে থাকে, তাই সন্তানের জন্মের সময়ই তার মুখে স্বর্ণ, ঘি, মধু ছোঁয়ানো সম্ভব হয়ে ওঠে না। কিন্তু পরবর্তীকালে এই অনুষ্ঠানটি করা হয়। বিশেষ করে, নবজাতকের মুখে মধু দেওয়া হয় কারণ এতে নাকি শিশুটি মিষ্টভাষী হয় এবং ওষ্ঠদ্বয়ে ঘি লাগাতে হয় যাতে সে বুদ্ধিমান্ ও স্মৃতিধর হয়। প্রসঙ্গতঃ উল্লেখ করা যেতে পারে যে, নবজাতকের জন্মের পর ষষ্ঠ রাত্রিতে 'ষষ্ঠী পূজা' করা হয়। রঘুনন্দন তাঁর ' জ্যোতিষতত্ত্ব' গ্রন্থে এর উল্লেখ করেছেন। বাংলায় এখনও এর প্রচলন আছে। শিশুকে নতুন বস্ত্র পরিয়ে, প্রদীপ জ্বালিয়ে, ফল, মিষ্টি, পাঁচকড়াই প্রভৃতি দিয়ে পূজা দিয়ে ভাগ্যদেবতাকে প্রসন্ন করার জন্য মা সারা রাত্রি শিশুকে কোলে নিয়ে ঐ জ্বলন্ত প্রদীপের সামনে (প্রদীপটি নিভতে দেওয়া যায় না) বসে থাকে। কোনো কোনো কুলে শিশুর জন্মের একুশ দিন পর এই ষষ্ঠীপূজা সম্পন্ন হয়।

৭.০. সন্তান জন্মাবার পরেই অবশ্যম্ভাবিভাবে তার নামকরণের প্রসঙ্গ আসে। মনুর মতে জন্ম থেকে দশম অথবা দ্বাদশ দিনে, যাজ্ঞবল্ক্যের মতে একাদশ দিনে 'নামকরণ সংস্কার' করণীয়। এমন সময় নামকরণ করা উচিত যে সময় তিথি ও মুহূর্ত, নক্ষত্র হবে শুভ। এছাড়াও মনুসংহিতায় উক্ত হয়েছে যে, ব্রাহ্মণের নাম হবে মঙ্গলবাচক, ক্ষত্রিয়ের নাম হবে বলসূচক, বৈশ্যের নাম হবে ধনবাচক এবং শূদ্রের নাম হবে জুগুপ্সিত অর্থাৎ নিন্দাবাচক।

যদিও এখন ব্রাহ্মণ ব্যতীত অন্য তিনটি বর্ণবিভাগ স্পষ্টভাবে না থাকায় ও সামাজিক অবস্থানের পরিবর্তনের কারণে এরূপ নামকরণ প্রক্রিয়া অপ্রচলিত। তবে অনেক পরিবারে নিজ নিজ কুলের নিয়মানুযায়ী অনুষ্ঠানযোগে সন্তানের নামকরণ করা হয়। অনেকসময় অন্নপ্রাশন সংস্কারের সময় শিশুর নামকরণ করা হয়। পাঁচটি বা সাতটি প্রদীপ জ্বালিয়ে প্রত্যেকটির নিচে পছন্দসই নাম রেখে দেওয়া হয়। যে প্রদীপটি শেষ পর্যন্ত জ্বলবে সেই নামটিই বেছে নেওয়া হয় শিশুর দীর্ঘায়ু কামনা করে।

৮.০. মনু, যাজ্ঞবল্ক্য উভয়েই 'নিষ্ক্রমণ সংস্কার' স্বীকার করেছেন। ভূমিষ্ঠ হবার পর শিশুকে তিন মাস সূতিকা গৃহে রাখার পর চতুর্থ মাসে তাকে সূতিকা ঘর বা আঁতুরঘর থেকে বাইরে এনে সূর্য দেখানো হত। নিজ কুলের নিয়মানুসারেও এই অনুষ্ঠান করা যেত (মনু. ২.৩৪)।

কয়েকপুরুষ পূর্বেও আঁতুরঘর নামক একটি আলাদা ঘর বাড়ির থেকে আলাদা করে থাকত। যেটি সাধারণত অত্যন্ত নোংরা, অন্ধকার ও স্যাঁতস্যাঁতে হত। সেই অস্বাস্থ্যকর পরিবেশে মা ও সন্তানকে রাখা হত এবং নিজ নিজ কুলের নিয়ম অনুযায়ী অশৌচ পালন করা হত। বর্তমানে আঁতুরঘর নামক একটি অস্বাস্থ্যকর পরিবেশে মা ও সন্তানকে না রাখা হলেও নিজ কুলসম্মত তেরো দিন, পনেরো দিন অথবা একুশ দিন অশৌচ পালন করা হয়। অশৌচ শেষ হলে মা ও শিশুর চুল পরিষ্কার করে, নখ কেটে তাদের স্বাভাবিকভাবে

বহির্জগতের সাথে মিশতে দেওয়া হয়। এই সংস্কারটির বিজ্ঞানসম্মত ব্যাখ্যা খুঁজলে এটিই স্বাভাবিক যে একটি তিন মাসের শিশুর পক্ষে সূর্যের প্রখর কিরণ সহ্য করা সম্ভব নয়। আর সেকারণেই এখনও শিশুকে বেশকিছুদিন আতুরঘররূপ জেলখানায় বন্দী করে না রাখলেও সরাসরি সূর্যের প্রখর কিরণে আনা হয় না।

৯.০. 'অন্নপ্রাশন' অতি পরিচিত একটি সংস্কার যা আজও সমাজে স্বমহিমায় অনুষ্ঠিত হয়। জন্ম থেকে ষষ্ঠ মাসে শিশুর অন্নপ্রাশন সংস্কার করা হয়। অথবা নিজ নিজ কুলের নিয়ম অনুযায়ী এই সংস্কার করণীয় (মনু. ২.৩৪)। এই সংস্কারের আগে পর্যন্ত দুধই শিশুর আহার।

এই সংস্কারটিও বর্তমান চিকিৎসাশাস্ত্রের অনুসারী। কারণ এই সময়ের আগে পর্যন্ত শিশুর শরীর অন্নজাতীয় আহার সুষ্ঠুভাবে পরিপাকের উপযোগী থাকে না, ফলে তখন মূলতঃ দুধই থাকে শিশুর আহার। কোনো কোনো পরিবারে পুত্রসন্তানের ক্ষেত্রে এই সংস্কার ছয়মাসে ও কন্যাসন্তানের ক্ষেত্রে এটি সাতমাসে অনুষ্ঠিত হয়। মামা, কাকা অথবা দাদুর কোলে শিশুটিকে নতুন বস্ত্রে সোনার থালায় ভাত, পায়েশ ও অন্যান্য ব্যঞ্জন সাজিয়ে দেওয়া হয়। তবে সোনার থালায় দেওয়া সম্ভব না হলে সোনার টুকরো দিয়ে শিশুকে ভাত খাওয়াতে হয়। এরপর শিশুটির সামনে নানা জিনিস রাখা হয় যেমন—বই, টাকা, মাটি প্রভৃতি ; তার মধ্যে থেকে শিশুটি যে জিনিসটি ছোঁবে তার দ্বারাই শিশুটির ভাবী জীবন নিয়ন্ত্রিত হবে বলে মনে করা হয়।

১০.০. 'চূড়াকর্ম' নামক সংস্কারটি শ্রুতির বিধান অনুসারে সমস্ত দ্বিজাতিরই প্রথম অথবা তৃতীয় বৎসরে পালনীয় (মনু. ২.৩৫)। রঘুনন্দনের মতে সাধারণভাবে তৃতীয় বর্ষই উল্লেখযোগ্য কাল তথাপি নিজ নিজ কুলের নিয়ম অনুযায়ী অন্য সময়েও এটি পালিত হতে পারে। একজন ক্ষৌরকারের সহায়তায় ক্ষুর দিয়ে শিশুর মাথার চুল কামিয়ে দেওয়া হয় এবং সেই সময় বিশেষ মন্ত্র উচ্চারণ করা হয় শিশুর ভাবী নিরাপত্তার উদ্দেশ্যে। যে চুল কেটে ফেলা হবে তাকে গোবরের মধ্যে রেখে গভীর অরণ্যে ফেলে দিতে হয়। কেটে ফেলা চুলের অশুচিতা দূর করার জন্য এবং অশুভ শক্তি দূর করার জন্যই দূরবর্তী অরণ্যে ফেলার নির্দেশ দেওয়া হত বলে মনে করা যেতে পারে। বিশেষতঃ অশুভ শক্তি দূর করার ক্ষেত্রে গোবরের বিশেষ উপযোগিত্ব আছে বলে সেযুগে মনে করা হত। অর্থাৎ চূড়াকরণ হল শিশুর প্রথম মস্তক মুণ্ডনের অনুষ্ঠান যেখানে মাথায় একগুচ্ছ চুল রেখে বাকী অংশ কামিয়ে ফেলা হত। এখন সমাজে এই সংস্কারটির এরূপ অনুষ্ঠান না হলেও শিশুর প্রথম মস্তকমুণ্ডনের পর সেই কেশগুলি দেবতার চরণে অথবা অশুভ শক্তি দূর করার জন্য মন্ত্রোচ্চারণ করে তা গুপ্ত কোনো স্থানে মাটিতে পুঁতে দেওয়া হয়।

১১.০. চারটি বর্ণের মধ্যে ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্রকে স্পষ্টভাবে চিহ্নিত করা না গেলেও ব্রাহ্মণবর্ণ সমাজে আজও স্বমহিমায় বিরাজমান। ফলে 'উপনয়ন সংস্কার'টিও সুপ্রচলিত। মনুর মতে আট বছর বয়সে ব্রাহ্মণের, একাদশ বছর বয়সে ক্ষত্রিয়ের এবং দ্বাদশ বছর বয়সে বৈশ্যের উপনয়ন সংস্কার বিধেয়। এই সংস্কারের দ্বারা আচার্যের সমীপে বালককে বেদাধ্যয়নের জন্য প্রেরণ করা হয়। ব্রাহ্মণের গর্ভাবধি ষোলো বছর পর্যন্ত, ক্ষত্রিয়ের বাইশ বছর পর্যন্ত ও বৈশ্যের চব্বিশ বছর পর্যন্ত সাবিত্রী অর্থাৎ উপনয়নের কাল অতিক্রান্ত হয় না।

আজও এই সংস্কারটি স্বমহিমায় পালিত হয়। কিন্তু কোনো ব্রাহ্মণের উক্ত সময়ের মধ্যে উপনয়ন সংস্কার পালিত না হলে প্রায়শ্চিত্তের পর এই সংস্কার পালনীয়। তবে তৎকালীন সমাজে এর উদ্দেশ্য ছিল বেদপাঠ। এখন উপনয়ন সংস্কার না হলেও বেদপাঠ সম্ভব ঠিকই কিন্তু উপনয়নহীন ব্রাহ্মণের দ্বারা পৌরহিত্য স্বীকৃত হয় না, তাছাড়া সেরূপ ব্যক্তি ব্রাহ্মণ বলেও সমাজে স্বীকৃতি পান না।

১২.০. ষোলো বছর বয়সে ব্রাহ্মণের, বাইশ বছরে ক্ষত্রিয়ের এবং চব্বিশ বছরে বৈশ্যের ' কেশান্ত সংস্কার'

করা হয় (মনু. ২.৬৫)। অর্থাৎ এই সময় চুল-দাড়ি কাটা হয়। 'গোদান' নামেও এই সংস্কারটি প্রসিদ্ধ। কিন্তু বর্তমানে এই সংস্কারটি প্রচলিত নেই।

১৩.০. বিদ্যাশিক্ষা সম্পন্ন করে ব্রহ্মচর্য শিক্ষায় ও ব্রতে কৃতকৃত্য হয়ে, গুরুগৃহ থেকে নিজগৃহে ফিরে আসার পর ব্রহ্মচারী পুত্রকে তার পিতা মালা ও অলংকারে ভূষিত করে, উচ্চাসনে বসিয়ে মধুপর্ক দ্বারা সম্মানিত করেন। এই সংস্কারটিই 'সমাবর্তন সংস্কার' বলে উক্ত (মনু. ৩.৩)। এর পরেই ব্রহ্মচারী গার্হস্থ্যাশ্রমে প্রবেশ করবেন।

আধুনিক সমাজে সংস্কারটি এভাবে পালিত না হলেও এর প্রয়োগ একটু অন্যভাবে হয়ে থাকে। পড়াশোনা শেষ হলে অর্থাৎ কোনো ডিগ্রি সম্পূর্ণ হলে প্রতিষ্ঠান থেকেই ঐ ডিগ্রিধারী বিদ্যার্থীদের অনুষ্ঠান করে সম্বর্ধনা দেওয়া হয়। সেখানে তাদের বিশেষ শংসাপত্র, ফুল, উত্তরীয় প্রভৃতি দ্বারা বিশেষভাবে সম্মানিত করা হয় এবং এর পরেই সাবলম্বী হওয়ার পর ঐ বিদ্যার্থী গার্হস্থ্যাশ্রমে প্রবেশ করেন।

১৪.০. মানুষের মৃত্যুর পর যে অন্তিম সংস্কার সম্পন্ন হয় সেটিই 'শ্মশান সংস্কার' নামে উক্ত। এটিকে 'অন্ত্যেষ্টি'ও বলা হয়। শ্মশান সংস্কারের সাথে অঙ্গাঙ্গিভাবে যুক্ত 'শ্রাদ্ধকর্ম' নিয়ে মনু, বিষ্ণু, পরাশর প্রমুখ প্রত্যেকেই অল্পবিস্তর আলোচনা করেছেন। পিতৃপুরুষের উদ্দেশ্যে মাসে মাসে যে শ্রাদ্ধ নির্দিষ্ট আছে, তা 'অন্বাহার্য' শ্রাদ্ধ নামে উক্ত। এই শ্রাদ্ধ উৎকৃষ্ট (অর্থাৎ যা বিধিবোধিত এমন) আমিষ দ্বারা সযত্নে সমাধা করতে হয়। পিতৃপুরুষদের শ্রাদ্ধে গুণবান্ ব্রাহ্মণ ভোজন করাতে হয়।

আধুনিক সমাজেও শ্মশান সংস্কার সম্পন্ন করার পর কুল অনুযায়ী দশদিন, বারোদিন, তেরোদিন অথবা পনেরোদিন অশৌচ পালন করা হয় ; তখন আমিষ ভক্ষণ নিষিদ্ধ থাকে। অশৌচ সম্পন্ন হলে আজও বহু নৈষ্ঠিক ব্রাহ্মণ গৃহে আমিষযোগে মাসিক শ্রাদ্ধ পালন করা হয় এবং শ্রাদ্ধে ব্রাহ্মণ ভোজনও করানো হয়।

১৫.০. Ritual বা ধর্মীয় আচার অনুষ্ঠান ভারতীয় জীবনচর্যার অন্যতম গুরুত্বপূর্ণ একটি অঙ্গ; যেগুলিকে বাদ দিলে ভারতবাসীর অস্তিত্ব থাকে না। তেমনই বৈদিক সংস্কারগুলিও সচেতনভাবে হোক বা অচেতনভাবেই হোক না কেন ভারতবাসীর গৃহের অন্দরমহলে বিশেষ একটি স্থান দখল করে আছে ; যেগুলি সামাজিকতার ধারক ও বাহক। এই সংস্কারগুলি যদি কেবলমাত্র গতানুগতিক নিয়ম হত, তাহলে তা এতদূর বহন করে আনা আমাদের পক্ষে সম্ভব হত না। কিন্তু সংস্কারগুলি গভীর আত্মীকতায় মসৃণ হয়েছে বলেই আজ একটু অন্য ছাঁচে অন্য রূপে আমরা সেগুলিকে পরিবেশন করছি ; এবং যা আমাদের আবেগ-অনুভূতির সাথে যুক্ত। এ প্রসঙ্গে রবীন্দ্রনাথের সেই উক্তিটি মনে পড়ে—'নতুনের ঢালাই পুরাতনের ছাঁচে' (প্রবন্ধ—'শিক্ষা')। আর সেকারণেই সংস্কারগুলি আজও প্রতিটি গৃহে সমান মর্যাদায় পালিত হয় ; তাই আজ তা কেবল অনুকরণ নয়, অনুভূতিবিশেষ।

## নির্বাচিত গ্রন্থসূচী

মনু। মনুসংহিতা। সম্পাদনা, পঞ্চানন তর্করত্ন। কলিকাতাঃ সংস্কৃত পুস্তক ভাণ্ডার, ২০০০। মুদ্রিত।

মোর, মনসুখরায়। স্মৃতি-সন্দর্ভঃ (Vol. I & II). কলকত্তাঃ গুরুমণ্ডলগ্রন্থমালা, ১৯৫২। মুদ্রিত। Gurumandal Series No. IX.

याज्ञवल्क्य। याज्ञवल्क्यस्मृतिः। सम्पादकः, नारायण राम आचार्य। न्यु दिल्लीः राष्ट्रीय संस्कृत [illegible], २०१०। मुद्रितः।

# পালবংশীয় রাজা ধর্ম্মপালদেবের খালিমপুর তাম্রশাসন ও কৌটিলীয় অর্থশাস্ত্র ঃ একটি সমীক্ষাত্মক মূল্যায়ন

অশোকতরু পান্ডা

পালবংশীয় দ্বিতীয় নরপাল ধর্ম্মপালদেবের ভূমিদানের একটি তাম্রশাসন মালদহের খালিমপুরে আবিষ্কৃত হয়েছে। তাম্রশাসনটির সময়কাল আনুমানিক খ্রীষ্টীয় অষ্টম শতক। বর্তমান মালদহে জেলার খালিমপুর গ্রামের উত্তরাংশে হলকর্ষণ করতে গিয়ে এক কৃষক এই তাম্রশাসনটি প্রাপ্ত হয়েছিলেন। তিনি এটিকে সিন্দুর লিপ্ত করে আমরণ পূজা করেছিলেন। তৎকালীন মালদহ জেলার কালেক্টর উমেশচন্দ্র বটব্যাল এই খবর পেয়ে ১৮৯৩ সালে কৃষক পত্নীর কাছ থেকে এই তাম্রপট্টটি ক্রয় করে এই শাসনের পাঠোদ্ধারে মনোনিবেশ করেন। তৎকর্তৃক উদ্ধৃত পাঠে অনেক অসঙ্গতি ও ভ্রমপ্রমাদ থাকলেও, সেটিই ১৮৯৪ সালে এসিয়াটিক্ সোসাইটির পত্রিকায় প্রকাশিত হয়েছিল।[১] পরবর্তীকালে অধ্যাপক কিলহর্ণ ১৮৯৭ সালে বহুযত্নে একটি বিশুদ্ধ পাঠ প্রকাশ করেছিলেন।[২]

এই তাম্রশাসনটি লম্বায় ৪২ সে.মি. এবং চওড়ায় ২৮ সে.মি.। এটির শীর্ষদেশের মধ্যস্থলে একটি মুদ্রা সংযুক্ত আছে যার মধ্যে "শ্রীমান্ ধর্ম্মপালদেবঃ" এই অক্ষরগুলি উৎকীর্ণ রয়েছে। প্রকৃতপক্ষে এটি একটি বৌদ্ধ-ধর্মচক্র-মুদ্রা, যার মধ্যস্থলে ধর্মচক্রচিহ্ন এবং উভয়দিকে মৃগমূর্ত্তি রয়েছে। এই তাম্রপট্টটির একদিকে ৩৩ পঙ্‌ক্তি এবং অপরদিকে ২৯ পঙ্‌ক্তি (সংস্কৃত ভাষায় রচিত পদ্যগদ্যাত্মক লিপি) উৎকীর্ণ হয়েছে। অনুশাসনটিতে মোট ১৯টি শ্লোক আছে, যার মধ্যে প্রারম্ভিক শ্লোকের সংখ্যা ১৩টি। কয়েকটি অক্ষর ছাড়া সমগ্র তাম্রশাসনটিই অক্ষুণ্ণ অবস্থায় প্রাপ্ত হয়েছিল।

খালিমপুর তাম্রশাসনটির গদ্যাত্মক অংশে এমন বিশেষ কয়েকটি শব্দবন্ধের প্রয়োগ ঘটেছে, যার মধ্যে আছে অনেকগুলি পারিভাষিক শব্দ, যা এই তাম্রশাসন ছাড়া অন্য কোনও শাসনে উল্লিখিত হয় নি। তাই সেগুলির সঠিক অর্থ নিরূপণ করাও কষ্টসাধ্য। যে চারটি গ্রামদানের কথা এই তাম্রপট্টে উল্লিখিত হয়েছে সেগুলির সীমানা বর্ণনাকালে যে শব্দগুলির অর্থ সন্দেহমূলক তার মধ্যে 'অর্ধস্রোতিকা', 'খাতক', 'খাটিকা', 'জোলক', 'ভিষুক', 'যানক' বা 'যানিকা' ইত্যাদি উল্লেখযোগ্য (৩১-৪৩ পঙ্‌ক্তি)। রাজকর্মচারীদের দীর্ঘ তালিকা (৪৪-৪৭ পঙ্‌ক্তি) দেওয়ার সময়েও কয়েকটি বিশেষ শ্রেণীর রাজকর্মচারীর পরিচয় পাওয়া যায় যাদের সঠিক দায়িত্ব কী ছিল সে বিষয়ে সন্দেহ জাগে। যেমন, 'ষষ্ঠাধিকৃত', 'দণ্ডশক্তি', ' খোল', ' জ্যেষ্ঠকায়স্থ', 'মহামহত্তর'। আবার কর সংক্রান্ত কয়েকটি পারিভাষিক শব্দও সন্দেহের উর্ধ্বে নয়। যেমন, 'তলপাটক' (৫১ পঙ্‌ক্তি), 'হট্টিকা' (৫২ পঙ্‌ক্তি), 'পিণ্ডক' (৫৫ পঙ্‌ক্তি) ইত্যাদি। যাইহোক, এই তাম্রশাসনটি বহুবার অনেক বিদগ্ধ পণ্ডিত বিশেষভাবে আলোচনা করলেও এই প্রবন্ধে তাম্রশাসনটির আলোচ্য বিষয়ের সঙ্গে মহামতি কৌটিল্যের

অর্থশাস্ত্র'র অনুরূপ বিষয়ের সংক্ষিপ্ত তুলনা করবার প্রচেষ্টা করা হয়েছে যা কৌটিল্য প্রণীত সুপ্রাচীন 'অর্থশাস্ত্র' গ্রন্থেও বিশেষ মর্যাদায় উল্লিখিত হয়েছে।

এই তাম্রশাসনটি উৎকীর্ণ করিয়ে, 'পরমেশ্বর পরমভট্টারক মহারাজাধিরাজ শ্রীধর্ম্মপালদেব' (৩০ পঙ্‌ক্তি) তদীয় বিজয়রাজ্যের 'সম্বৎ ৩২ মার্গদিন ১২' (৬১ পঙ্‌ক্তি) তারিখে 'পাটলিপুত্র সমাবাসিত' (২৮-২৯ পঙ্‌ক্তি) জয়স্কন্ধাবার থেকে 'শ্রীপুণ্ড্রবর্ধন-ভুক্ত্যন্তঃপতি-ব্যাঘ্রতটীমণ্ডলসম্বন্ধ-মহত্তাপ্রকাশ-বিষয়ে' (৩০-৩১ পঙ্‌ক্তি) এবং 'স্থলীকটবিষয়সম্বন্ধাম্রষণ্ডিকা-মণ্ডলান্তঃপাতি' (৪১-৪২ পঙ্‌ক্তি) স্থানে মহাসামন্তাধিপতি শ্রীনারায়ণবর্মাদি (৪৯ পঙ্‌ক্তি) প্রার্থনাক্রমে, নারায়ণবর্মা-কর্তৃক 'শুভস্থলীতে' নির্মিত দেবকুলে প্রতিষ্ঠিত 'ভগবন্ময়-নারায়ণ'এর ও 'তত্‌প্রতিপালক লাট-দ্বিজাদি'র (৪৯-৫১ পঙ্‌ক্তি) ব্যবহারার্থ ভূমিদান করেছিলেন।

এই তাম্রশাসনে পাল-রাজবংশের বংশসারণী তথা অভ্যুদয়ের কাহিনী বিবৃত হয়েছে। তাই এই শাসনটি প্রাচীন বঙ্গদেশের ইতিহাসের একটি বিশিষ্ট উপাদান বলে প্রসিদ্ধ। অদ্যাবধি পাল-রাজাদের যে সকল শাসন-লিপি আবিষ্কৃত হয়েছে, তার মধ্যে এটিই প্রাচীনতম। এই তাম্রফলকে কবির নাম উল্লিখিত না হলেও শিল্পীর নাম উল্লিখিত হয়েছে—"শ্রী ভোগটস্য পৌত্রেণ শ্রীমত্‌সুভটসূনুনা / শ্রীমতা তাতটেনেদং উৎকীর্ণং গুণশালিনা //" (৬১ পঙ্‌ক্তি)

ধর্ম্মপালের খালিমপুর তাম্রশাসনে তদীয় পিতৃদেব এবং বংশের আদি নরপতি গোপাল সম্পর্কে বলা হয়েছে যে, দেশের 'মাত্‌স্যন্যায়' (অরাজক অবস্থা) দূরীকরণের জন্য প্রকৃতিগণ শ্রীযুক্ত গোপালের সঙ্গে রাজলক্ষ্মীর বিবাহ দিয়েছিলেন (শ্লোক ৪)। কারও সঙ্গে রাজলক্ষ্মীর বিবাহ ঘটানোর অর্থ অবশ্যই তাঁকে রাজসিংহাসনে বসানো। কিন্তু প্রকৃতি শব্দের অর্থ নিয়ে পণ্ডিতদের মধ্যে বিতর্ক আছে এবং প্রকৃতি কীভাবে গোপালকে রাজা নির্বাচন করেছিল, সেই বিষয়েও পণ্ডিত সমাজে মতপার্থক্য বিদ্যমান। রমাপ্রসাদ চন্দের মতে, বাংলার জনসাধারণ কর্তৃক গোপালের নির্বাচনসূত্রে মাৎস্যন্যায় বিদূরিত ও গৌড়রাষ্ট্র পুনরুজ্জীবিত হয়েছিল। অক্ষয়কুমার মৈত্রেয়, রাখালদাস বন্দ্যোপাধ্যায় প্রমুখেরা এই বিষয়ে একমত পোষণ করতেন।[৫] রমেশচন্দ্র মজুমদার বলেন যে, জনসাধারণের ভোট-দ্বারা গোপালের নির্বাচন হয়েছিল বলে বিশ্বাস করা যায় না। কারণ সেই যুগে ও মাৎস্যন্যায়ের সময়ে ঐরূপ নির্বাচন সম্ভব ছিল না। তাঁর বিবেচনায় নির্বাচনটা প্রথমত করেছিলেন প্রধান প্রধান সামন্তরাজগণ এবং পরে তা জনগণের সমর্থন লাভ করেছিল।[৬] অধ্যাপক নীহাররঞ্জন রায়ও এই মতকে সমর্থন করেছেন।[৭] আব্দুল মোমিন চৌধুরীর মতে, প্রকৃতিগণের দ্বারা নির্বাচন বলতে election বা selection নয় ; প্রকৃতপক্ষে এই নির্বাচনের তাৎপর্য হল, কতিপয় প্রকৃতি অর্থাৎ সামন্ত ও রাজকর্মচারী গোপালকে ক্ষমতালাভে সাহায্য করেছিলেন, যার ফলে গোপাল মাৎস্যন্যায় দূর করতে সমর্থ হন।[৮]

গৌড়রাজ শশাঙ্কের মৃত্যুর পর সমগ্র বাংলাদেশ জুড়ে অভূতপূর্ব নৈরাজ্যের সূত্রপাত হয়। গৌড়-বঙ্গে তখন আর কোনও রাজার আধিপত্য বা সর্বময় রাষ্ট্রিয় প্রভুত্ব ছিল না। রাষ্ট্র ছিন্ন-বিচ্ছিন্ন ; ক্ষত্রিয়, বণিক, ব্রাহ্মণ, নাগরিক প্রত্যেকেই নিজ নিজ গৃহে রাজা হয়ে উঠলেন। নৈরাজ্যের এই যে বাস্তব চিত্র তাকে সমসাময়িক লিপি (খালিমপুর তাম্রশাসন) ও কাব্যে (রামচরিত) 'মাত্‌স্যন্যায়' বলে উল্লেখ করা হয়েছে। রাজা নেই, অথচ সকলেই রাষ্ট্রিয় প্রভুত্বের দাবীদার। বাহুবলই একমাত্র বল, সমগ্র দেশময় এই বিশৃঙ্খল শক্তির উন্মত্ততা। দেশের অবস্থা যখন এমন হয়, কৌটিল্যের অর্থশাস্ত্রে তাকেই মাত্‌স্যন্যায় বলে অভিহিত করা হয়েছে, অর্থাৎ মৎস্যজগতে বৃহৎ মৎস্য কর্তৃক ক্ষুদ্র মৎস্য-গ্রাসের যে নিয়ম তার অপ্রতিহত রাজত্ব ( কৌটিল্যীয় অর্থশাস্ত্র ; ১।৪।১৩ ; ১।১৩।৫)। মাত্‌স্যন্যায়ের রাজত্ব শশাঙ্কের মৃত্যুর পর সপ্তম শতকের মাঝামাঝি থেকে

অষ্টম শতকের মাঝামাঝি পর্যন্ত চলেছিল। এই সুদীর্ঘ একশত বছর বাঙলাদেশে, বিশেষতঃ গৌড়ে, কোথাও কোনও সামাজিক ও রাষ্ট্রিয় শৃঙ্খলা বজায় ছিল না। অবশেষে সমগ্র বাঙলাদেশের সামন্ত রাষ্ট্র-নায়কেরা অর্থাৎ প্রকৃতিপুঞ্জ একত্রিত হয়ে নিজেদের মধ্যে থেকে একজনকে অধিরাজ বলে নির্বাচিত করে তাঁর সর্বময় আধিপত্য মেনে নিয়েছিলেন ; এই অধিরাজের নাম গোপালদেব।' গোপালের দ্বারা প্রচারিত মাৎস্যন্যায় সম্পর্কিত কোনো দলিল আবিষ্কৃত হয়নি। তাঁর পুত্র ধর্মপালের খালিমপুর তাম্রশাসনে এই বিষয়ে উল্লেখমাত্র পাওয়া যায়। গোপালের পিতা ছিলেন বপাট এবং পিতামহ ছিলেন সর্ববিদ্যাবিশারদ দয়িতবিষ্ণু ( শ্লোক ২-৪)। গোপাল কর্তৃক রাজ্যলাভের পর তাঁর বংশধরগণ 'পাল' নামান্ত অবলম্বন করতে থাকেন এবং তার ফলে পালবংশের সৃষ্টি হয়।"

খালিমপুর তাম্রশাসনে ধর্ম্মপালের উপাধি 'পরমেশ্বর পরমভট্টারক মহারাজাধিরাজ', কিন্তু তাঁর পিতা গোপালকে বলা হয়েছে কেবল 'মহারাজাধিরাজ'। পালবংশের তাম্রশাসনে শাসনকর্তার উল্লেখ থেকে মনে করার কারণ নেই যে গোপালের সম্রাটসুলভ উপাধি ছিল না। তিব্বতীয় কিংবদন্তী তথা তারনাথের বিবরণ অনুসারে গোপাল নালন্দাতে একটি বৌদ্ধবিহার নির্মাণ করেছিলেন এবং মগধে নিজের আধিপত্য বিস্তার করেছিলেন। গোপাল বাংলার দক্ষিণে ক্ষুদ্র 'বঙ্গাল' জনপদের রাজা হয়ে ক্রমে বাংলার বিভিন্ন অঞ্চলে নিজের প্রভাব বিস্তারে সমর্থ হন ; এমনকি, দক্ষিণ বিহারেও নিজ প্রভাব বিস্তার করেন। পিতার কাছ থেকে অপেক্ষাকৃত বিস্তৃত সাম্রাজ্য লাভ করেছিলেন বলেই ধর্মপালের পক্ষে উত্তর ভারতে সাম্রাজ্য বিস্তার করা সম্ভব হয়েছিল। এর প্রমাণরূপে আমরা খালিমপুর তাম্রশাসনে ভোজ, মৎস্য, মদ্র, কুরু, যদু, যবন, অবন্তি, গান্ধার এবং কীর[১০] জনপদের নাম পাচ্ছি যেগুলি ধর্মপালকর্তৃক অধিকৃত হয়েছিল।[১০] পাটলিপুত্রে অবস্থিত জয়স্কন্ধাবার অর্থাৎ অস্থায়ী রাজধানী বা সেনানিবেশ[১১] থেকে আলোচ্য তাম্রশাসনটি প্রচারিত হয়। কৌটিল্যও স্কন্ধাবার বা জয়স্কন্ধাবারের উল্লেখ করেছেন ( কৌটিলীয় অর্থশাস্ত্র, ৯।৬।৪৪ ; ১০।১।১ ; ১০।৩।১৬ ; ১০।৬।৪৯ ; ১৩।৪।৯ ইত্যাদি)।

পাল-রাজারা সকলেই ছিলেন মহাযান বৌদ্ধ ধর্মের প্রতি অনুরক্ত। খালিমপুর তাম্রশাসনে ধর্ম্মপালকে 'পরমসৌগত' অর্থাৎ পরম বৌদ্ধ বলে উল্লেখ করা হয়েছে (২৯ পঙ্‌ক্তি)। তিব্বতদেশীয় গ্রন্থে ও তারনাথের বিবরণ অনুসারে ধর্মপাল বৌদ্ধ-ধর্মশিক্ষার জন্য প্রায় পঞ্চাশটি শিক্ষাকেন্দ্র ও বৌদ্ধমঠ প্রতিষ্ঠা করেছিলেন। তিনি মগধে নিজ উপাধি বা নামানুসারে বিক্রমশীল-মহাবিহার স্থাপন করেছিলেন যা নালন্দার মতই একটি উন্নত মানের শিক্ষাকেন্দ্র রূপে সমধিক প্রসিদ্ধি লাভ করেছিল। এছাড়া বিহারের ওদন্তপুরে এবং বরেন্দ্রভূমির সোমপুরেও তিনি বৌদ্ধমঠ নির্মাণ করিয়েছিলেন। খালিমপুর তাম্রশাসনের প্রথম শ্লোকেই আমরা মহাযান বৌদ্ধ ধর্মের ধ্যান-কল্পনার ইঙ্গিত পাই। কিন্তু তৎকালীন বাঙলাদেশে মহাযান বৌদ্ধধর্ম ধ্যান-ধারণায় ও আচারানুষ্ঠানে কীভাবে আত্মপ্রকাশ করেছিল এবং ব্রাহ্মণ্যধর্মের প্রতি তাঁর মনোভাব ও দৃষ্টি কেমন ছিল, তা বুঝতে পারা যায় না। সমসাময়িক বৌদ্ধ মতাবলম্বী রাজাদের সামাজিক ও ধর্মকর্মগত ব্যবহারে, অসংখ্য বৌদ্ধ দেবদেবীর মূর্তিতে, বজ্রযান-মহাযান-কালচক্রযান-সহজযান প্রভৃতি মতবাদে, সিদ্ধাচার্যদের গানে ও দোহায় এবং বৌদ্ধশাস্ত্রাদিতে সেই বিষয়ে কিছু তথ্য পাওয়া যায়।

ধর্ম্মপালের খালিমপুর তাম্রশাসনে যে চারখানি গ্রাম দান করা হচ্ছে তার মধ্যে প্রথম তিনটি গ্রাম হল ক্রৌঞ্চশ্বভ্র, মাঢ়াশাল্মলী ও পালিতক যা পুণ্ড্রবর্ধনভুক্তি'র 'ব্যাঘ্রতটী'-মণ্ডলের অন্তর্ভুক্ত 'মহত্তাপ্রকাশ' বিষয়ের অন্তর্গত, এবং চতুর্থ গ্রামটি হল গোপিঞ্জলী যা পুণ্ড্রবর্ধনভুক্তিরই 'আম্রযষ্টিকা'-মণ্ডলের 'স্থালীকট' বিষয়ের

অন্তর্গত। 'পুণ্ড্র' একটি প্রাচীন জাতিমূলক নাম। এরা উত্তরবঙ্গে বাস করত বলে এই অঞ্চল 'পুণ্ড্রদেশ' নামে খ্যাত ছিল, যার রাজধানী ছিল 'পুণ্ড্রবর্ধন'।[১১] পুণ্ড্রজনদের সর্বপ্রাচীন উল্লেখ ঐতরেয়-ব্রাহ্মণ ও বোধায়ন-ধর্মসূত্রে। এছাড়া মহাভারতের আদি ও সভাপর্বে, মানবধর্মশাস্ত্রে, মত্স্যপুরাণে পুণ্ড্রজাতি ও দেশের কথা ও তার সমৃদ্ধি পর্যায়ক্রমে উল্লিখিত হয়েছে। কৌটিল্য বঙ্গদেশের অনেক জনপদেরই খবর রাখতেন। তাঁর অর্থশাস্ত্র গ্রন্থে গৌড়, পুণ্ড্র, বঙ্গ এবং কামরূপ-জাত অনেক শিল্প ও কৃষিদ্রব্যাদির খবর পাওয়া যায় ( কৌটিলীয় অর্থশাস্ত্র, ২।১১।১০৩)। খ্রীষ্টপূর্ব আনুমানিক দ্বিতীয় শতকের মহাস্থানগড় অভিলেখে 'পুণ্ডনগল' বা 'পুণ্ড্রনগরের' উল্লেখ আছে। এই পুণ্ডনগলই তদানীন্তন পুণ্ড্রের রাজধানী। এটি বর্তমান বগুড়া জেলার সাত মাইল দূরে অবস্থিত মহাস্থানগড়, যার পুরাতন ধ্বংসাবশেষ বর্তমানেও রয়েছে এবং যার পাশ দিয়ে এখনও করতোয়া নদীর ক্ষীণধারা বহমান।[১২]

পরবর্তীকালে ক্রমবর্ধমান সমৃদ্ধির সাথে সাথে পুণ্ড্রদেশ পঞ্চম-ষষ্ঠ শতকে 'পুণ্ড্রবর্ধনে' রূপান্তরিত হয়ে গুপ্তসাম্রাজ্যের একটি প্রধান ভুক্তিতে পরিণত হয়। ধনাইদহ, বৈগ্রাম, পাহাড়পুর এবং দামোদরপুর তাম্রশাসনে এবং য়ুয়ান্-চোয়াঙের বিবরণে (খ্রী. সপ্তম শতক) এই পুণ্ড্রবর্ধন নামটিই পাওয়া যায়। উল্লিখিত তাম্রশাসনগুলিতে বিভিন্ন স্থানের নাম থেকে নিঃসংশয়ে বলা যায় যে পুণ্ড্রবর্ধনভুক্তি বর্তমান বগুড়া-দিনাজপুর ও রাজশাহী জেলা জুড়ে বিস্তৃত ছিল। প্রকৃতপক্ষে সমস্ত উত্তরবঙ্গই ছিল পুণ্ড্রবর্ধনের অধীন, একেবারে রাজমহল-গঙ্গা-ভাগীরথীর তীর হতে আরম্ভ করে করতোয়া পর্যন্ত। কারণ, য়ুয়ান্-চোয়াঙ্ কজঙ্গল থেকে পুণ্ড্রবর্ধনে এসে করতোয়া নদী পার হয়ে কামরূপে গিয়েছিলেন। পরবর্তীকালে 'পুণ্ড্র' বা ' পৌণ্ড্রবর্ধন'ভুক্তির রাষ্ট্রসীমা উত্তরোত্তর বৃদ্ধিপ্রাপ্ত হয়েছে। তার প্রমাণ খালিমপুর তাম্রশাসনে ব্যাঘ্রতটী-মণ্ডলের উল্লেখ।[১৩] নামটির ব্যুৎপত্তিগত অর্থ ( যে সমুদ্রতট ব্যাঘ্র দ্বারা অধ্যুষিত) ধরলে মনে হয়, বর্তমান দক্ষিণ চব্বিশ-পরগণা, খুলনা, বাখরগঞ্জের দিকেই যেন স্থানটির ইঙ্গিত। দেবপালের নালন্দা লিপি এবং লক্ষ্মণ সেনের আনুলিয়া লিপিতেও ব্যাঘ্রতটী মণ্ডলের উল্লেখ আছে।[১৪]

পাল যুগে রাষ্ট্রের প্রধান বিভাগের নাম ছিল 'ভুক্তি'। পাল সাম্রাজ্য নানা ভুক্তিতে বিভক্ত ছিল। তার মধ্যে বৃহত্তম ভুক্তি ছিল 'শ্রীপুণ্ড্রবর্ধন-ভুক্তি' যা খালিমপুর তাম্রশাসনে উক্ত হয়েছে। এছাড়া শ্রীনগর-ভুক্তি (দেবপালের মুঙ্গের তাম্রশাসন), তীরভুক্তি (নারায়ণপালের ভাগলপুর তাম্রশাসন), বর্ধমান-ভুক্তি, দণ্ড-ভুক্তি ও প্রাগ্জ্যোতিষ-ভুক্তি অন্যতম। খালিমপুর তাম্রশাসনে রাষ্ট্র-বিভাগের যে চিত্রটি পাওয়া যায় তা হল, 'বিষয়' নামক বিভাগ 'মণ্ডল' নামক বিভাগের অন্তর্গত, এবং 'মণ্ডল' নামক বিভাগ 'ভুক্তি' নামক বিভাগের অন্তর্গত। তবে এক্ষেত্রে স্মরণীয় যে, ভুক্তির নিম্নতর বিভাগ মণ্ডল না বিষয়, তা নিয়ে পণ্ডিতদের মধ্যে মতবিরোধ রয়েছে। দীনেশচন্দ্র সরকারের মতে, অনেকগুলি জেলা অর্থাৎ বিষয় বা মণ্ডল নিয়ে 'ভুক্তি' যা রাষ্ট্র-বিভাগের বৃহত্তম একক।[১৫] 'বিষয়' হল জেলা যা ভুক্তির নিম্নবর্তী একক। কখনও বা বিষয় ও মণ্ডল সমার্থক।[১৬] 'মণ্ডল' হল বর্তমানে তালুক যা জেলা বা বিষয়ের অন্তর্গত ; কখনও বিষয় ও মণ্ডল সমার্থক, কখনও বা মণ্ডলের অন্তর্গত বিষয়।[১৭] এই তাম্রশাসনে মহন্তাপ্রকাশ-বিষয় ব্যাঘ্রতটী মণ্ডলভুক্ত ; আবার আম্রযণ্ডিকা-মণ্ডল স্থালীকট-বিষয়ের অন্তর্গত। মুঙ্গের, বাণগড়, মনহলি ও আমগাছি তাম্রশাসনে ভুক্তির অন্তর্গত বিষয় ; আবার কমৌলি শাসনে ভুক্তির অন্তর্গত মণ্ডল। ফলে দেখা যাচ্ছে ভুক্তির নিম্নতর বিভাগ কোথাও মণ্ডল, কোথাও বিষয়। চন্দ্র রাষ্ট্রে বিষয় ছিল বৃহত্তর বিভাগ এবং তার অন্তর্গত ছিল মণ্ডল। জয়পালের ইর্দা লিপিতে দণ্ডভুক্তি-মণ্ডল বর্ধমান-ভুক্তির অন্তর্গত ছিল। মনে করা হয়, ভুক্তি-বিভাগ পরবর্তীকালে মণ্ডল-বিভাগে রূপান্তরিত হয়েছিল।

শশাঙ্কের মেদিনীপুর তাম্রশাসনে দণ্ডভুক্তি-দেশ নামক জনপদের উল্লেখ আছে। কৌটিল্যের অর্থশাস্ত্রে 'বিষয়' বলতে দেশ'কেই বোঝানো হয়েছে (কৌটিলীয় অর্থশাস্ত্র, ৪।১৩।২)। বস্তুত গুপ্তযুগ থেকেই আমরা তাম্রশাসনগুলিতে ভুক্তি-বিষয় ইত্যাদিক্রমে প্রশাসনিক বিভাগগুলির ক্রম লক্ষ করি। খালিমপুর তাম্রশাসনে ভুক্তি-মণ্ডল-বিষয় এই ক্রমে রাষ্ট্রবিভাগের পর্যায়গুলির উক্ত হলেও মনে করা হয় যে, বিষয় ছিল ভুক্তির অব্যবহিত নিম্নবর্তী রাষ্ট্রবিভাগ, এবং মণ্ডল বিষয়ের নিম্নবর্তী বিভাগ।[১৮]

বাংলার অন্যান্য বহু তাম্রশাসনের অনুরূপ খ্রীষ্টীয় অষ্টম শতকের খালিমপুর তাম্রশাসনেও মহারাজ ধর্মপাল-কর্তৃক যে ভূমিদান তা বিশিষ্ট রাজপুরুষদের উদ্দেশ্যে বিজ্ঞাপিত হয়েছে। উক্ত তাম্রশাসনে সেই রাজপুরুষদের একটি বিস্তৃত তালিকাও লক্ষণীয় (৪৪-৪৮ পঙ্‌ক্তি)। এই রাজপুরুষেরা কেন্দ্রীয় ও প্রাদেশিক রাষ্ট্রযন্ত্রের নানা বিভাগের সঙ্গে যুক্ত ছিলেন। আবার কোনো কোনো রাজপুরুষ স্থানীয় রাষ্ট্রযন্ত্রে কর্মচারীরূপেও নিযুক্ত ছিলেন। সেই রাজপুরুষেরা হলেন—রাজা, রাজনক, রাজপুত্র, রাজামাত্য, সেনাপতি, বিষয়পতি, ভোগপতি, ষষ্ঠাধিকৃত, দণ্ডশক্তি, দণ্ডপাশিক, চৌরোদ্ধরণিক, দৌঃসাধসাধনিক, দূত-খোল-গমাগমিক, অভিত্বরমাণ, হস্ত্যধ্যক্ষ, অশ্বাধ্যক্ষ, গবাধ্যক্ষ, মহিষাধ্যক্ষ, ছাগাধ্যক্ষ, মেষাধ্যক্ষ, নাবাধ্যক্ষ, বলাধ্যক্ষ, তরিক, শৌল্কিক, গৌল্মিক, তদাযুক্তক, বিনিযুক্তক, চাট-ভট, জ্যেষ্ঠকায়স্থ, মহামহত্তর, মহত্তর, দাশগ্রামিক এবং করণ। প্রতিবেশী, ক্ষেত্রকর, বিষয়ব্যবহারকারী সমাজের বিভিন্ন স্তরের মানুষ এবং ব্রাহ্মণদেরও এই তালিকায় অর্ন্তভুক্ত করা হয়েছে। উল্লেখ্য, ত্রয়োদশ শতক পর্যন্ত ভূমিদানের যত তাম্রপট্ট পাওয়া যায়, তার প্রায় সবগুলিতেই এই ধরনের রাজপুরুষদের তালিকা দেখা যায়। অবশ্য কোথাও এই তালিকা সংক্ষিপ্ত, কোথাও বা বিস্তৃততর। কৌটিলীয় অর্থশাস্ত্রে রাষ্ট্রযন্ত্রের বিভাগ বিষয়ে আলোচনাকালে এই রাজপুরুষদের মধ্যে অনেকের প্রসঙ্গ উত্থাপিত হয়েছে। প্রকৃতপক্ষে বাংলার সমসাময়িক রাষ্ট্র-বিন্যাসে কৌটিল্য কথিত রাষ্ট্রনীতির প্রভাব অনস্বীকার্য। এখন আমরা এই তালিকায় উল্লিখিত রাজপুরুষদের পরিচয় তথা পালযুগের রাষ্ট্রশাসন-ব্যবস্থায় তাদের কার্যকারিতা বিষয়ে আলোচনায় প্রবৃত্ত হব।

খালিমপুর লিপিতে 'রাজা', 'রাজনক বা রাজন্যক', 'মহাসামন্তাধিপতি' উপাধিযুক্ত রাজপদোপজীবীদের সাক্ষাৎ মেলে। তারা যে সকলেই নানা স্তরের সামন্ত নরপতি, এ বিষয়ে সন্দেহের অবকাশ কম। প্রকৃতপক্ষে পাল-পূর্ব যুগে সামন্ততন্ত্র প্রতিষ্ঠা লাভ করলেও পাল আমলেই সামন্ততন্ত্র দৃঢ়ভাবে সংবদ্ধ হয়েছিল। সুবিস্তৃত পাল সাম্রাজ্যের ইতস্তত বিক্ষিপ্ত সামন্তদের সংখ্যাও অনেক ছিল। অনুমান করা যায় যে, এদের অনেকেই বিজিত রাজ্য ও রাষ্ট্রের প্রভু ছিলেন, বিজিত হওয়ার পর মহাসামন্ত বা সামন্তরূপে স্বীকৃত হয়েছিলেন। মহারাজাধিরাজ সম্রাটের সঙ্গে এদের সম্পর্ক নির্ণয় করা কঠিন ; তবে খালিমপুর লিপি অধ্যয়ন করলে মনে হয় যে, পাল সম্রাটেরা বিশেষ অনুষ্ঠান উপলক্ষে মহতী রাজসভা আহ্বান করে সকল সামন্ত-মহাসামন্তদের সেই সভায় উপস্থিত করিয়ে নিজেদের অধীনতার স্বীকৃতি জানাতেন ( শ্লোক ১২)। সম্রাট অশোকের অভিলেখগুলিতে প্রথম 'সামন্ত' শব্দটির উল্লেখ পাওয়া যায়। এর অর্থ প্রতিবেশী। কৌটিলীয় অর্থশাস্ত্রে বিজিগীষুর প্রতিবেশীকেই 'সামন্ত' বলা হয়েছে ( কৌটিলীয় অর্থশাস্ত্র, ৩।৮।১ ; ৩।৯।১ ; ৫।৬।১০ ; ৬।২।১৬)। গুপ্তযুগীয় তাম্রশাসনে বিদ্যমান রাজাদের 'সামন্ত' বলা হত। এই সামন্তদের বিজিগীষু রাজা ভূমি দান করতেন বা বিশেষ কোনো প্রদেশের শাসনকর্তারূপে নিযুক্ত করতেন। বিনিময়ে এই সামন্তরা যুদ্ধের সময় সৈন্য দিয়ে বা আপৎকালে বিবিধ সামগ্রী প্রদান করে বিজিগীষুকে সাহায্য করতেন। খালিমপুর লিপিতে জনৈক 'মহাসামন্তাধিপতি' শ্রীনারায়ণবর্মা'র কথা জানা যায়। তিনি কোন জনপদের মহাসামন্তাধিপতি ছিলেন তা জানা

যায় না। সামন্ত বা মহাসামন্ত বা মহাসামন্তাধিপতি বলতে কাদের বোঝানো হত সে বিষয়ে দীনেশচন্দ্র সরকারের মত প্রণিধানযোগ্য।[২১]

'রাজপুত্র' অর্থাৎ যুবরাজ, যাঁরা রাষ্ট্রশাসন-ব্যবস্থায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতেন। কৌটিল্য কথিত 'অষ্টাদশতীর্থ' অন্যতম এই রাজপুত্র ( কৌটিলীয় অর্থশাস্ত্র, ১।১২।৬)। রাজপুত্রেরা অনেক সময় 'দূতক' রূপেও নিযুক্ত হতেন যার প্রমাণ আমরা খালিমপুর লিপিতেই পাই। মহাসামন্তাধিপতি শ্রী নারায়ণবর্মা দূতক-রূপ যুবরাজ শ্রী ত্রিভুবনপালের মাধ্যমে মহারাজ ধর্ম্মপালকে ভূমিদানের অনুরোধ করেছেন (৪৯ পঙ্‌ক্তি)। যুবরাজ অর্থাৎ রাজপুত্র ত্রিভুবনপাল সম্ভবতঃ ধর্ম্মপালের পুত্র। কিন্তু পালরাজাদের বংশলতিকা পর্যালোচনা করলে দেখা যাবে যে, এই নামের কোনো রাজপুত্রের উল্লেখ পাল রাজাদের অপরাপর অভিলেখগুলিতেও পাওয়া যায় না। ধর্ম্মপালের মৃত্যুর পর তাঁর পুত্র দেবপাল সিংহাসনে আরোহণ করেন। খালিমপুর লিপিতে উক্ত ত্রিভুবনপালই দেবপাল নামে রাজা হন অথবা জ্যেষ্ঠভ্রাতা ত্রিভুবনপালের মৃত্যুতে কনিষ্ঠ দেবপাল পিতৃসিংহাসনে আরোহণ করেন, তা নিশ্চিতভাবে বলা যায় না। তবে শেষোক্ত অনুমানই সত্য বলে মনে হয়। কারণ খালিমপুর লিপিতে রাজপুত্র দেবটেরও উল্লেখ আছে (৩২ পঙ্‌ক্তি) এবং এমন মনে করা অসম্ভব নয় যে, এটি দেবপাল নামেরই অপভ্রংশ। অবশ্য ত্রিভুবনপাল জীবিত থাকাকালীন কনিষ্ঠ দেবপাল সিংহাসন অধিকার করতে পারেন। তবে এই সবকিছুই অনুমানমাত্র।[২২]

'রাজামাত্য' অর্থাৎ রাজার প্রধান অমাত্য বা মন্ত্রী। কৌটিল্য কথিত 'অষ্টাদশতীর্থ'র অন্যতম এই অমাত্য বা রাজামাত্য (কৌটিলীয় অর্থশাস্ত্র, ১।১২।৬ ; ১।৮ ; ১।১৫)। এরা সাধারণভাবে উচ্চপদস্থ রাজকর্মচারী হতেন। তবে আলোচিত তাম্রপট্টে রাজপুত্রের পরই রাজামাত্যের উল্লেখ দেখে মনে হয় যে মন্ত্রি বা সচিবের পরেই এদের স্থান ছিল।

সৈন্য-বিভাগের ঊর্ধ্বতম রাজপুরুষ হলেন ' সেনাপতি'। কৌটিল্য কথিত 'অষ্টাদশতীর্থ'র অন্যতম এই সেনাপতি ( কৌটিলীয় অর্থশাস্ত্র, ১।১২।৬ ; ২।৪।৩৬ ; ১০।৫।২ ; ১০।৬।৪৫ ; ১৩।৪)। হস্তী, অশ্ব, রথ ও পদাতিক এই চতুরঙ্গ বল ছাড়া পাল রাষ্ট্রের নৌবলও ছিল[২৩] এবং এই পাঁচটি বলের প্রত্যেকটির একজন ভারপ্রাপ্ত ব্যাপৃতক বা অধ্যক্ষ ছিল। কৌটিলীয় অর্থশাস্ত্রেও অনুরূপ মন্তব্য আছে ( কৌটিলীয় অর্থশাস্ত্র, ২।৪।২৯)। পদাতিক সেনার কর্তা 'বলাধ্যক্ষ'; নৌবলের কর্তা 'নাবাধ্যক্ষ'। 'চাটিভট'রাও সৈন্যবিভাগের অন্তর্ভুক্ত ছিল। এরা সাধারণতঃ সৈন্যবাহিনীর স্থায়ী অথবা অস্থায়ী সৈনিক। এছাড়া রাজকীয় অসামরিক বিভাগের হস্তী, অশ্ব, গরু, মহিষ, ভেড়া, ছাগল প্রভৃতি পশু রক্ষণাবেক্ষণের জন্যও বিভিন্ন অধ্যক্ষ নিয়োগ করা হত। কৌটিলীয় অর্থশাস্ত্রে হস্তী, অশ্ব প্রভৃতি অধ্যক্ষের উল্লেখ আছে। এই সব অধ্যক্ষদের দায় ও কর্তব্য সম্ভবতঃ কৌটিল্য কথিত বিবৃতিরই অনুরূপ ছিল।[২৪]

খালিমপুর লিপিতে রাজস্ব-বিভাগের প্রধান অধ্যক্ষের নাম না থাকলেও রাষ্ট্রের অর্থাগমের নানা উপায় যে ছিল তার সুস্পষ্ট ইঙ্গিত পাওয়া যায়। প্রথম ও প্রধান উপায় হল কর যা বিভিন্ন লিপিগুলিতে পাওয়া তথ্য অনুযায়ী মোটামুটি পাঁচ প্রকারের—ভাগ, ভোগ, কর, হিরণ্য ও উপরিকর। এই বিষয়ে কৌটিল্যও নিজ গ্রন্থে বিস্তারিত আলোচনা করেছেন ( কৌটিলীয় অর্থশাস্ত্র, ২।৬)। এছাড়াও বহুরকমের কর ছিল যা বিভিন্ন শ্রেণীর ও পদমর্যাদার রাজকর্মচারীরা আদায় করতেন। তাদের মধ্যে প্রথমেই হলেন 'বিষয়পতি' বা জেলা-অধিকর্তা। ভোগ-কর আদায়ের সর্বময় কর্তা ছিলেন 'ভোগপতি' বা উপজেলা-অধিকর্তা।[২৫] রাজা ছিলেন ষষ্ঠাধিকারী অর্থাৎ প্রজার শস্যের বা শস্যলব্ধ আয়ের একষষ্ঠাংশের প্রাপক। এই একষষ্ঠাংশ আদায়-বিভাগের যিনি কর্তা

তিনি ছিলেন 'ষষ্ঠাধিকৃত' নামক রাজপুরুষ। খেয়া পারাপার-ঘাট থেকেও রাষ্ট্রের আয় হত যা 'তরিক' নামক রাজকর্মচারী সংগ্রহ করতেন। ব্যবসা-বাণিজ্য সংক্রান্ত শুল্ক আদায় করতেন 'শৌল্কিক'। চোর-ডাকাতদের হাত থেকে প্রজাদের রক্ষার নিমিত্ত রাষ্ট্র প্রজাদের কাছ থেকেই এক বিশেষ কর আদায় করত যা সংগ্রহ করতেন 'চৌরোদ্ধরণিক'। কৌটিল্যের মতে, সমাজের কন্টকতুল্য ব্যক্তিদের শোধনের জন্য নিযুক্ত যে অমাত্য তিনি 'প্রদেষ্টা', যিনি অষ্টাদশতীর্থের অন্যতম এবং চৌরোদ্ধরণিকের সমার্থক (কৌটিলীয় অর্থশাস্ততর, ১।১২।৬ ; ৪।১।১ ; ৫।৩।৯)। বনজঙ্গল ছিল রাষ্ট্রের সম্পত্তি যা কৌটিল্য নিজেও স্বীকার করেছেন (কৌটিলীয় অর্থশাস্ত্র, ২।৬) ; আয়ের অন্যতম এই উৎস থেকে প্রাপ্য অর্থের সংগ্রাহক ছিলেন 'গৌল্মিক'।

রাষ্ট্রের সামগ্রিক শান্তিরক্ষার জন্য যে সব রাজপুরুষদের নিয়োগ করা হত তাদের মধ্যে 'দণ্ডশক্তি', 'দণ্ডপাশিক' ও ' দৌঃসাধসাধনিক' অন্যতম। অর্থশাস্ত্রকে অনুসরণ করলে অনুমান করা যায় যে দণ্ডশক্তি হলেন ধর্মস্থীয় (প্রধান বিচারক), দণ্ডপাশিক হলেন প্রশাস্ত্র (কারাগারাধ্যক্ষ) এবং দৌঃসাধসাধনিক হলেন পৌরব্যবহারিক (পুলিশ),[২৪] যাঁরা প্রত্যেকেই কৌটিল্য কথিত অষ্টাদশতীর্থের অন্যতম ছিলেন। ' খোল' সম্ভবতঃ শান্তিরক্ষাবিভাগের গুপ্তচর। অনেকের মতে চৌরোদ্ধরণিকেরাও এই বিভাগের অন্তর্ভুক্ত ছিলেন। চাটভটেরাও সম্ভবতঃ নিয়মিত বা অনিয়মিত রক্ষীবাহিনী হিসেবে অনেক সময় নিযুক্ত হতেন।

পররাষ্ট্র-বিভাগের উর্ধ্বতম কর্মচারী ছিলেন 'দূত' যাঁদের ভূমিকা রাষ্ট্রশাসন-ব্যবস্থায় অত্যন্ত গুরুত্বপূর্ণ ছিল। কৌটিল্যও নিজ গ্রন্থে বারংবার দূতের উপযোগিতা বর্ণনা করেছেন ( কৌটিলীয় অর্থশাস্ত্র, ১।১৬ ; ১০।৬; ১২।১)। দূত ছাড়াও ' খোল', 'গমাগমিক' ও 'অভিত্বরমাণ' নামক রাজকর্মচারীদের উল্লেখ খালিমপুর লিপিতে পাওয়া যায়। ব্যুৎপত্তিগত অর্থে 'অভিত্বরমাণ' ও 'গমাগমিক' শব্দের অর্থ দ্রুত যাতায়াতকারী। এরা উভয়েই সম্ভবতঃ এক শ্রেণীর সংবাদবাহী বা রাজকীয় দলিলপত্রবাহী দূত ছিলেন। খোলেরাও এক শ্রেণীর দূত যাঁরা গোপনে সংবাদ বহন করতেন। যদিও এঁরা দূত অপেক্ষা নিম্ন-পদমর্যাদার অধিকারী ছিলেন তবুও রাষ্ট্রের আভ্যন্তরীণ শান্তিরক্ষা, পররাষ্ট্র অথবা সৈন্যবিভাগের সঙ্গেও এরা প্রায়শই যুক্ত হতেন বা সাধারণ রাষ্ট্রকর্মেও এদের প্রয়োজন হত।

গুপ্তযুগের কয়েকটি লিপিতে বিষয়ের শাসনকর্তাকে 'আযুক্তক' বলা হত। অন্যান্য কয়েকটি লিপিতে বিষয় বা ভুক্তির উচ্চপদাধিকারীরূপে আযুক্তকদের উল্লেখ পাওয়া যায়। তবে খালিমপুর তথা পাল আমলের অন্য লিপিগুলিতে 'তদাযুক্তক' ও 'বিনিযুক্তক' উপাধিবিশিষ্ট দুইজন রাজকর্মচারীর সন্ধান মেলে যাঁরা খুব সম্ভবতঃ ভুক্তি বা বিষয়ের অন্তর্গত শাসনব্যবস্থার উচ্চপদাধিকারী ছিলেন।

খালিমপুর লিপিতে 'জ্যেষ্ঠ-কায়স্থ', 'মহা-মহত্তর', 'মহত্তর' ও 'দাশগ্রামিক'—এদের বলা হয়েছে 'বিষয়ব্যবহারী'। অনুমান করা হয়, এরা সকলেই বিষয়ের শাসনকার্যের সঙ্গে যুক্ত ছিলেন। 'জ্যেষ্ঠ-কায়স্থ' বোধ হয় একজন উচ্চপদস্থ রাজকর্মচারী যাঁর অধীনে রাজকীয় দলিল-দস্তাবেজ থাকত। রাষ্ট্রের গুরুত্বপূর্ণ নথিপত্রের প্রধান লিপিকার বা নিবন্ধকার-রূপে এই জ্যেষ্ঠ-কায়স্থকে নিযুক্ত করা হত। এছাড়া রাষ্ট্রে পুস্তপাল বা লিপিকরদের যে সংঘ বা সমিতি থাকত তার প্রধান সভাপতিকেও জ্যেষ্ঠকায়স্থ বলে কোনো কোনো লিপিতে উল্লেখ করা হয়েছে।[২৬] 'মহত্তর' হলেন গ্রামের সর্বাপেক্ষা বয়োজ্যেষ্ঠ ও সম্মানীয় ব্যক্তি বা গ্রামপ্রধান। অনেকসময় পঞ্চায়েতপ্রধানকেও মহত্তর হিসাবে উলেখ করা হত।[২৭] আবার মহত্তরদের সভা ও সমিতির প্রধান বা সভাপতিকে 'মহামহত্তর' বলা হত।[২৮] এককথায়, ভূমিসম্পদে এবং অল্পসংখ্যক ব্যক্তিগত গুণে ও চরিত্রে সমাজে মান্য ও সম্পন্ন ব্যক্তিদেরই মহত্তর বা মহামহত্তর আখ্যায় ভূষিত করা হত। 'দাশগ্রামিক' হলেন দশটি

গ্রামের কর্তা বা দশগ্রামাধিপতি। এই পদাধিকারীর উল্লেখ থেকে মনে হয়, বিষয়ের অধীনে দশ দশটি গ্রামের এক একটি উপবিভাগ থাকত এবং দাশগ্রামিক ছিলেন এক একটি উপবিভাগের শাসনকর্ম-পর্যবেক্ষক।[৩৭]

খালিমপুর লিপিতে ভূমিদানের বিজ্ঞপ্তি-তালিকায় আমরা বিভিন্ন রাজপুরুষদের সঙ্গে 'করণ', 'প্রতিবাসী', 'ক্ষেত্রকর', 'ব্রাহ্মণ'দের উল্লেখ পাচ্ছি। 'করণ' বা করণিক বা কারণিক ; ক্ষুদ্র কেরানি, পুস্তপাল, হিসাবরক্ষক, দপ্তর-কর্মচারী, লিপিকর ইত্যাদি বিভিন্ন অর্থে এদের উল্লেখ লিপিগুলিতে পাওয়া যায়। অর্থশাস্ত্রে রাষ্ট্রশাসনব্যবস্থার বিভিন্ন পদে করণদের নিয়োগ করা হত। কৌটিল্য রাজলেখক (২।১৩।৩৫), গণক (২।৭।৮), রাষ্ট্রশাসনব্যবস্থার পরিচালকরূপে বিভিন্ন বিভাগ (২।৫।৮ ; ২।৯।৪ ; ৩।১।১৭), অধ্যক্ষ বা রাজপুরুষ (২।১১।১), হিসাবরক্ষক (২।৭।২২, ৩৪ ; ৮।৪।৩১), সাক্ষী প্রমাণ (৩।১।১৫, ১৬ ; ৩।১২।৩৭, ৩৮), লেখ্য প্রমাণ (৪।৮।১৩) ইত্যাদি বিভিন্ন অর্থে 'করণ' শব্দটিকে ব্যবহার করেছেন। 'প্রতিবাসী' ও ' ক্ষেত্রকর' হলেন সাধারণভাবে স্বল্পভূমিসম্পন্ন কৃষক যাঁদের বৃত্তি ছিল কৃষি। তবে সকলেই যে কৃষিকাজ করতেন এমন নয়। যাঁরা নিজের হাতে কৃষিকাজ করতেন তাদেরই ক্ষেত্রকর বা কৃষক বা কর্ষক বলা হত। ফলে ক্ষেত্রকররা যে প্রকৃতপক্ষে ভূমিহীন ছিল তা অনুমান করা অসংগত নয়। রাজপুরুষদের সাথে 'করণ', 'প্রতিবাসী', ' ক্ষেত্রকর' প্রভৃতির উল্লেখ থেকে তৎকালীন সমাজব্যবস্থায় শ্রেণী-বিন্যাসের চিত্রটিও পরিস্ফুট হয়। পাল সম্রাট ধর্ম্মপালের সময়কাল খ্রীষ্টীয় অষ্টম শতকের শেষভাগ থেকে শুরু করে প্রায় ত্রয়োদশ শতক পর্যন্ত বাংলাদেশে যতগুলি তাম্রলিপি আবিষ্কৃত হয়েছে, তার প্রত্যেকটিতেই উল্লিখিত শব্দগুলি পাওয়া যায়। অষ্টম শতক থেকে বাংলার সমাজ কৃষিনির্ভর হতে শুরু করে। ফলে সমাজের বিভিন্ন শ্রেণীর মত তথাকথিত নিম্নশ্রেণীরা, বিশেষতঃ খেটে খাওয়া সম্প্রদায়ও নিজেদের গুরুত্ব ও সমাজে তাদের প্রয়োজনীয়তা উপলব্ধি করতে শুরু করে। এতদিন পর্যন্ত শিল্পী-বণিক ও ব্যবসায়ী শ্রেণীরা সমাজে গুরুত্ব পেলেও এই সময় থেকে তাদের গুরুত্ব সমাজে হ্রাস পেতে শুরু করে। এর কারণ, পালযুগ থেকে সমাজে ভূমির চাহিদা ক্রমশ বেড়ে উঠেছিল ; এবং পালেরা বাণিজ্য অপেক্ষা কৃষিকেই ধনোৎপাদনের উৎকৃষ্ট মাধ্যম মনে করতেন। ফলে সমাজের মধ্যে ব্যক্তিবিশেষকে কেন্দ্র করে ভূমি কেন্দ্রীকৃত হওয়ার প্রবণতা এই সময় থেকেই দেখা যেতে শুরু হয়। তবে এই উপলব্ধিটি আংশিক সত্য; কারণ, কৌটিল্যের সময়েও ভূমির চাহিদা, প্রয়োজনীয়তা ও কার্যকারিতা সমানভাবে ছিল এবং সেই প্রয়োজনীয়তার তাগীদেই তিনি অর্থশাস্ত্র গ্রন্থটি রচনা করেছিলেন ( কৌটিলীয় অর্থশাস্ত্র, ১৫।১।১,২)।

খালিমপুর লিপির অর্ন্তগত ভূমিদানের বিজ্ঞপ্তি-তালিকা থেকে আমরা পালযুগের রাষ্ট্রযন্ত্রের যে সংক্ষিপ্ত পরিচয় পাই তা থেকে বোঝা যায় যে, এই যুগে রাষ্ট্রের আমলাতন্ত্র কৌটিল্য কথিত আমলাতন্ত্রের তুলনায় বিস্তৃততর। স্বাধীন ও স্বতন্ত্র রাষ্ট্রের সচেতন মর্যাদা ও প্রয়োজনবোধে এই বিস্তার ও স্ফীতি হয়েছিল, এমনটা মনে করা অযৌক্তিক নয়। তাছাড়া, পাল-পর্বে যে সুবিস্তৃত সাম্রাজ্য গড়ে উঠেছিল তার বিবিধ প্রয়োজনেও কোনো কোনো বিভাগের আমলাতন্ত্রের বিস্তৃতির প্রয়োজন হয়েছিল। তবে একথাও সত্য যে, আমলাতন্ত্রের বিস্তৃতির ফলে রাষ্ট্রশাসন-ব্যবস্থায় জনসাধারণের প্রত্যক্ষ যোগদান ও অধিকার খর্ব হয়েছিল। যদিও সমাজ কৃষিনির্ভর হয়ে উঠেছিল, তবুও গ্রাম্য তথা স্থানীয় শাসনকার্য ছাড়া জনসাধারণের প্রত্যক্ষ প্রভাব দূরীভূত হয়েছিল।[৩৮]

পাল সম্রাট ধর্ম্মপালদেবের খালিমপুর তাম্রশাসনটি মূলতঃ ভূমিদান বিষয়ক। এই শাসনানুসারে মহাসামন্তাধিপতি শ্রীনারায়ণ বর্মা একটি নারায়ণ-মন্দির প্রতিষ্ঠা করেছিলেন ; সেই মন্দিরের রক্ষণাবেক্ষণ ও পূজার দৈনন্দিন ব্যয় নির্বাহের জন্য তিনি যুবরাজ ত্রিভুবনপালকে দিয়ে রাজার কাছে চারটি গ্রাম প্রার্থনা

করেছিলেন এবং প্রার্থনানুযায়ী রাজা ধর্মপাল, নিজের তথা মাতাপিতার পুণ্যাভিবৃদ্ধির উদ্দেশ্যে চারটি গ্রাম দান করেছিলেন (৪৯-৫২ পঙ্‌ক্তি)। উল্লেখ্য, খ্রীষ্টীয় অষ্টম শতকের পূর্ববর্তী তাম্রশাসনগুলিতে ভূমিক্রয় ও ভূমিদান—এই উভয়ের প্রসঙ্গ থাকলেও খ্রীষ্টীয় অষ্টম শতক থেকে আমরা যতগুলি তাম্রশাসনের পরিচয় পাচ্ছি প্রায় সবগুলিই ভূমি-দানের শাসন। খালিমপুর-শাসনে ভূমিদানের প্রার্থনানুসারে দানের উল্লেখ পাওয়া গেলেও অধিকাংশ শাসনগুলিতে রাজা স্বেচ্ছায় ভূমিদান করছেন বা প্রার্থনানুসারে ভূমিদান করলেও তার উল্লেখ আমরা অনুশাসনগুলিতে পাচ্ছি না। পাল-রাজাদের সময়ে যে সব ভূমিদান করা হয়েছিল তা বেশীরভাগই ধর্মপ্রতিষ্ঠানের উদ্দেশ্যে বা ব্যক্তিগতভাবে কোনো ব্রাহ্মণকে। ভূমিদান-কালে কী কী শর্তে ভূমিদান করা হত, দানকর্তা তথা গ্রহীতাকে কী কী দায় পালন করতে হত এবং গ্রহীতা ঠিক কী ধরণের অধিকার লাভ করতেন—সেই বিষয়ে এইবার আলোচনা করা যেতে পারে।

খ্রীষ্টীয় অষ্টম শতক থেকে আমরা যে সব রাজকীয় ভূমি-দানলিপির পরিচয় পাই, তার প্রত্যেকটিতেই ভূমিদান থেকে গ্রহীতার প্রাপ্য সুবিধাগুলি মোটামুটি একই। খালিমপুর লিপিতে বলা হয়েছে, "সদশাপচারাঃ অকিঞ্চিত্‌প্রগ্রাহ্যাঃ পরিহৃত-সর্ব্বপীড়া ভূমিচ্ছিদ্রন্যায়েন চন্দ্রার্কক্ষিতি-সমকালং তথৈব প্রতিষ্ঠাপিতাঃ" (৫৩ পঙ্‌ক্তি)। এই অধিকারগুলিই সাধারণ কিছু পরিবর্ধন ও পরিমার্জন সহ পরবর্তী অনুশাসনগুলিতেও উল্লিখিত হয়েছে। খালিমপুরলিপির এই তালিকায় বিশেষ কিছু পারিভাষিক শব্দের পরিচয় মেলে যা সুপ্রাচীন কাল থেকেই চলে আসছে। কৌটিলীয় অর্থশাস্ত্রের দ্বিতীয় অধিকরণের 'শাসনাধিকারঃ' নামক অধ্যায়ে রাজলেখের বিধি বিষয়ক আলোচনাকালে রাজকীয় শাসন বা লেখের যে আটটি ভেদ নির্দেশ করা হয়েছে (কৌটিলীয় অর্থশাস্ত্র, ২।১০।৩৮, ৪২) তার মধ্যে উল্লিখিত ধর্ম্মপালদেবের তাম্রশাসনটি 'পরীহার' শ্রেণীর। অর্থাৎ, যে লেখ বা অনুশাসনানুসারে যখন ব্রাহ্মণ প্রভৃতি বিশেষ বিশেষ জাতি, বিশেষ কোন নগর, গ্রাম বা দেশ সম্বন্ধে রাজার নির্দেশানুসারে কররহিতরূপ অনুগ্রহ লাভ করে তখন তা 'পরীহার' শ্রেণীর বলে অভিহিত হয়। কররহিত ভূমিদানের প্রকারভেদ নিয়ে কৌটিল্য দ্বিতীয় অধিকরণের 'জনপদনিবেশঃ' নামক প্রকরণে যে আলোচনা করেছেন, তার প্রতিচ্ছায়াই আমরা খালিমপুর লিপিতে পাচ্ছি।

**সদশাপচারাঃ**—দণ্ডশাস্ত্রে দশ প্রকারের অপচার বা অপরাধের উল্লেখ আছে। তিনটি কায়িক অপরাধ—চুরি, হত্যা ও পরস্ত্রী গমন ; চারটি বাচনিক অপরাধ—কটুভাষণ, অসত্যভাষণ, অপমানজনক ভাষণ ও বস্তুহীন ভাষণ ; তিনটি মানসিক অপরাধ—পরধনে লোভ, অধর্ম চিন্তা ও অসত্যানুরাগ। এই দশটি অপরাধ রাজকীয় বিচারে দণ্ডনীয় ছিল এবং সেই অপরাধ প্রমাণিত হলে অপরাধীকে জরিমানা দিতে হত যা ছিল রাষ্ট্রের অন্যতম আয়ের উৎস। কিন্তু রাজা যখন ভূমিদান করছেন, তখন সেই ভূমির অধিবাসীদের জরিমানা থেকে যে আয়, তা ভোগ করার অধিকারও রাজা দানগ্রহীতাকে অর্পণ করতেন।

**অকিঞ্চিৎপ্রগ্রাহ্যঃ**—দান করা ভূমি থেকে কোনও কিছু গ্রহণ করার অধিকারও রাজা ছেড়ে দিচ্ছেন।

**পরিহৃত-সর্ব্বপীড়া** —এই শর্তানুসারে আলোচ্য অভিলেখে সর্বপ্রকার পীড়া বা অত্যাচার হতে রাজা প্রদত্ত ভূমির অধিবাসীদের মুক্তি দিচ্ছেন। তবে ঠিক কী ধরণের পীড়া বা অত্যাচার, সেই বিষয়ে কিছু বলা হয় নি। উল্লেখ্য বাংলাদেশের অপরাপর অভিলেখগুলিতেও এই বিষয়ে বিস্তারিত বলা হয় নি, শুধুমাত্র পরিহৃত-সর্ব্বপীড়াঃ বলেই শেষ করা হয়েছে। এর সাথে তুলনীয় পারিভাষিক শব্দ হল "সর্বপরিহৃত-পরিহারঃ" ও "সর্ববাধা-পরিহারঃ"। এর অর্থ হল সমস্ত প্রকার পরিহার' বিষয়ে মুক্তি। কোনো গ্রাম বাধ্যতামূলকভাবে যে সব সেবা রাজা বা রাজপুরুষদের দিতে বাধ্য থাকত ( যেমন, শকট, আসন, রন্ধনের উপকরণ ইত্যাদি ; [illegible]

শাসনে এই ধরণের পরিহারের উল্লেখ আছে, যেগুলি দেশ ও কালবিশেষে ভিন্ন ভিন্ন), সেগুলি পরিহার। কোনো গ্রাম প্রদান করার সময় এই ধরণের সেবা থেকেও প্রাপককে রেহাই দেওয়া হত। উল্লেখ্য, কৌটিলীয় অর্থশাস্ত্রে একাধিকবার আমরা পরিহার বিষয়ে উল্লেখ পেয়েছি ( কৌটিলীয় অর্থশাস্ত্র, ২।১, ২।৩৪, ২।৩৫, ৩।৯, ৭।১, ৮।২, ১৩।৪, ১৩।৫ ইত্যাদি)।

ভূমিচ্ছিদ্রন্যায়ঃ—এই অভিলেখে ভূমিদানের অন্যতম শর্তরূপে 'ভূমিচ্ছিদ্রন্যায়'র কথা বলা হয়েছে। ভূমিচ্ছিদ্রন্যায়'এর প্রকৃত অর্থ নিয়ে পন্ডিতদের মধ্যে মতভেদ রয়েছে। তাদের মধ্যে আর. জি. ভাণ্ডারকর,[৩১] ব্যুহলার,[৩২] ফ্লিট্,[৩৩] ভাদ্‌কামকর,[৩৪] কে. এম. গুপ্তা,[৩৫] পদ্মনাথ বিদ্যাবিনোদ,[৩৬] দীনেশচন্দ্র সরকার[৩৭] প্রমুখের নাম উল্লেখযোগ্য। ভান্ডারকরের মতে, পৃথিবীতে যেসব ছিদ্র হয় তা কালক্রমে পূর্ণ হয়ে যায় অর্থাৎ যতই বিপ্লব বা বিদ্রোহ হোক না কেন, প্রদত্ত ভূমির শাসনটি বলবৎ থাকে। ব্যুহলারের মতে, 'ভূমিচ্ছিদ্রন্যায়'র অর্থ হল প্রদত্ত ভূমির সমস্ত উৎপন্ন দ্রব্যের সম্পূর্ণ অধিকার ইত্যাদি সহ প্রাপককে ভূমিটি দান করা। ' বৈজয়ন্তী' টীকার মতে, যে ভূমি কর্ষণের অনুপযুক্ত তাকেই ছিদ্র বলে। কৌটিলীয় অর্থশাস্ত্রে এই অর্থেই শব্দটিকে ব্যবহার করা হয়েছে ( কৌটিলীয় অর্থশাস্ত্র, ২।২।১)। সেই ভূমি ব্যবহারের যে ন্যায় বা নিয়ম বা যুক্তি, তাকেই 'ভূমিচ্ছিদ্র-ন্যায়' বলে। এই নিয়মানুসারে যে ব্যক্তি কর্ষণের অনুপযুক্ত, পতিত বা অরণ্যপূর্ণ ভূমিকে নিজ উদ্যোগে কর্ষণের উপযোগী করে তোলে, সেই ব্যক্তিকেই ঐ ভূমি তৎসম্পর্কিত সমস্ত প্রকার শুল্ক পরিহার করে ভোগ করার অধিকার দেওয়া হত। দীনেশচন্দ্র সরকারের মতে,[৩৮] ছিদ্র শব্দটির দ্বারা প্রথমে ভূমিতে লাঙ্গল চালানোর ইঙ্গিত করা হত। পরবর্তীকালে ভূমিছিদ্র শব্দের অর্থ দাঁড়ায় কর্ষণের অনুপযুক্ত ভূমি। এরকম ভূমির উপর কোন কর ধার্য হত না। বৈদ্যদেবের কমৌলি তাম্রশাসনে আছে "ভূমিছিদ্রাঞ্চ অকিঞ্চিত্‌করগ্রাহ্যাম্" অর্থাৎ, কর্ষণের অযোগ্য ভূমির কোনও কর বা রাজস্ব নেই।

এইভাবে 'ভূমিচ্ছিদ্রন্যায়' হল পতিত জমিকে করমুক্ত করার নীতি অনুযায়ী ভূমিদান যা অর্থশাস্ত্রকার কৌটিল্যের সময় থেকে শুরু করে অষ্টম শতকের ধর্ম্মপালদেবের খালিমপুর তাম্রশাসন ও তৎপরবর্তী চন্দ্র, সেন ও বর্ধন রাজাদের অভিলেখ তথা তাম্রশাসনগুলিতেও সমানভাবে অনুসৃত হয়েছিল।

উপরিউক্ত অধিকারসমূহের ফলভোগী হবেন দান-গ্রহীতা ; সেইজন্য অপরাপর তাম্রশাসনে বলা হয়েছে— "সমস্তরাজভাগভোগকরহিরণ্যপ্রত্যায়সহিতাঃ" অর্থাৎ প্রদত্ত ভূমি থেকে ভাগ, ভোগ, কর, হিরণ্য প্রভৃতি যে সব কর আইনত রাজার অথবা রাষ্ট্রের ভোগ্য, সেই-সব সমেত ভূমি দান করা হচ্ছে এবং বলা হচ্ছে, দানগ্রহীতা "চন্দ্রার্কক্ষিতিসমকালং" অর্থাৎ শাশ্বত কাল পর্যন্ত সেই ভূমি ভোগ করতে পারবেন। এই আয়গুলির উপর রাষ্ট্রের যে একচেটিয়া অধিকার ছিল তা আমরা কৌটিল্যের অর্থাশাস্ত্র থেকে জানতে পারি ( ভোগ ১।১৪।৫ ; ২।২৭।১০, ৩।৮।৪, ৩।১০।১৫, ৭।৯।১৩, ২৬, ৭।১১।১০। ভাগ ২।৬।৩। কর ২।৬।৩, ২।১৫।৩। হিরণ্য ১।১৩।৬, ১।১৯।১২, ৭।৯।২, ৩১-৩৪)। কর কতপ্রকারের ছিল, কী কী ছিল, তা এই লিপি থেকে জানা না গেলেও উৎপন্ন শস্যাদির এক-ষষ্ঠভাগ যে রাষ্ট্রের প্রাপ্য ছিল, এ বিষয়ে সন্দেহ নেই। ধর্মাচরণোদ্দেশ্যে যে ভূমি রাজা দান করেন, সেটি সর্বপ্রকার কর-বর্জিত করে দেওয়ায় ভূমিদানের ফলস্বরূপ যে পুণ্য, তার এক-ষষ্ঠাংশেরও তিনি অধিকারী হন। রাজা কর্তৃক কর-বর্জিত প্রদত্ত ভূমির গ্রহীতা সেই ভূমির সকল প্রকার উপস্বত্বও ভোগ করতেন। নিম্নপ্রজা অর্থাৎ প্রতিবাসী, ক্ষেত্রকর প্রমুখেরা যদি সেই ভূমি ভোগ করেন, তাহলে তারা দানগ্রহীতা ব্যক্তি বা প্রতিষ্ঠানকে সর্বপ্রকার কর, উৎপন্ন শস্যাদির ভাগ ইত্যাদি নিয়মিতভাবে প্রদান করবেন, রাজা বা রাষ্ট্রকে নয়। এ কথাই আমরা খালিমপুর লিপিতে দেখতে পাই (৫৫ পঙ্‌ক্তি)। এখানে রাজা

ধর্ম্মপালদেব যখন ভূমি দান করছেন, তখন সমস্ত স্বার্থ অর্থাৎ আয়ের উৎস সর্বপ্রকার করসমূহকে ত্যাগ করেই দান করছেন। কিন্তু একথাও বলে দেওয়া হচ্ছে যে, সেই ভূমির ক্ষেত্রকর, প্রতিবাসী ইত্যাদি অন্যান্য প্রকারের ভোক্তা যাঁরা আছেন বা হবেন, তাঁরা সকলেই যেন রাজাজ্ঞা শ্রবণ করে বিধিমত যথোচিত করপিণ্ডকাদি এবং অন্যান্য সকল প্রকার প্রত্যায় দানগ্রহীতাকে অর্পণ করেন। এই তাম্রশাসনে অন্যান্য করের সাথে 'পিণ্ডক' ও 'প্রত্যায়' করেরও উল্লেখ আছে। সম্ভবত এই 'পিণ্ডক' ও কৌটিল্যের অর্থশাস্ত্রের 'পিণ্ডকর' একই। 'পিণ্ডকর' অর্থাৎ সমগ্র গ্রামের উপর চাপানো যে কর (কৌটিলীয় অর্থশাস্ত্র, ২।১৫।৩)। অর্থশাস্ত্রে 'প্রত্যায়' কর নিয়েও যথাযথ আলোচনা বিদ্যমান (কৌটিলীয় অর্থশাস্ত্র, ২।২৮।২৭, ২।৩৬।৫, ৩।৮।১, ৩।১১।৪৩, ৩।১২।১৪, ৩।১৪।৩৪)।

খলিমপুর তাম্রশাসনে ধর্ম্মপাল চারটি গ্রাম স্বসীমা পর্যন্ত দান করছেন 'হট্টিকা' ও 'তলপাটক' (বাটক ?) সমেত (৫২-৫৩ পঙ্‌ক্তি)। বিপণি, দোকান, হাট, বাজার, আপণ, মানপ—ইত্যাদি অর্থে 'হট্টিকা' শব্দটি ব্যবহৃত হত। তাই হাট-বাজার সমেত ভূমিদানের অর্থ হাটের রাজস্বও দানগ্রহীতা লাভ করতেন, একথা অনুমান করে নেওয়াই যায়।[৯] আবার, 'তালপাটক' বা 'তলবাটক' শব্দটির অর্থ পরিষ্কার নয়। কোনো কোনো তাম্রশাসনে তল ও বাটক শব্দদুটি পৃথকভাবে ব্যবহৃত হয়েছে। বৈগ্রাম তাম্রশাসনে 'তলবাটক' শব্দটি একসঙ্গে উল্লিখিত হয়েছে। পাটক বা বাটক শব্দটির অর্থ 'পথ'। এই পথের অর্থাৎ পাটকের বা বাটকের সঙ্গে তল কথার উল্লেখ যেখানেই আছে, সেখানে তল কথাটির অর্থ নালা বা প্রণুল্লী বা জল নিঃসরণের পথ। সাধারণতঃ, পথের ধারেই জল নিষ্কাশনের পথ থাকত। তাছাড়া তল ও বাটক শব্দদুটি বিপরীতার্থকব্যঞ্জক ; সেইজন্য তল ও পাটক বা বাটক অষ্টম শতক থেকে শুরু করে প্রায় সব তাম্রশাসনে একসাথেই উল্লিখিত হয়েছে। খালিমপুর লিপিতে আবার 'সোদ্দেশাঃ' পদটির উল্লেখও পাওয়া যায়। উচ্চভূমি অর্থাৎ বাঁধ, ঢিপি, জমির আলি বা আইল ইত্যাদি বোঝাতে পদটির ব্যবহার হত। বাঁধ বা জমির আলির পাশেই ক্ষেতের জল নিঃসরণের বা জলসেচনের প্রণালী, যা বর্তমানেও দেখা যায়, তা বোঝাতেই এখানে 'তলপাঠক-সোদ্দেশাঃ' ব্যবহার করা হয়েছে।[১০] উল্লেখ্য, কৌটিলীয় অর্থশাস্ত্রে জল, স্থল, পারঘাট ইত্যাদির উপর যে রাষ্ট্রের অধিকার ছিল তার উল্লেখ আছে। উল্লেখ্য, ভূমির উপরে অধিকার কখনও প্রজার হলেও ভূমির নিচের অধিকার রাষ্ট্র কখনও ছেড়ে দিত না ; যেমন, ভূগর্ভস্থ লবণে বা খনিজদ্রব্যে রাষ্ট্রের বা রাজার একচেটিয়া অধিকার ছিল। এছাড়া অরণ্যও রাষ্ট্রের সম্পত্তি ছিল কারণ তা ছিল রাষ্ট্রের অন্যতম আয়ের উৎস। এই সবকিছুর অধিকারও রাজা ভূমিদানকালে ছেড়ে দিতেন।

## গ্রন্থসূত্র


১। অক্ষয়কুমার মৈত্রেয়, গৌড়লেখমালা, [illegible]
২। এপিগ্রাফিয়া ইন্ডিকা, ৪র্থ ভাগ, পৃষ্ঠা-২৪৩।
৩। দীনেশচন্দ্র সরকার, পাল-সেনযুগের বংশানুচরিত, পৃষ্ঠা [illegible]
৪। রমেশচন্দ্র মজুমদার, বাংলাদেশের ইতিহাস, পৃষ্ঠা-৫১।
৫। নীহাররঞ্জন রায়, বাঙ্গালীর ইতিহাস, পৃষ্ঠা-৩৮২, ৩৮৪।
৬। দীনেশচন্দ্র সরকার, ঐ।
৭। নীহাররঞ্জন রায়, ঐ, পৃষ্ঠা-৩৮০।

৮। দীনেশচন্দ্র সরকার, ঐ, পৃষ্ঠা-৫৪।
৯। এপিগ্রাফিয়া ইন্ডিকা, ঐ, পৃষ্ঠা-২৪৬।
১০। দীনেশচন্দ্র সরকার, ঐ, পৃষ্ঠা-৫৪, ৫৫।
১১। দীনেশচন্দ্র সরকার, ইন্ডিয়ান এপিগ্রাফিকাল গ্লসারি, পৃষ্ঠা-১৩৪।
১২। রমেশচন্দ্র মজুমদার, ঐ, পৃষ্ঠা-৯।
১২ক। বিমলা চরণ ল, হিস্টোরিক্যাল জিওগ্রাফি অব এনশেন্ট ইন্ডিয়া, পৃষ্ঠা-২৪৬-২৪৮।
১৩। নীহাররঞ্জন রায়, ঐ, পৃষ্ঠা-১১৫, ১১৬।
১৪। তদেব, পৃষ্ঠা - ৮৫।
১৫। দীনেশচন্দ্র সরকার, ঐ, পৃষ্ঠা-৫৭।
১৬। তদেব, পৃষ্ঠা-৩৭৭।
১৭। তদেব, পৃষ্ঠা-১৯৫।
১৮। নীহাররঞ্জন রায়, ঐ, পৃষ্ঠা-৩৩৩, ৩৩৪।
১৯। দীনেশচন্দ্র সরকার, ঐ, পৃষ্ঠা-২৭১, ১৮৭।
২০। রমেশচন্দ্র মজুমদার, ঐ, পৃষ্ঠা-৬১।
২১। খালিমপুর তাম্রশাসনের ২৫নং পঙ্‌ক্তিতে ' নৌবাটক' শব্দটির উল্লেখ দ্বারা প্রতীত হয় যে পালেদের নৌবলও ছিল।
২২। কৌটিলীয় অর্থশাস্ত্র, হস্ত্যধ্যক্ষ ২।৩১ ; অশ্বাধ্যক্ষ ২।৩০ ; গবাধ্যক্ষ-মহিষাধ্যক্ষ-ছাগাধ্যক্ষ-মেষাধ্যক্ষ ২।২৯।
২৩। দীনেশচন্দ্র সরকার, ঐ, পৃষ্ঠা-৩৭৮।
২৪। তদেব, পৃষ্ঠা-৫৫।
২৫। তদেব, পৃষ্ঠা-১০২।
২৬। তদেব, পৃষ্ঠা-১৩৭, ১৫২।
২৭। দশকুমারচরিতের তৃতীয় সর্গের ৭৭ নং শ্লোকে 'জনপদ-মহত্তর' শব্দটির সন্ধান পাওয়া যায়।
২৮। দীনেশচন্দ্র সরকার, ঐ, পৃষ্ঠা-১৭৯, ১৯১।
২৯। তদেব, পৃষ্ঠা-৮৪।
৩০। নীহাররঞ্জন রায়, ঐ, পৃষ্ঠা-৩৩১-৩৩৮।
৩১। ইন্ডিয়ান অ্যান্টিক্যুয়ারি, প্রথম ভাগ, পৃষ্ঠা-৪৬ পাদটীকা।
৩২। ঐ, চতুর্থ ভাগ, পৃষ্ঠা-১০৬ পাদটিকা।
৩৩। করপাস্ ইন্সক্রিপশনাম্, ইন্ডিকারাম্, তৃতীয় ভাগ, পৃষ্ঠা-১৩৮'এর ২নং পাদটীকা।
৩৪। এপিগ্রাফিয়া ইন্ডিকা, একাদশ ভাগ, পৃষ্ঠা-১৭৭।
৩৫। ইন্ডিয়ান অ্যান্টিক্যুয়ারি, ঐ, পৃষ্ঠা-৭৭।
৩৬। এপিগ্রাফিয়া ইন্ডিকা, উনবিংশতি ভাগ, পৃষ্ঠা-১২১'এর ৩নং পাদটীকা।
৩৭। সিলেক্ট ইন্সক্রিপশান্স, প্রথম ভাগ।
৩৮। দীনেশচন্দ্র সরকার, ঐ, পৃষ্ঠা-৫৮।
৩৯। নীহাররঞ্জন রায়, ঐ, পৃষ্ঠা-১৯৯।
৪০। তদেব, পৃষ্ঠা-১৮৪।

গ্রন্থপঞ্জী

১। কাঙ্গলে, আর পি (সম্পাদক), দ্য কৌটিলীয় অর্থশাস্ত্র (তিন খণ্ড একত্রে), নিউ দিল্লী, মোতিলাল বনারসীদাস, ২০০৬ (দ্বিতীয় পুনর্মুদ্রিত সংস্করণ), প্রথম সংস্করণ ১৯৬০।

২। চট্টোপাধ্যায়, অশোক, পাল অভিলেখ সংগ্রহ, কলকাতা, পশ্চিমবঙ্গ রাজ্য পুস্তক পর্ষদ, ১৯৯২ (প্রথম মুদ্রণ)।

৩। বসাক, রাধাগোবিন্দ (সম্পাদক), কৌটিলীয় অর্থশাস্ত্র (দুই খণ্ড একত্রে), কলকাতা, জেনারেল প্রিন্টার্স এণ্ড পাবলিশার্স প্রাইভেট লিমিটেড, ১৯৫০ (প্রথম সংস্করণ)।

৪। মজুমদার, রমেশচন্দ্র, বাংলাদেশের ইতিহাস (প্রাচীন যুগ), প্রথম খণ্ড, কলকাতা, জেনারেল প্রিন্টার্স এণ্ড পাবলিশার্স প্রাইভেট লিমিটেড, ১৯৮৮ (অষ্টম সংস্করণ), প্রথম সংস্করণ ১৯৪৫ (১৩৫২ বঙ্গাব্দ)।

.....।, হিস্ট্রি অব এনশেন্ট বেঙ্গল, কলকাতা, তুলসী প্রকাশন, ২০০৫ (প্রথম তুলসী সংস্করণ), প্রথম প্রকাশ ১৯৭১, পুনর্মুদ্রণ ১৯৭৪।

৫। মৈত্রেয়, অক্ষয়কুমার, গৌড়লেকমালা (বন্দ্যোপাধ্যায়, মানবেন্দু (সম্পাদক) ), কলকাতা, সংস্কৃত পুস্তক ভাণ্ডার, ২০০৪ (সম্পাদিত প্রথম সংস্করণ), ডি এস এ (সংস্কৃত)-যাদবপুর বিশ্ববিদ্যালয় গ্রন্থমালা, প্রথম সংস্করণ ১৯১২।

৬। রায়, নীহাররঞ্জন, বাঙ্গালীর ইতিহাস, আদিপর্ব, কলকাতা, দেজ পাবলিশিং, ২০০৬ (১৪১৬ বঙ্গাব্দ) (সপ্তম সংস্করণ), প্রথম প্রকাশ ১৯৪৯ (১৩৫৬ বঙ্গাব্দ)।

৭। ল, বিমলা চরণ, হিস্টোরিকাল জিওগ্রাফি অব এনশেন্ট ইণ্ডিয়া, ওরিয়েন্টাল রিপ্রিন্ট, ১৯৮৪ (প্রথম ভারতীয় সংস্করণ), প্রথম প্রকাশ ১৯৫৪, প্যারিস, সোসিয়েটে এশিয়াটিক্য দে প্যারিস।

৮। সরকার, দীনেশ চন্দ্র, ইণ্ডিয়ান এপিগ্রাফিকাল গ্লসারি, দিল্লী, মোতিলাল বনারসীদাস, ১৯৬৬ (প্রথম সংস্করণ)।

....., পাল-সেন যুগের বংশানুচরিত, কলকাতা, সাহিত্যলোক, ২০০৯ (সংশোধিত ও সংযোজিত নতুন সংস্করণ), প্রথম মুদ্রণ ১৯৮২।

....., শিলালেখ-তাম্রশাসনাদির প্রসঙ্গ, কলকাতা, ২০০৯ (সংশোধিত ও সংযোজিত নতুন সংস্করণ), প্রথম মুদ্রণ ১৯৮২)।

....., সিলেক্ট ইন্সক্রিপশন্স, দ্বিতীয় ভাগ, নিউ দিল্লী, মোতিলাল বনারসীদাস, ১৯৮১ (প্রথম সংস্করণ)।

৯। হুল্‌ত্‌স্‌, ই (সম্পাদক), এপিগ্রাফিয়া ইণ্ডিকা, চতুর্থ ভাগ, ইণ্ডিয়া, আর্কিওলজিকাল সার্ভে অব ইণ্ডিয়া, ১৮৯৭।

# UPANIṢAD AND SUFISM: UNIQUE TREATMENT OF UNIVERSAL PHILANTHROPY

PARTHASARATHI BHATTACHARYA

/**Abstract** : If we browse the pages of ancient History from the very beginning of Human civilization, a group of people was trying to search the basic fundamental questions about the phenomenal world. Gradually it opened an enlightened floodgate of Mystic culture. The *Upaniṣad* and the Sufi (which later known to Sufism) are the two influential branches of altruistic philosophical solidarity. So, naturally these two stems present us

with many similar perspectives. Although at the first sight it seemingly differs from each other but at the pivot of encompassing worldview, the mystic presence of the almighty creator is keenly perceptible. Man, Nature and Supreme Creative Principle entwine in an inseparable world of cosmological harmony. Such quest for knowledge is the genesis of every mystic epistemology. The followed up endeavour is a brief outline to reflect the ocean in molecule.]

Knowledge is the greatest asset to mankind. Knowledge culminates in prudence, prudence transgresses to Faith; ultimately this Faith inspires man to accomplish action *(karma)*. Knowledge has two basic principles. One is extrinsic (outward knowledge) and the other is intrinsic (inward or mystic knowledge). The conflict between two forces leads to the origin of new ideologies and socio-philosophical premises. For example, *Upaniṣads* which are also known as *Vedānta*, came as an offshoot of the *Vedās*. It in turn, records a transformation from activity to knowledge, i.e. from *karmavāda* to *jñānavāda*. In the same philosophical quest Sufism *(Taṣawwuf)* eventually comes out to be the best mystical product of the Islamism leading human for ultimate Truth. Both celebrate the deepest bottom of philosophical excellence. In such limited spectrum of analysis, we are eyeing to locate the affinity of principles in spite of diversities between the two mystic philosophical exercises, i.e. the *Upaniṣads* or *Vedānta* and the Sufism or *Taṣawwuf*.

## The origin of the *Vedānta* and *Upaniṣad*

So far the availability of Ancient Literature is concerned; *Vedas* stand par excellence from the point of view of intellectual supremacy. The word *Veda* is derived from the *√vid* which means valid knowledge. Categorically, complying with popular notion, *Vedas* have four offshoots *Ṛk*, *Sāma*, *Yajuḥ* and *Atharva*. Each *veda* comprises four parts i.e. *saṃhitā*, *brāhmaṇa*, *āraṇyaka* and *upaniṣad*. Regarding the meaning of *Vedānta* it has two interpretations. One is material and the other is spiritual. From material point of view *Vedānta* means *"vedasya antaḥ"*, i.e. the final position of the *Vedas* whereas the inner sense shows that it is nothing but the summit of the *Vedas*. It is the pinnacle of all knowledge alike the sharp peak of a temple existing right above the idol. So, the peak of *Vedānta* is like a crown over the temple of *Vedas*. Therefore, if *Vedas* be the glorious temple of Indian philosophy, *Vedānta* is the apex of it. The majority of *Upaniṣad* eventually appears at the end of *Vedas* but with exception, a few tends to occur as the antecedent. The whole of *Vedānta* theorised in the *Brahmasūtra*, ascribed to *Vādarāyaṇa*, comprises 555 *sūtras*. It has three *prasthānas*. They are *śruti*,

*smṛti* and *nyāya*. *Upaniṣad* belongs to *śrutiprasthāna*. If we analyse the derivation of the word Upaniṣad *(upa-ni-√sad kvip)*, the root *√sad* has three layers of meaning i.e. *"sadḷviśaraṇagatyavasādaneṣu"* First one is *'viśaraṇa'*, i.e. to eradicate the earthly desires. Second is *'gati'* or motion towards supremacy and third one is *'avasādana'*, i.e. to slacken earthly attachments permanently. Altogether it suggests a state where the seeker approaches the proximity of Guru (the divine guide) destroying all worldliness and seeking self illumination to sublimate the absolute i.e. Brahman.

## The origin of Sufi and Sufism

The origin of Sufi as well as Sufism comprises two aspects. One is outer another is inner. The first one refers to *suf* or a thick woollen blanket as an outer indicator of Sufi. A school of scholars were of the opinion that Muḥammad had a team of devout followers surrendering all temporal attachment. They were deified as *"aswabus suffā."* The scholars took it as another source of the word Sufi.[i] Another opinion is that Sufi derives from the Arabic root *swafā* means the sanctity of mind.[ii] Some scholars believed that the Arabic distortion of the Greek word philosophos was *'fayalsuwf* which popularly seems to hold the source of Sufi.[iii] The Arabic synonym of Sufism is *Taṣawwuf* deriving from *'Istefa'* meaning 'to nominate'.[iv] Another thought is that the spiritual content involves a range of symbols. Such as *swafā*= inward purification, *suf*= the holy attire, *huyā*= sins coming from senses, *jafā*= to curb and *kafā*=to relinquish. The symbols suggest that a true Sufi is a seeker who is inwardly purified and completely free from sense (i.e. visual, auditory, olfactory, taste and tactile) and relinquishes all wordiness.[v] Whatever it may be, we can say that Sufi is a spiritual traveller (sālik) whose journey is from action to sublimation with the proper guidance of a master (Mursid). But for knowing the Sufis and their mystical ideologies we must explore the background of Sufism and its movements. "Of all great religions of Western Asia, Islam has generally been regarded as the most worldly and least ascetic."[vi] Regarding the origin of Sufism the scholars are found divided in opinions. **Encyclopaedia Britannica** defines "Sufism is a mystical movement within Islam that seeks to find divine love knowledge through direct personal experience of God."[vii] Some scholars found that it was the brainchild of the so called *'Mutayittas* the descendants making their way from the traditional school of Islamism.[viii] The Neo-Platonic stream from Alexandria (Egypt) had the patent influence on Sufism. The Neo School of descendant absorbed in mystical quest had their base at the depth of a harmonised humanity. It was philanthropy (i.e. love for mankind)

consolidating the spirit of Pantheism and the esoteric perception of the mysticism. A.J. Arberry opines that "A constant and unvarying phenomenon of the universal yearning of the human spirit for personal communication with God".[ix] Born in the bosom of Islam the spiritualism transmitted from heart to heart and was popularized as Sufism.

**Synthesis of Western ideas specially Upaniṣadic thoughts on Sufism**

Form the second century it let loose the popular Arabic sources which later on came to be known as Sufism.[x] When they moved towards eastern parts of Asia especially in Persia, Samarkhand, Bokhara, Iran and also Iraq, many philosophical ideas were gradually synthesized which later evolved a new branch of mystical ethos. As a result, the ancient Arabian Sufism underwent a spiritual metamorphosis under the influence of oriental philosophical and ideological transformation. When they entered India the core Islamic ideas of Sufism was transmitted. With the development of Pantheism and Monotheism, the process of worshipping and the mystical songs-offering to beloved god or *Allaḥ* and also the practises *(tariqat)* to reach the ultimate goal with the supervision of Gurus or *mursids* were synchronized into their spiritual process. Here Sufism shared their ideas being considerably influenced by the oriental schools especially *Advaitavāda*, *Viśiṣṭādvaitavāda* and also *Daitavāda* the philosophical trio originated from *Brahmasūtras* during the era of 9th century A.D.

Some similar perspectives shared between Sufism and *Upaniṣads* are based on following points-

**The relation between the absolute and the creation-**

According to the *Upaniṣads*, God is both the causative factor *(nimitta-kāraṇa)* and the constituent factor *(upādāna-kāraṇa)* of the whole phenomenon. *Brahmasūtra* testified the truth in this utterance i.e. *"prakṛtiś ca pratijñādṛṣṭāntānuparodhāt"*[xi] *Various* mantras of *Upaniṣads* testified that rule with suitable illustration. *"Sarvaṃ khalvidaṃ brahma tajjalāni śānta upāsīta"*[xii] means "this entire universe is the 'Brahman' because this universe manifests from it, sublimes on it and situates in it. So, keep worshipping with patience", *'ataḥ samudrā girayaś ca sarve asmād syandate sindhavaḥ sarvarupāḥ/ataś ca sarvā osadhayoḥ rasāś ca yenaiṣa bhūttaistiṣṭhate 'ntarātmā"*[xiii] means from this 'Brahman' every ocean and mountain was manifested, every river was produced, every tree was born, by this way 'Brahman' is flourished being the inner soul *(antarātmā)* of everyone. Another example speaks *"tadaikṣata bahu syāṃ prajāyeya"*[xiv] means "I was one but now I wish to discover myself in many." The Sufism

shares a close affinity in this regard. The Sufis take the world but volition of the almighty lord. The Quran praises *Allaḥ* as *'rabbul āllamin'* means the almighty creator of the world. Therefore, love for man and love for Allaḥ are synthetic, *"kunto kanjan makpiyan/fabab tu an oraka/fa khalakatol khalka"* means "my entity was concealed. It was my will to manifest my spirit."[xv] Multiple maxims of the Holy Scripture Quran (ayat) emphasises oneness between Allah and his creation. *"Inni jāyelun fil arde khalifa"* means "I must create the followers of mine in this world." Briefly it aims to denote that the feast of creation is nothing but the manifestation of the divine grace of *Allaḥ'*. It illustrates another common objectivity i.e. the Monotheism *(Tauhid)*. The chief tenet of Islam (before arriving India) was pure and unmixed monotheism called *'Tauhid'*. The relation between Allah and Man is like an Asiq and Masuq. The masuq of Sufi is always pure and endless. This is only realised by self actualization in the stage of *fana*. But in India the ancient theory registered some change. According to Indian Sufism it comprises two stages. First one is *'tahavid i bajudi'* where the seekers tend to identify all worldly objects as the volition of 'Allaḥ'. But the succeeding stage i.e. *'tahavid i sahudi'* differentiates between the devotee *(sālik)* and the divinity *(Allaḥ)*. But the primary differentiation ultimately mingles into a unified whole. The (sālik) i.e. the seeker takes every earthly creation as the way leading to an absolute union with the creator. The first one is the step to reach the succeeding or the final one. The core Islamic concept of *tahavid* was transferred into *"sarvaṃ khalvidaṃ brahma"* which is a potent impact in our modern Sufism.

The ideological transformation from the ancient philosophical stand of Pantheism to Monotheism was a resultant of the influence that Sufism shared with Indian philosophy. *Advaitavedānta* School emphasises the world is nothing but an expression of illusion *"brahma satyaṃ jagat mithyā jivo brahmaiva nāparaḥ"*. According to the philosophical school, illusion or *'māyā'* has got two operative forces. One is the force to cover or mantle *(āvaraṇaḥ)*; the other is the force to divulge *(vikṣepaḥ)*. Keeping in with the view, *Advaitavāda* is of the prognosis that the world is subjected to transformation. The illusion is not the absence of the object rather it is like an enchantment making the humanity overwhelmed with a delusive delight. But Sufis take a little different stance. According to Sufis, the whole universe is but the divine volition of *Allaḥ*. So, love to humanity is also love to the almighty. According to Sufi epistemology, this kind of love was called as *Alkimiā* where devotee and the lord are alike. This concept is more similar with the school *Viśiṣṭādvaitavāda* propounded by the great *Rāmānuja*. The Sufis admits the world but a falsity from the theoretical point of view of

*Advaitavedānta;* but from moral perspective they go with Rāmānuja's *Viśiṣṭadvaitabāda*. The core Islamic concept of Pantheism *hamhust* was blended harmoniously with Monotheism which echoes *"sarvaṃ khalv idam brahma."*

**The relation between the Absolute and Human**

According to the school of *Advaitavedānta,* the relation between *jīva* and *Brahman* is inseparable. The school of *viśiṣṭadvaitavāda* of the opinion that the jīva is a part of that Brahman. The school of *Dvaitavāda* of *Madhvyācārya* opines that the 'jīva' and Brahman are two different entities. Three types of opinion are also found in the *Upaniṣads*. Some illustrations claim that *jīva* and *Brahman* is one. *"yosavasau puruṣaḥ so 'hamasmi"*[xvi] means that *puruṣa* is also I. *"tatra ko mohaḥ kaḥ śoka ekatvam anupaśyata*[xvii]" i.e. He who thinks all creation is nothing but the volition of self manifestation has no illusion or worldly pain because of the feeling of an oneness among all." Besides these there are four Great Utterances *(mahāvakyāvali)* in *Upaniṣad*. *"ayam ātmā brahma*[xviii]" means *jīva* itself itself is *Brahman*. *"tattvamasi*[xix]" means thou art you. *"ahaṃ brahmāsmi*[xx]" means I am Thou. *"prajñānaṃ brahma*[xxi]" means the *Brahman* itself in prudence. Saṃkara and Rāmānuja both illustrate the verse *Brahmasūkta* from the *Atharvaveda brahma "dāśā brahma dāsā brahma eva ime kitavāḥ"* suggesting that both the goodness and evil assimilate in *Brahman*. Sufism also shares close similarity with such doctrine. According to the core Islamic view there is a state where the seeker gets rid of his self existence. This state is called *baqā billah*. But in India another stage was assimilated. This state is called *baqā billah* where after the end of self existence the seeker *(murid)* is totally absorbed in Allaḥ or Brahman. This is nothing but the echoes of *"ayam ātmā brahma."* Some sentences also show the differentiation between *Brahman* and Jīva. *tadvanam iti upāsitavyam*[xxii] that Brahman is to worship as almighty. *"saḥ anveṣtavyaḥ saḥ vijijñāsitavyaḥ*[xxiii]" means you have to search and know Him. But this differentiation will dissolve in the sutra *"aṃśo nānāvyapadeśāt anyathā api dāśakitavāditvamadhīyataḥ eke*[xxiv]" means *jīva* is a part of this absolute but because of human ignorance they appear to be different. Saṃkāra and Rāmānuja both gave a catchy illustration of *"īśvara sarvabhūtānāṃ hṛddeśe 'rjuna tiṣthati/bramayan sarvabhūtāni"*.

*yantrāruḍhāni māyayā*[xxv] means *īśvara* belongs to all creation but illusion turns Him off. The Sufis share the same *"aṃn arafa nafsaḥu fakad arfa rabbahu"* means he who knows himself also knows Him. Actually both Sufi saints and our ancient monks understood that for common people it is very

difficult to realise the unity between the absolute and *jīva*. For that reason creator and creation should at first be separated and then unified as the ultimate point of spiritual destination.

According to the upaniṣadic view at first from the Brahman subtle Sky was created, then subtle Air, then subtle Fire, then subtle water and at last subtle Earth was manifested. These are called subtle *mahābhūta*. These are not acceptable by our senses, whereas from these five elements our five crude *mahābhūta* was created. These are Sky, Air, Fire, Water and Earth. This physical earthly world was created from these basic five crude element), mind, all senses and air. Sufi epistemology defines that human body is itself a combination of five fundamental elements. It has two spheres. One is *'alme amar'* the sphere of primary position. It comprises five components. These are *kwalab* (inner mind), *ruhu* (instincts), *'ser'* (hidden mind), *khaki* (soul) and *afka* (deeper soul), whereas the second is *'alme khalak'* the successive creation from the first one. *"allme khalak"* is also composed of five components. Such are water *(ab)*, fire *(atis)*, earth (khak), air *(bad)* and instincts *(nafs)*.[xxvi] According to the Sufi epistemology, the human body is itself a small universe and above all, the inner human light called as *Latifah* means inward enlightenment. The seeker sublimates with the god by transforming the series of human light to universal halo or a celestial aura where humanity feels atone with the lord. *Muṇḍakopaniṣad* too provides the supportive illustration i.e. *"tam eva vantam anuvāti sarvaṃ/tasya bhāsā sarvaṃ eva vibhāti"* means everything appears from your light. But in later phase this process is more developed in Sufi 'Nakasbandia' order which is nothing but an imitation of 'kundalini', another chief constituent of Hindu 'Yogaśāstra'.[xxvii]

## The theoretical equivalence of Sufism and the *Upaniṣad*

Sufi epistemology comprises four basic pillars. Such are *shariyat*, *tariqat*, haqiqat and *marifat*. The philosophical precept of Islam synthesizes *sariyat* (the body) and the *tariqat* (the soul). *Sariyat* is the combination of four virtues Quran (the Holy Scripture), Hadis (instructions), Ejma (unification) and Keyas (freedom of thoughts). *Sariyat* tends to stress on five must do activities i.e. Iman (the dignity), Salat (prayer), Siyam (instructions), Haj (pilgrimage) and Zaqat (holy offering). The book *'Quatabul Luma'* defines seven destinations of *Tariqat*. These are repentance (toaba), relinquish or emancipation (oyara), sacrifice (juhd), poverty (fqr), patience (sbrq), faith (toyakkul) and contentment (reya). These are quite similar to the process of *'samādhi'* according to the *Vedāntasāra*. It has eight aspects like *yama* (non violence), *niyama* (cleanliness), *āsana* (physical exercise), *prāṇāyāma*

(breathing system), *pratyāhāra* (repentance), *dhāraṇā* (believed to almighty), *dhyāna* (meditation) and *samādhi* ( self realization). The last three steps are jointly called as *saṁyamaḥ*. The Sufi *tariqat* comprises three most valuable parts which show close similarities between Islamism and advaitavedatic practises. The Vedanties have the four facets of worship. First *nityānityavastuvivekaḥ* = the knowledge of discrimination between the eternal and perishable. *ihāmutrafalabhogavirāga* = the second is an abstinence from both earthly and heavenly desires. First two steps are quite similar to Sufi epistemology. While going through such spiritual destination the devout seeker arrives at a special mental state called *Hāl*. According to Sufi epistemology the seeker gets rid of all worldly attachments i.e. 'alme nāsut' and during his spiritual journey finally he achieves 'alme lāhut' meaning the world of almighty. In the second stage the seeker tends to lose the impression of touch and sense. Purged of wordiness he becomes blessed. In *Vedāntasāra* the third stage is *śamādhṣaṭkasampatti*. It has six offshoots. They are *śama=the* control on inward senses, *dama*= the control on outward senses, *uparati*= relinquish, *titikṣā*= endurance to summer and winter signifying an equivalence to all, *samādhāna*=comprehensive judgmental ability and *śraddhā*= respect and veneration reserved for gurus. The final step is *mumukṣatāni*= the journey for liberation. The final journey is a direct communion of spirit between the creator and the created. At such point of mystic communication the world remains an invisible identity. The cycle of austerity, renunciation, purification and illumination helps the seeker discover the truth of *"tattvamasi"* i.e. Thou art 'brahma'. Sufi *marifat* has three steps. First one defined as *Jrq* (the reminiscence of Allaḥ). *Jqr* is turned gradually in our breathing control system in the state of *samādhi* (meditation). According to Sufism *Rābitā* is the term which indicates the relationship between the (mursid) Guru and (murid) the seeker. In the primary stage Sufis were thinking about this kind of *"rābitā'* but gradually in the place of rābitā *"fanāfissek"* took its place which means sublime faith in gurus. Therefore, Sufi 'rābitā' shared an implicit correlation with the system of Guru and disciple which after a certain phase, was reoriented into the cult of 'Pir' and idol worship.

In Sufism, the recognition with the holy name of Allaḥ is achieved in two ways. First one is *jqr kāfi* (mute remembrance) and second is *'jrq zāli'* (buzzing remembrance). Finally they are entwined as *"Jrq i dam"*, i.e. rumination after the perception of Allah. Succeeding stage of development achieved from here is *ojud* i.e. signifying pure spiritual delight. The mature stage of this sustained spiritual journey alights on *'katrat'* (the world of permanent light) that is an ever enlightened world. The world is all about

self illumination making the whole flora and fauna appear enlightened. This is quite similar to the system of *savikalpaḥ* and *nirvikalpaḥ samādhiḥ* according to the term of the *Vedāntasāra*.

**Process of worship**

The Sufis follow their worship in two ways. One is general and the other is specific. The general process comprises six steps. They are *salat* (prayer), *tilayat* (reading Quran), *tasbi* (counting spells), *tahamid* (praising Allah), *tqkbir* (invocation) and *aurad* (seeing the virtue of mercy). Another specific worship involves three stages. They are *mujhada* (self purification), *jqr* (remembrance) and *murakaba* (contemplation). In order to achieve such continuous process of spiritual perfection the devotees need to give up the demand of instinct and senses; once liberated from such demand of senses, the purified souls become blessed after prolonged austerity. The worshiping spell about *Advaitavedāntavada* keeps a close of similarity. *Jqr* is turned gradually in the breathing control system as theorised in the *Yogaśāstra*.

Drifting a little apart from *Adaitavedānta* the *Viśiṣṭādvaitavāda* or the specified dualism of Rāmānuja achieves the holy synthesis of action *(karma)* and wisdom *(jñāna)*. The Sufis seasoned their faith in the same philosophical light. They sought to immortalize the bond between the almighty and living organism. The love they discovered is animated, live and dynamic. It is the volition of Allaḥ denoted as the divine love *(alkimia)*. The Sufis believe that the object of nature is observed in contrast. The light is felt in darkness; the pleasure is felt in contrast with pain. So, the divine mercy of Allaḥ is showered when earthly inconveniences become stronger. The mere physic paves the way to new ethics. The Sufis accepts the divine love of Allaḥ at its utmost manifest when the humanity feels the love and harmony. It is a spirit of togetherness, the spirit of unity which grows and nourishes in selfless deed not in selfish act. Therefore, the well being of self or egoistic ethics was broadened and universalised as altruistic ethics i.e. the good being and good doing for all. So, *alkimiya* becomes a bridge which appear from temporary to permanent goal. According to the Sufis Allaḥ is no static divinity rather He is the viewer and the embodiment of all kinds of pleasurable experiences. The world appears to be vital with the diversity of creation. But some points of differences were also raised. The Sufism is essentially a treatment of devotion and universal love. There philosophy is corollary to their contemplation of love. At the contrary *Advaitavedānta* is the most formidable school of Indian philosophy. The devotion is but a mere illustration of the philosophical premise. The stages of *fānā* (self dissolution) and baqā (unification) are two enlightened paths of the final identification

with the 'Allaḥ'. But *Advaitavedānta* never admits the dualism rather it indicates "*ahaṃ brahmāsmi*" i.e. the devotee is ever inter fused with the divinity.

If we ascend the stages of development, the divine benevolence of Allah is expressed with keener perception. *'Inna lillahi oya inna ilahi rajeun'* means every creation originates and dissolves in Allaḥ.[xxviii] To attempt the state human haṣ to preserve morality. Metaphysics in this way, turned into Ethics. Love for mankind is the only way to achieve the final destination. Here Sufism reaches beyond the goal of Egoistic ethics and mingles with Altruistic ethics of universal creation.

## Conclusion

Sufism and Vedānta are the two most important branches of Humanism. The chief tenet of these two philosophical premises is to love mankind not merely as human race but for sharing the same family of the almighty. No way the world with such diversified beauty be denied of existence; the beauty and symmetry of whole creation is but an outcome of divine will. Must there be the mighty arranger monitoring such orchestra of creation. Love is the vital vita nova. So, Love is the path where *bhakti* and *jñāna* are fused with each other. We should keep working for the sake of mankind removing all self regarding motives of narrow interest. By this way we shall not be entangled in the tentacles of *karma* despite accomplishing karma in true sense *'na karma lipyate nare*[xxix]*.' Upaniṣad* and Sufism are the eternal quest of man. Each and every mystical movement shares some common goals. One of them is the renunciation of earthly bond and leading the way to eternal salvation. May their paths differ occasionally, but their inner path remains the same and the path is love for mankind. When this philanthropy is successfully commissioned, the creator-creation synthesis is truly celebrated. Such celebration of creative synthesis achieved through a sustained spiritual journey is a meeting with infinity. The Sufis call it *anwalhaq;* the *Upaniṣad* says *ahaṃ brahmāsmi* i.e. I am He.

## References


i Hosen, Sekh Barasat. *Sufibād* (in Beng), Kolkata; Mallik Brothrs, 2012, p 7.

ii Haq, Muhammad Enamul. *Bange Sufi Probhāb* ( in Beng), Kolkata; Vivekananda Book Center, 2012 (1st edi 1935), p 8.

iii Ibid., p. 9.

iv Ibid, p. 10.

v Hosen, Sekh Barasat. *Sufibād* ( in Beng),Kolkata;Mallik Brothrs,2012,p 1 1.
vi Karim, Abdul. *Social History of the Muslims in Bengal* (down to A.D 1538), Dhaka; Jatiya Grantha Prakashan, 2001 (1st edi 1959), p. 112.
vii Hosen, Sekh Barasat. *Sufibād* ( in Beng), Kolkata; Mallik Brothrs, 2012, p 11.
viii Khanam, Mahmuda. *Madhyayeugia Bangla Sahitye Hindi Sufi Kabyer Probhab* (Influence of Hindi Poems on the Medieval Bengali Literature), Dhaka;Bangla Academy, 2003, p.2.
ix Hosen, Sekh Barasat. *Sufibād* ( in Beng), Kolkata;Mallik Brothrs, 2012, p 2.
x Karim, Abdul. *Social History of the Muslims in Bengal (down to A.D* 753S),Dhaka; Jatiya Grantha Prakashan, 2001 (1st edi 1959), p. 112.
xi *Brahmasūtra -1/4/23.*
xii *Chāndogyopaniṣad- 3/14/1*
xiii *Muṇḍakopaniṣad -2/1/9*
xiv *Chāndogyopaniṣad -7/3/1*
xv Khanam,Mahmuda. *Madhyayeugia Bangla Sahitye Hindi Sufi Kabyer Probhab* (Influence of Hindi Poems on the Medieval Bengali Literature), Dhaka; Bangla Academy, 2003, p. 54.
xvi *Īśopaniṣad*-16
xvii *Īśopaniṣad-7*
xviii *Māṇḍūkyopaniṣad- 1/2*
xix *Chāndogyopaniṣad - 6/8/7*
xx *Bṛhadāraṇyopaniṣad- 1/4/10*
xxi *Aitareyopaniṣad- 5/3*
xxii *Kenopaniṣad- 4/6*
xxiii *Chāndogyopaniṣad-8/7/1*
xxiv *Brahmasūtra - 2/3/43*
xxv *Gita- 18/61*
xxvi Hosen, Sekh Barasat. *Sufibād* ( in Beng), Kolkata; Mallik Brothrs, 2012, p 45-46.
xxvii Haq, Muhammad Enamul, *Bange Sufi Probhab* (in Beng), Kolkata; Vivekananda Book Center, 2012 (1st edi 1935), p 45.
xxviii Majid, Abdul Muhammad, *hai kuran majid*. Maktabah, Rampur (U.P); Al-hāsanat, 1966, p. 20.
xxix Īśopaniṣad-2

## Select Bibliography

Bandyopadhyay, Haricharan. *Baṅgīya Śabdakośa* (2 Vols in Beng). New Delhi; Sahitya Academi, 2011(1st edn. 1340-1353 B.E.).
Basak, Kamal. *Śilpa Dharma Saṃskṛti o Sthapatye Gaurave Māladaha* (In Bengali). Kolkata; Anima Prakasani, 2013.
Bhadra, Gautam. 'Two *Frontier Uprisings in Mughal India*'. In: *Subaltern*

*Studies II: Writings on South Asian History and Society*, ed. Ranajit Guha. Delhi; Oxford University Press, 1983.

Bhaskārananda, Swami. *The Essentials of Hinduism*. Chennai; Sri Ramakrishna Math,1998 (1st edn. 1994 in the United States),

Chatterji, S. K. *Languages and Literatures of Modern India*. Calcutta; Bengal Publishers, 1963.

Chatterji, Sunīti Kumar. *The Origin and Development of the Bengali Language*. Delhi; Rupa Publications India Pvt. Ltd., 2011 (1st edn. 1926, Calcutta University).

Dani, A.H. *Bibliography of the Muslim Inscriptions of Bengal*. Appendix to the Journal of the Asiatic Society of Pakistan 2.Dacca; Asiatic Society of Pakistan, 1957.

Dasgupta, Praśānta Kumar. *Vācaḥ Pallavayati* (In Bengali). Kolkata; Esha, 1983.

Dimock, Edward C., Jr. "Hinduism and Islam in Medieval Bengal". In: *Aspects of Bengali History and Society*. Ed. Rachel Van M. Baumer, 1-12. Honolulu; University Press of Hawaii, 1975.

Eaton, Richard M. *The Rise of Islam and the Bengal Frontier, 1204-1760*. California; University of California press, 1993.

Haq, Muhammad Enamul. *A History of Sufism in Bengal*. Dacca; Asiatic Society of Bangladesh, 1975.

Paul, Harendrachandra *Jalalu 'd-din Rumi and his Taṣawwuf*. Calcutta; M.I.G. Housing Estate, 1985.

Haywood, J.A and Nahmad, H.M. *A New Arabic Grammar of the Written Language*. London; Percy Lund, Humphries & Co. Ltd., 1962.

Hosen, Sek Barasat. *suphibad* (In Bengali). Kolkata; Mallik Brothers, 2012.

Karim, Abdul. *Social History of the Muslims in Bengal*. Dhaka; Jatiya Grantha Prakashan, 2001(1st publ. 1959).

Khan, Khan Shaheb Abid Ali. *Gour O Panduar Smṛti* Bengali trans. of *Memoirs of Gour and Pandua*. Trans and Ed. Chowdhury Shamsur Rahman.ḍ. Kolkata: Sopan Publisher, 2011.

Maitra, Susil Kumar. *The Ethics of the Hindus*. Calcutta; University of Calcutta, 2013.

Raychaudhuri, Hemchandra. *Political History of Ancient India*. Calcutta; University of Calcutta, 1972 (1st edn. 1923).

Salimullah, Munshi. *Tarikh-i-Bangalah* (Ed. S. M. Imamuddin). Dacca: Asiatic Society of Bangladesh, 1979.

Sarkar, Benoy Kumar. *The Folk Element in Hindu Culture*. Delhi; Cosmo Publications, 1981(1st edn. 1917).

Sen, Dinesh Candra *pracin bangla sahitye musalmaner avadan* (In Bengali). Dhaka; Khosroj Kitab Mahal, 2012 (1st edn. 1940).

—. *Bṛhat Baṅga [suprācin kāl haite palāśir yuddha paryanta]* 2 Vols. (In Bengali). Kolkata; Dey's Publishing, 2006 [1st edn. B.E. 1341(= 1935 C.E.)]

Sen, Sukumar. *Sekasubhodaya of Halāyudha Miśra*. Kolkata: The Asiatic Society, 2002 (1st edn. 1963).

—. *Bangla Sthānnām* (In Bengali). Kolkata: Ananda Publishers Private Limited, B.E.1417 [1st edn. B.E.1388 ( = 1981 C.E.)].

Sircar, D.C. *Some Epigraphical Records of the Medieval Period from Eastern India*. New Delhi: Abhinav publications, 1979.

Sykes, Percy. *A History of Afghanistan*. 2 Vols. New Delhi: Oriental Books Reprint Corporation, 1981 (1st edn.1940. Macmillan & Co. Ltd., London).

Tagare, Ganesh Vasudev. *Historical Grammar of Apabhramsa*. Delhi: Motilal Banarsidass Publishers Private Limited, 1987 (1st edn. 1948).

# প্রাচীনভারতীয় প্রতিমাবিজ্ঞানে মানগণনা ও মত্স্যপুরাণঃ একটি সংক্ষিপ্ত সমীক্ষা

অভিষেক ঘোষ

ভারতীয় ঐতিহ্যে ঈশ্বরোপাসনা পদ্ধতিতে প্রতিমাপূজা একটি বিশিষ্টস্থানের অধিকারী। ঈশ্বরসাধনার প্রকৃষ্ট পথ হল হৃদয়ানুভূতি, সেই সাধনায় আন্তরিক আত্মনিবেদনই শ্রেয়োলাভ তথা আত্মোপলব্ধির কারণ। ভারতীয় উপাসনাপদ্ধতিতে বা সাধনমার্গে পুনর্জন্মকারক[১] প্রতিমাপূজা মর্যাদাপূর্ণ না হলেও সুপ্রাচীন প্রতীকোপাসনার গর্ভেই প্রতিমাপূজার বীজ নিহিত ছিল। বৃক্ষ, নদী,[২] পর্বত, পশু, পক্ষী প্রভৃতির প্রতীক তথা প্রকৃতিপূজাই মানবসভ্যতার আদি ধর্ম।

'প্রতিমা' শব্দটি ব্যুত্পত্তিগত অর্থে সাদৃশ্য' বা 'তুল্যতা'প্রতিপাদক ও দেবতা, ব্যক্তি[৩] বা পদার্থবিশেষের প্রতিকৃতি, মূর্তি বা বিম্ব—সকলকিছুরই বোধক। অদৃষ্ট শক্তির কল্পনা ও তার সাধনায় প্রত্যক্ষ বা অপ্রত্যক্ষ রূপকে মূর্ত করার প্রচেষ্টাই প্রতিমাতে প্রতিভাত হয়।

প্রতিমানির্মাণ একাধারে কলা ও বিজ্ঞান। এর উৎসবিষয়ে কোন সুনির্দিষ্ট তথ্য পাওয়া যায় না। পুরাণ, আগম, তন্ত্র, শিল্পশাস্ত্র ও প্রতিষ্ঠাপদ্ধতি—এই পঞ্চস্রোতের মধ্যেই পরবর্তিকালীন প্রতিমানির্মাণপদ্ধতির বিস্তারিত আলোচনা দৃষ্ট হয়। এছাড়াও প্রাচীনসাহিত্যে বিভিন্ন উল্লেখ থেকে মূর্তিপূজার প্রাচীনতা সম্পর্কে ধারণা করা যায়। পৌরাণিক দেববাদ বৈদিক দেবরূপোদ্ভাবনা থেকেই উত্সারিত, বৈদিক ঋক্সমূহ যার মূলাধার।[৪] কিন্তু প্রতিমানির্মাণপদ্ধতি হয়তো বিশুদ্ধ বৈদিকসভ্যতাসম্ভূত নয়, প্রাচীনতর অনার্য প্রতীকোপাসনার মধ্যে এর বীজ নিহিত, তবে ঔপনিষদিক একেশ্বরবাদ ও প্রতিমাপূজা তথা বহুদেবতাবাদ ধর্মীয় ঐতিহ্যে এক সমন্বয়াত্মক অভিন্নতা প্রতিপাদন করে।

প্রস্তরকলা বা প্রতিমানির্মাণবিধি ভারতীয় বাস্তুকলা বা বাস্তুশাস্ত্র অর্থাৎ স্থাপত্যবিদ্যার অঙ্গীভূত ও তার দ্বারা গভীরভাবে প্রভাবিত। বাস্তুশাস্ত্রবিষয়ক স্বাধীন গ্রন্থ বিশ্বকর্মবাস্তুশাস্ত্র, ময়মত, মানসার, সমরাঙ্গণসূত্রধার প্রভৃতি শিল্পশাস্ত্রবিষয়ক গ্রন্থগুলির মধ্যে দ্রাবিড়শৈলীর প্রতিনিধিস্থানীয় গ্রন্থ মানসার,[৫] এছাড়াও অগস্ত্যের

সকলাধিকার, কাশ্যপরচিত অংশুমদ্ভেদ,[৯] শ্রীকুমাররচিত শিল্পরত্ন ও ময়াসুররচিত ময়মত উল্লেখযোগ্য। উত্তরীবাস্তুশাস্ত্র অথবা নাগরশৈলীর গ্রন্থ হল বিশ্বকর্মবাস্তুশাস্ত্র, সমরাঙ্গণসূত্রধার ও মণ্ডনবাস্তুশাস্ত্র। পূর্বোক্ত শিল্পশাস্ত্রবিষয়ক গ্রন্থগুলিতে ভবনকলার পাশাপাশি প্রতিমানির্মাণবিদ্যাও আলোচিত। এ বিষয়ে বিশেষ গুরুত্বপূর্ণ আরেকটি গ্রন্থ হল অপরাজিতপৃচ্ছা। অবাস্তুশাস্ত্রীয় গ্রন্থগুলির মধ্যে আগমসমূহ, তন্ত্র ও পুরাণ এবং অর্ধবাস্তুশাস্ত্রীয় গ্রন্থের মধ্যে জ্যোতিষবিষয়ক গ্রন্থ বিশেষতঃ বৃহৎসংহিতা[১০] গুরুত্বপূর্ণ। আগমসমূহে প্রতিমাবিজ্ঞান সম্বন্ধীয় বিস্তৃত বিবরণ লভ্য বিশেষতঃ প্রতিমানির্মাণবিধির কৌশলের সঙ্গে তা সম্পর্কযুক্ত। তাল-মানের আলোচনায় আগম অনেকক্ষেত্রে পুরাণকেও ছাড়িয়ে গেছে। উদাহরণস্বরূপ কামিকাগম, জিনাগম, কর্ণাগম, সুপ্রভেদাগম, বৈখানসাগম, অংশুমদ্ভেদাগম বিশেষ উল্লেখযোগ্য। দাক্ষিণাত্য প্রস্তরকলার ক্ষেত্রে আগমগ্রন্থ শিল্পীদের কাছে hand book এবং guide book-এর মতোই অপরিহার্য। প্রতিমাবিজ্ঞানে তন্ত্রের অবদানও কম নয়। মহানির্বাণ, গৌতমী, কালী প্রভৃতি তন্ত্রে যন্ত্রাত্মক উপাসনার রহস্য ও প্রতীকস্বরূপ প্রতিপাদিত। জিনতন্ত্রে প্রতিমাবিজ্ঞান বিষয়ক বিশদ আলোচনা বর্তমান। 'হয়শীর্ষ-পঞ্চরাত্র'-নামক তন্ত্র, তন্ত্রীয় প্রতিমানির্মাণবিষয়ক গুরুত্বপূর্ণ গ্রন্থ। তন্ত্রে শক্তিসাধনা তথা শৈবী এবং শক্তিদেবীর মূর্তিবিষয়ক আলোচনা পরিলক্ষিত হয়।

পুরাণসাহিত্য প্রতিমার রূপোদ্ভাবনায় বিশেষ অবদান রাখে। পুরাণসাহিত্যেও বাস্তুবিদ্যা দ্বিধা বিভক্ত— ভবনকলা ও মূর্তিনির্মাণকলা। অগ্নি, স্কন্দ, গরুড়, লিঙ্গ, ভবিষ্য, বিষ্ণুধর্মোত্তর-পুরাণ ছাড়াও মত্স্যপুরাণে[১১] (প্রাচীন মৌলিক অংশটি আনুমানিক তৃতীয় থেকে চতুর্থশতকে রচিত) দেবপ্রতিমানির্মাণ বিষয়ক বিশেষ আলোচনা দেখা যায়। বস্তুতঃ, পৌরাণিক বাস্তুবিদ্যার মূলাধার বৈদিক বিশেষতঃ সূত্রকালীন বাস্তুবিদ্যা। পৌরাণিক দেববাদ বৈদিক দেবরূপোদ্ভাবনা থেকেই উত্সারিত। মত্স্যপুরাণ, মানসার ও বৃহত্সংহিতায় বাস্তুবিদ্যা তথা প্রতিমাশাস্ত্রবিষয়ক প্রাচীন আচার্য বশিষ্ঠ, বিশ্বকর্মা, ময়, নগ্নজিত্, গর্গ, বৃহস্পতি, অগস্ত্য, কাশ্যপ, ভৃগু-প্রমুখের নির্দেশ পাওয়া যায়। নগ্নজিত্‌রচিত চিত্রলক্ষণ ও প্রতিমালক্ষণ নামক গ্রন্থদ্বয় বিশিষ্টস্থানের অধিকারী।

ভারতীয় প্রতিমাবিজ্ঞান যথার্থরূপে জানতে গেলে ভারতীয় পুরাণশাস্ত্রবিষয়ে যথাযথ অধ্যয়ন প্রয়োজন। পৌরাণিক অবতারবাদ ও বহুদেববাদ স্থাপত্যশিল্পে গভীর প্রভাব বিস্তার করেছে। বিভিন্ন স্থাপত্যে নানা মূর্তির রূপনির্মাণে সহায়ক পুরাণবর্ণিত দেববিশেষের নানা রূপকল্পনা।

অগ্নিপুরাণ ও বিষ্ণুধর্মোত্তর-পুরাণ, পুরাণসাহিত্যে প্রতিমাবিজ্ঞানবিষয়ক আলোচনায় সমৃদ্ধ। বিশেষতঃ অগ্নিপুরাণ[১২] এ বিষয়ে শ্রেষ্ঠত্বের দাবী রাখে। মত্স্যপুরাণ অগ্নিপুরাণ অপেক্ষাও প্রাচীনতর বলে মনে করা হয়। আলোচ্য পুরাণেও বাস্তুশাস্ত্রবিষয়ক সুচিন্তিত আলোচনা দেখা যায়। একইসঙ্গে মূর্তিবিজ্ঞানের প্রাচীন পরম্পরার ইতিহাসও এখানে সুন্দরভাবে প্রকাশিত হয়েছে। মত্স্যপুরাণের ২৫৮-২৬৭ অধ্যায়ের মধ্যে প্রতিমাদ্রব্য, প্রতিমার রূপ, পীঠিকানির্মাণাদি প্রতিমাবিজ্ঞানবিষয়ক নানা আলোচ্য বিষয়ের মধ্যে গুরুত্বপূর্ণ "দেবার্চানুকীর্তনে প্রমাণকথন" ও "প্রতিমালক্ষণ"।[১৩] বস্তুতঃ প্রতিমার মান (iconometry) বিষয়ক আলোচনাই মত্স্যপুরাণ-এর এই অংশটির বিশেষ বৈশিষ্ট্য। প্রতিমানির্মাণে ব্যবহৃত বিভিন্ন তালমান (standards of measurements)-এর উল্লেখ পুরাণটিকে বিশিষ্ট করেছে।

প্রতিমানির্মাণে পরিমাপ নির্ধারণের ক্ষেত্রে দু'রকম মানগণনাপদ্ধতি অনুসৃত—অঙ্গুলমান ও তালমান।[১৪] আবার দুটি উপবর্গ— i) স্বাশ্রয় (absolute), ii) সহায়ক (relative)।

i) স্বাশ্রয়মান পদ্ধতিতে গণনার ক্ষেত্রে কিছু প্রাকৃতিক পদার্থকে পরিমাপের আদর্শরূপে গ্রহণ করা হয়। পদ্ধতিটি নিম্নরূপ—

৮ পরমাণু থেকে ১ রজঃ

৮ রজঃ থেকে ১ রোম

৮ রোম থেকে ১ লিক্ষা

৮ লিক্ষা থেকে ১ যূকা

৮ যূকা থেকে ১ যব

৮ যব থেকে ১ অঙ্গুল

২ অঙ্গুল = ১ গোলক / কলা

২ গোলক / কলা থেকে ১ ভাগ[১২]

দু'আঙুল হস্তলক্ষণ (সমরাঙ্গণসূত্রধার ৯) ; কিন্তু আগমে মধ্যম আঙুল = ৭ যব। কনিষ্ঠা = ৬ যব।

অতিকায় প্রতিমানির্মাণে ২৪ অঙ্গুলি = কিষ্কু

২৫ অঙ্গুলি = ১ প্রাজাপত্য

২৬ অঙ্গুলি = ১ ধনুর্গ্রহ

২৭ অঙ্গুলি = ১ ধনুর্মুষ্টি

৪ ধনুর্মুষ্টি = ১ দণ্ড

ii) সহায়ক মানগণনা (প্রতিমার অঙ্গ বা অবয়ব বিশেষের দৈর্ঘ্যনির্ভর) পদ্ধতিতে মাত্রাঙ্গুল ও দেহাঙ্গুল প্রচলিত। মাত্রাঙ্গুলের পরিমাপ—প্রতিমাকার বা স্থপতি অথবা যজমানের মধ্যমার মধ্যপর্ব-পরিমাণ।

দেহাঙ্গুলের পরিমাপ—সম্পূর্ণ প্রতিমার, যেটি নির্মাণ করা হবে, তার সম্পূর্ণ কলেবরের ১২৪/১২০/১১৬টি সমভাগের তুল্য। প্রত্যেকভাগকে দেহলব্ধ অঙ্গুল বা দেহাঙ্গুল বলা হয়। দেহাঙ্গুলের ২৪ প্রকার সংজ্ঞা পাওয়া যায়। যথা—

১ অঙ্গুল অবকাশ—মূর্তি, ইন্দু ;

২ অঙ্গুল অবকাশ—কলা, গোলক, ব্রাহ্মণ ;

৩ অঙ্গুল অবকাশ—অগ্নি, গুণ, কাল, রাম, বর্গ ;

৪ অঙ্গুল অবকাশ—বেদ, জাতি ;

৫ অঙ্গুল অবকাশ—ইন্দ্রিয়, ভূত ইত্যাদি সংজ্ঞা নির্দিষ্ট।

সহায়ক পদ্ধতিতে দেহাঙ্গুলপরিমাণ (যা তুলনায় দীর্ঘতর মানযোজনা)-এর সহায়ক অন্যান্য পরিমাপের মাত্রা বা মানদণ্ড—

প্রদেশ—বৃদ্ধাঙ্গুষ্ঠ ও তর্জনীর মধ্যবর্তী অংশপরিমিত।

তাল—বৃদ্ধাঙ্গুষ্ঠ ও মধ্যমার মধ্যবর্তী অংশপরিমিত।

বিতস্তি—বৃদ্ধাঙ্গুষ্ঠ ও অনামিকার মধ্যবর্তী অংশপরিমিত।

গোকর্ণ—বৃদ্ধাঙ্গুষ্ঠ ও কনিষ্ঠার মধ্যবর্তী অংশপরিমিত।[১৩]

বস্তুতঃ, শিল্পশাস্ত্রবিষয়ক বিভিন্নগ্রন্থে, মাননির্ধারণে অতীব সূক্ষ্ম বিচারপদ্ধতি দেখা যায়। মানসার অনুযায়ী প্রতিমার মাননির্ণয়ে পরিমাপব্যবস্থা ছয়ভাগে বিভাজ্য।

প্রতিমার মান

| মান- | প্রমাণ- | উন্মান- | পরিমাণ- | উপমান- | লম্বমান- |
|---|---|---|---|---|---|
| প্রতিমার দৈর্ঘ্যের সঙ্গে সম্পর্কযুক্ত | প্রতিমার প্রস্থের সঙ্গে সংশ্লিষ্ট | প্রতিমার স্থূলত্বের সঙ্গে সংশ্লিষ্ট | প্রতিমার পরিণাহ বা বিস্তার অর্থাৎ কটিদেশের সঙ্গে সম্পর্কযুক্ত | প্রতিমার অবয়বসমূহের অন্তরাবকাশ | প্রলম্বিত রেখাসমূহের প্রতিপাদক |

ষড়্‌বর্গের নানা সংজ্ঞা থেকে শাস্ত্রীয় প্রতিমানির্মাণের বিধির সঙ্গে পরিচিত হওয়া যায়।[১৮]

আগম এবং মানসার প্রভৃতি শিল্পশাস্ত্রবিষয়ক গ্রন্থে প্রতিমার পরিমাপপদ্ধতিতে বিভিন্ন দেবদেবীর ক্ষেত্রে নানাপ্রকার তালমানের উল্লেখ আছে। সশীর্ষ মুখমান হল তালমানের ভিত্তি। এক থেকে দশ পর্যন্ত ভাগে বিভক্ত এই তালমান পুনরায় উত্তম-মধ্যম-অধম—এই তিনভাগে ভাগ করা যায়। উত্তমদশতালের প্রতিমাকে একশ চব্বিশ, মধ্যম দশতালের প্রতিমাকে একশকুড়ি ও অধমদশতালের প্রতিমাকে একশষোলটি সমভাগে বিভক্ত করলে পুনরায় দেহাঙ্গুল মাপ পাওয়া যায়। দশতালের প্রতিমার পরিমাপ তার মুখমানের দশগুণ। একইভাবে নবতালবিশিষ্ট বা অষ্টতালবিশিষ্ট প্রতিমার পরিমাপ তত্তত্ প্রতিমার মুখমানের নয়গুণ এবং আটগুণ। তালমানের উত্স হয়তো আগমসাহিত্য এবং সম্ভবতঃ দাক্ষিণাত্য পরম্পরার এ পরিমাপপদ্ধতির পরম্পরা বিষয়ে অবিসংবাদিত তথ্য পাওয়া যায় না। সমরাঙ্গণ প্রভৃতি উত্তরী পরম্পরার গ্রন্থে তালমানের কোনো উল্লেখ নেই। কিন্তু, বৃহত্‌সংহিতা সহ কিছু পুরাণগ্রন্থের প্রতিমানির্মাণবিষয়ক নির্দেশ তালমানপুষ্ট বা মিশ্র পরম্পরার ইঙ্গিত বহন করে। যদিও এই গ্রন্থগুলি উত্তরী বাস্তুপরম্পরার প্রতিপাদক।

'তাড়' বা 'তাল' শব্দটি হস্তপরিমিত দৈর্ঘ্যবিশেষকে বোঝায়। প্রতিমানির্মাণকালে শিল্পী হাতের দৈর্ঘ্যানুযায়ী প্রতিমার মাননির্ধারণ করে থাকেন। সাধারণভাবে দ্বাদশ অঙ্গুলীতে একতাল ধরা হয়। বৈদিকযুগ থেকেই ভারতবর্ষে যজ্ঞবেদী প্রভৃতির পরিমাপে আঙুলের প্রয়োগ দেখা যায়। পুরুষসূক্তে সহস্রশীর্ষা সহস্রপাদ[১৯] বিরাট পুরুষের দশ অঙ্গুলী পরিমিত হওয়ার বিবরণ পাওয়া যায়। এই প্রাচীনপ্রথা অনুসরণ করেই শাস্ত্রীয় গ্রন্থসমূহে তালমানের ভিত্তি হিসাবে অঙ্গুলী পরিমাপকেই গ্রহণ করা হয়। শুক্রনীতিসার ও নারদপুরাণে মূর্তির উচ্চতা ১০৮ অঙ্গুলীপরিমিত বলা হয়েছে। বৈখানসাগমে (অধ্যায় ২২) উল্লিখিত ১২০ অঙ্গুলী পরিমিত দশতাল পরিমাপ থেকে তালের পরিমাপ বারো আঙুল হিসাবে ধরা হয়। দেবদেবীর প্রতিমা কল্পনায় শিল্পীর কাছে মনুষ্যাকৃতিই সর্বোপযোগী ও সর্বোত্কৃষ্ট আধার। কারণ মানুষের শারীরিক অনুপাতের ভারসাম্য সুনিয়ন্ত্রিত। মন্ত্রদ্রষ্টা ঋষির কল্পনায় দেবতা "দিবোনরঃ", "নৃপেশঃ"[২০] তাই, শিল্পীর ভাবনায় দেবতার মনুষ্যরূপই সদাজাগ্রত থাকে এবং এক্ষেত্রে শিল্পী নিজেই আধারভূত। আবার, পৌরাণিক অবতারবাদের ধারণা থেকে দেবতার মানবরূপধারণের অন্তর্নিহিত রহস্যটি উন্মোচিত হয়। মনুষ্যভেদে উচ্চতার তারতম্য দেখা যায়। বৈচিত্র্যময় ভৌগোলিক বৈশিষ্ট্যযুক্ত ভারতবর্ষে জলবায়ু, খাদ্যাভ্যাস প্রভৃতির প্রভাবে উচ্চতার যে ভেদ পরিলক্ষিত হয় সেদিকে দৃষ্টি রেখেই সম্ভবতঃ মনীষিগণ প্রতিমানির্মাণে আদর্শ পরিমাপের প্রচলন করেছিলেন। স্ত্রী-পুরুষের উচ্চতার তারতম্য দেবপ্রতিমা ও দেবীপ্রতিমার মধ্যে উচ্চতার ভিন্নতাকে প্রভাবিত করেছে। শাস্ত্রনির্দিষ্ট পথে নির্মিত দেবীপ্রতিমা অষ্টতালবিশিষ্ট হলে দেবপ্রতিমা নব বা দশতালবিশিষ্ট হয়ে থাকে।

বৃহৎসংহিতায় বরাহমিহির নবতালবিশিষ্ট প্রতিমাকে[১৭] উত্তমশ্রেণীর প্রতিমারূপে চিহ্নিত করেছেন। মৎস্যপুরাণমতে দাশরথি রাম, বলি, বরাহ, নরসিংহ প্রভৃতি প্রতিমা দশতালবিশিষ্ট দেব-দানব-কিন্নরপ্রতিমা নবতালবিশিষ্ট ও বামনপ্রতিমা সপ্ততালবিশিষ্ট। লক্ষণীয়, দেবীপ্রতিমার সাপেক্ষে বামনপ্রতিমা খর্বাকৃতি আর মুকুটযুক্ত দেবপ্রতিমা স্বাভাবিকভাবেই উচ্চতার ক্ষেত্রে অধিকমাত্রা যোগ করে। কিন্তু প্রতিমানির্মাণে সৌন্দর্যসৃষ্টিতে অনুভূতির যথাযথ রূপায়ণে শিল্পীর স্বাধীনতা আছে। আবার, নির্মাণগত ত্রুটির দায় একান্তভাবেই শিল্পীর। বাস্তব অভিজ্ঞতার ভিত্তিতে রচিত শিল্পশাস্ত্র এক্ষেত্রে বাস্তবসম্মত, শিল্পগুণসমন্বিত পরিপূর্ণ মূর্তিনির্মাণের পথপ্রদর্শক—"শাস্ত্রমানেন যো রম্যঃ স রম্যো নান্য এব হি"। বৃহৎসংহিতানুসারে প্রতিমানির্মাণে পঞ্চপুরুষলক্ষণ হংস (মধ্যমপরিমাণ বালীপ্রতিমা, অষ্টতাল দেবীপ্রতিমা), শশ, রুচক, ভদ্র ও মালব্য (নবতালমান) দৈর্ঘ্য, বিস্তার ও পরিমাণে যথাক্রমে ৯৬, ৯৯, ১০২, ১০৫ ও ১০৮ আঙ্গুলপরিমিত। সমরাঙ্গণসূত্রধারে হংসাদি পঞ্চলক্ষণের মান যথাক্রমে ৮৮, ৯০, ৯২, ৯৪ ও ৯৬ অঙ্গুলীপরিমিত। এই ভিন্নতার কারণ খুব স্পষ্ট নয়। হয়ত পাষাণ, মৃত্তিকা বা কাষ্ঠাদিনির্মিত প্রতিমার তুলনায় চিত্রজা প্রতিমার ক্ষুদ্রতা মানের ভিন্নতার কারণ। সমরাঙ্গণসূত্রধারে এর মাননির্ধারণ বিষয়ে দৃষ্টিভঙ্গী বাস্তবমুখী ও জনজীবনের সঙ্গে সম্পৃক্ত। সমরাঙ্গণ-এ পঞ্চ স্ত্রীলক্ষণের মধ্যে বৃত্তা, পৌরুষী, বলাকা ও দণ্ডার সংজ্ঞা পাওয়া যায়। আগমানুসারে বিভিন্ন তাল-মাপের মাধ্যমে প্রতিমার স্বরূপগত বৈশিষ্ট্য ফুটে ওঠে। তবে মানগণনার ক্ষেত্রে বিভিন্ন শাস্ত্রের মধ্যে মতানৈক্য দেখা যায়।

| তাল | প্রতিমা | তাল | প্রতিমা |
|---|---|---|---|
| একতাল | কবন্ধ | সত্র্যঙ্গুল নবতাল | পূতমহাপুরুষ (দেবকল্প, মনুজ) |
| দুতাল | কুষ্মাণ্ড | উত্তম নবতাল | দৈত্য, যক্ষেশ, সিদ্ধ, গন্ধর্বাদি |
| ত্রিতাল | ভূত, কিন্নর | নবার্ধ-তাল | কুবের ও নবগ্রহাদি |
| চতুষ্টাল | বামন, শিশু | মধ্যম দশতাল | চন্দ্র, সূর্য, একাদশ রুদ্র, দ্বাদশ |
| পঞ্চতাল | কুব্জ, বিঘ্নেশ্বর | | আদিত্য, অষ্টবসু, অশ্বিদ্বয়, গরুড়, |
| ষট্তাল | প্রেত | | সপ্তর্ষি, দুর্গা। |
| সপ্ততাল | বেতাল, প্রেত | | |
| অষ্টতাল | মানব | অধম দশতাল | শ্রীদেবী, ভূদেবী, উমা, সরস্বতী, |
| নবতাল | রাক্ষস, অসুর, যক্ষাদি | | দুর্গা, সপ্তমাতৃকা |
| | | উত্তমদশতাল | ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বর |

ভারতীয় প্রতিমানির্মাণবিধিতে মানসিদ্ধান্ত (canons of Proportions)- এর উপর ভিত্তি করে দেবদেবীর অঙ্গপ্রত্যঙ্গের রূপায়ণে মানযোজনা (standards of measurement) নির্দিষ্ট হয়, আর এক্ষেত্রে প্রতিমাবিধান অর্থাৎ শাস্ত্রানুযায়ী প্রতিমানির্মাণ পদ্ধতিই মুখ্য-ভূমিকা পালন করে। সমরাঙ্গণসূত্রধার এ স্পষ্টতই বলা হয়েছে—

"যচ্চ যেন ভবেদ্ দ্রব্যং মেয়ং তদপি কথ্যতে।"[১৮]

প্রতিমানির্মাণে আবশ্যক এই অঙ্গপ্রত্যঙ্গাদির মানসিদ্ধান্তবিষয়ে **সমরাঙ্গণসূত্রধার**, **মানসার**, **বৃহৎসংহিতা** (অধ্যায় ৫৭), **চিত্রলক্ষণ**, **বিষ্ণুধর্মোত্তরপুরাণ**, **শুক্রনীতিসার** (৪, ৪) ও আগমগ্রন্থগুলিতে গভীর আলোচনা দেখা যায়। **সমরাঙ্গণে** প্রতিপাদিত মানসিদ্ধান্তগুলি শ্রী গোপীনাথ রাও, জিতেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় প্রমুখ পণ্ডিতগণের বিভিন্ন দৃষ্টিকোণ থেকে বিশ্লেষণের প্রেক্ষিতে নানারূপে প্রতিপাদিত হয়েছে। **সমরাঙ্গণসূত্রধার** গ্রন্থে ৭৬ অধ্যায়ে শ্রবণ, চিবুক, নাসিকা, ললাট, পাদাদি অঙ্গের বিভিন্ন প্রমাণ মূর্তিকলাকে সমৃদ্ধ করেছে।

**মত্স্যপুরাণ**-এ উক্ত "দেবার্চ্চানুকীর্তনে প্রমাণানুকীর্তন" নামক অধ্যায় ব্রাহ্মণ্যপ্রতিমানির্মাণের সূক্ষ্মাতিসূক্ষ্ম মানবিচারে সমৃদ্ধ। অঙ্গুলীপরিমিত সকলমানই দেব ও দেবীপ্রতিমা নির্বিশেষে সাধারণভাবে উল্লিখিত ও অঙ্গ বিশেষে স্ত্রী-পুরুষপ্রতিমার পরিমাপের ভেদ দর্শিত। বিভিন্ন অঙ্গের যথার্থ মাননির্ধারণে অঙ্গবিশেষের ত্রিমাত্রিক পরিমাপের বিবরণ পাওয়া যায়। **মত্স্যপুরাণানুসারে** সূর্যকিরণের মধ্যগত যে স্পষ্ট রজ দেখা যায় সেই ত্রসরেণু থেকে মানগণনার সূচনা। আটটি ত্রসরেণুতে এক বালাগ্র। আটটি বালাগ্রে এক লিখ্যা। লিখ্যাষ্টকে এক যূকা, যূকাষ্টকে এক যব এবং যবাষ্টকে এক অঙ্গুলী—এই শাস্ত্রসম্মত প্রমাণই স্বীকৃত হয়েছে। স্বীয় অঙ্গুলীর বারোটির সমান একমুখ্য।

দ্বাদশাঙ্গুলীপরিমিত মুখ্যামানেই দেবগণের অবয়ব কল্পনা করার নির্দেশ পাওয়া যায়। অঙ্গুষ্ঠের পর্ব থেকে আরম্ভ করে বিতস্তি (অঙ্গুষ্ঠ ও অনামিকার মধ্যবর্তী পরিমাপ) পর্যন্ত প্রতিমাই গৃহে শোভনীয় আর প্রাসাদে প্রতিষ্ঠিত প্রতিমার পরিমাণ ষোড়শ বিতস্তির অধিক হবে না। প্রতিমানির্মাণে যে পরিমাণ উচ্চতা নির্ধারিত হবে, তাকে অষ্টধা বিভক্ত করে একভাগ পরিত্যাগ করে অবশিষ্ট সাতভাগের দুইভাগ প্রতিমাসংস্থাপন ও অবশিষ্টাংশকে তিনভাগ করে প্রথমভাগে পীঠিকা প্রস্তুত করে প্রতিমানির্মাণকার্য সূচিত হবে।

আপাদমস্তক প্রতিমানির্মাণের জন্য দীর্ঘাংশটিতে প্রতিমার মুখ পর্যন্ত দৈর্ঘ্যমানকে নয়ভাগে ভাগ করে চার অঙ্গুলীপরিমিত গ্রীবা, তন্নিম্নে একভাগে হৃদয়, তন্নিম্নে একভাগে নাভি বিন্যস্ত হবে। নাভির নীচে একভাগে মেঢ্র, দুইভাগে উরুদ্বয়, চার-অঙ্গুলীপরিমিত জানুদ্বয়, তার নীচে দুইভাগে জঙ্ঘাদ্বয়, তার নীচে চার অঙ্গুলীতে পাদদ্বয় নির্মিত হবে। (প্রতিমার মৌলির বিস্তারমান হবে চতুর্দশাঙ্গুলীপরিমিত)[১৯]। এভাবে নবধাবিভক্ত প্রতিমার দৈর্ঘ্যপরিমাণে দেহের মূলকাঠামোর নির্মাণ ও বাস্তবানুগ বিন্যাস দেখা যায়।

এরপর অবয়বসমূহের বিস্তারমান উল্লিখিত। এই অংশে বর্ণিত বিষয়গুলিকে কতকগুলি বিভাগে পৃথক্ করা যায়—

১) মুখমণ্ডল ; ২) গ্রীবা ; ৩) বক্ষ, কক্ষ, স্তন, স্কন্ধ ; ৪) ভুজদ্বয় ও করদ্বয় ; ৫) কটিদেশ ও মেঢ্র ; ৬) পাদদ্বয়।

**মত্স্যপুরাণ** বর্ণিত প্রতিমানির্মাণকৌশলে দেহের অঙ্গপ্রত্যঙ্গাদির পরিমাপবিষয়ক বিস্তারিত আলোচনা নিম্নরূপ[২০]—

**মুখমণ্ডল**

| অঙ্গ-উপাঙ্গ-প্রত্যঙ্গ | প্রমাণ |
|---|---|
| i) ললাট | ৪ অঙ্গুলী প্রশস্ত, ৮ অঙ্গুলী দীর্ঘ, স্ত্রী-প্রতিমার ক্ষেত্রে ৩½ অঙ্গুলী প্রশস্ত। |

| | | |
|---|---|---|
| ii) | ভ্রূদ্বয় ও ভ্রূলেখা | |
| | • ভ্রূমধ্য | ললাটবিস্তৃতির ৮ অঙ্গুলীর মধ্যে (১/২ অঙ্গুলী) |
| iii) | লোচনদ্বয় | ২ আঙুল |
| | • তারকা | দৈর্ঘ্য ২ অঙ্গুল করে, বিস্তার ১ অঙ্গুল করে। |
| | • নাসামূল, নাসাগ্র | তারকার মান নয়নের মানের ১/৫ ভাগ। |
| | | যথাক্রমে ২ আঙুল ও ১ আঙুল ; |
| | | নাসাপুটদ্বয়ের রন্ধ্র ১/২ আঙুল |
| iv) | কর্ণমূল থেকে কপোলদ্বয় | ২ আঙুল |
| | • কর্ণমূল, কর্ণ থেকে ভ্রূ | ৬ আঙুল, ৪ আঙুল |
| | • কর্ণদ্বয় | ৪ আঙুল (উর্ধ্বমান) |
| | • কর্ণপার্শ্ব | ২ আঙুল ও ১ মাত্রা বিস্তৃত |
| v) | হনু, হনুর অগ্রভাগ | ২ অঙ্গুল |
| vi) | উত্তর ওষ্ঠ ও অধর ওষ্ঠ | অর্ধাঙ্গুল |
| vii) | কর্ণের উপর দিকে মস্তক | বিস্তার ১২ আঙুল |
| | • ললাট থেকে পৃষ্ঠের অর্ধাংশ | বিস্তার ১৮ আঙুল |
| | • ললাট থেকে মস্তক | বিস্তার ৩৬ আঙুল |
| viii) | কেশসমূহ | ৪২ অঙ্গুল (মস্তকের ব্যাস) |
| ix) | কেশবল্লী | স্কন্ধদেশে ১০ আঙুল লম্বমান |
| x) | কেশান্ত থেকে হনু | বিস্তার ১৬ অঙ্গুলী |

## গ্রীবা

| | অঙ্গ-উপাঙ্গ-প্রত্যঙ্গ | প্রমাণ |
|---|---|---|
| i) | গ্রীবামধ্য | বিস্তার ২৪ অঙ্গুলী |
| ii) | গ্রীবার পৃথুত্ব | ৮ আঙুল বা গ্রীবামধ্য বিস্তারের ১/৩ অংশ |
| iii) | গ্রীবা | ৮ আঙুল |

## বক্ষ, কক্ষ, স্তন, স্কন্ধ

| | অঙ্গ-উপাঙ্গ-প্রত্যঙ্গ | প্রমাণ |
|---|---|---|
| i) | বক্ষ | ২ তাল |
| ii) | স্তন (ও গ্রীবার মধ্যদেশ) | ১ তাল |
| iii) | স্তনান্তর | ১২ অঙ্গুল |
| iv) | স্তনমণ্ডল | ২ অঙ্গুল |
| v) | চুচুকমণ্ডল | যব পরিমাণ (১ যব = ৮ যুকা) |

| | | |
|---|---|---|
| vi) | বাহুমূল থেকে স্তন পর্যন্ত | ৬ অঙ্গুল |
| vii) | কক্ষের উপরে স্কন্ধ | ৬ অঙ্গুল |

ভুজদ্বয় ও করদ্বয়

| | অঙ্গ-উপাঙ্গ-প্রত্যঙ্গ | প্রমাণ |
|---|---|---|
| i) | ভুজদ্বয়ের আয়াম | ৪২ আঙুল |
| ii) | বাহুর লম্বমান (গ্রীবা থেকে স্কন্ধের প্রান্ত) | ১৬ আঙুল |
| iii) | বাহুর উর্ধ্বাংশ পর্যন্ত | ১৮ আঙুল |
| iv) | বাহুর দ্বিতীয়পর্ব | ১৭ আঙুল |
| v) | বাহুমধ্য | বিস্তার ১৮ আঙুল |
| vi) | প্রবাহু | ১৬ আঙুল |
| vii) | অগ্রকর | ৬ কলা [১ কলা = ২ আঙুল] |
| viii) | করতল | ৭ আঙুল |
| | • মধ্যমা | ৫ আঙুল |
| ix) | অনামিকা | মধ্যমামানের সপ্তমাংশ কম. |
| x) | কনিষ্ঠা | অনামিকা থেকে পঞ্চভাগ কম |
| xi) | তর্জনী | মধ্যমা থেকে পঞ্চভাগ কম |
| xii) | অঙ্গুষ্ঠ | চার আঙুল এবং তর্জনীমূলের অধোদিকের সমান |
| xiii) | মধ্যমার পর্বমধ্যত্রয় | ২ আঙুল আয়ত কিন্তু পরস্পর এক এক যব কম |
| xiv) | অঙ্গুষ্ঠের পর্বমধ্য | তর্জনীর পর্বমধ্যের সমান ; কিন্তু অগ্রপর্ব যবদ্বয় অধিক |
| xv) | হস্তনখ | অগ্রপর্বের অর্ধভাগ (সকল অঙ্গুলীর) পার্শ্ব ১ কলা উঁচু |

কটিদেশ ও মেঢ্র

| | অঙ্গ-উপাঙ্গ-প্রত্যঙ্গ | প্রমাণ |
|---|---|---|
| i) | কটি | বিস্তার- পুরুষঃ ১৮ আঙুল স্ত্রী ঃ ২২ আঙুল |
| ii) | মেঢ্র | ২ আঙুল, বিস্তৃতি ৬ আঙুল |
| iii) | বৃষণ | ৩ আঙুল |

পাদদ্বয়

| | অঙ্গ-উপাঙ্গ-প্রত্যঙ্গ | প্রমাণ |
|---|---|---|
| i) | পাদদ্বয়ের বিস্তার | ১৪ অঙ্গুলী |
| ii) | অঙ্গুষ্ঠ | ৩ আঙুল, বিস্তার ২ আঙুল উচ্চতা ১ আঙুল |

| | | |
|---|---|---|
| iii) | অঙ্গুষ্ঠাগ্রের বিস্তার | ৫ আঙুল |
| iv) | তর্জনী | ৩ আঙুল অর্থাত্ অঙ্গুষ্ঠামানের বিস্তার ৩ আঙুল সমান দীর্ঘ, উচ্চতা ১/২ অঙ্গুলী। |
| v) | মধ্যমা | তর্জনীর ষোড়শাংশের একাংশের অধিক। উচ্চতা ১/২ অঙ্গুলী। |
| vi) | কনিষ্ঠা | অনামিকার অষ্টাংশ পরিহীণ পর্বত্রয়ান্বিত। বিস্তার তর্জনীর অষ্টাংশ কম। |
| vii) | গুল্ফদ্বয় | দ্বিঅঙ্গুলী, উচ্চতা ১/২ আঙুল |
| viii) | পার্ষ্ণিদ্বয় | দ্বিঅঙ্গুলী, গুল্ফ থেকে ১ কলা বেশী |
| ix) | জঙ্ঘাগ্র | বিস্তৃতি ১৪ অঙ্গুলী |
| x) | জঙ্ঘামধ্যের বিস্তৃতি | ১৮ অঙ্গুলী |
| xi) | জানুমধ্য | বিস্তৃতি ২১ অঙ্গুলী |
| xii) | জানু | উচ্চতা ১ অঙ্গুলী |
| xiii) | জানুমণ্ডল | ৩ অঙ্গুলী |
| xiv) | উরুমধ্য | বিস্তৃতি ২৮ অঙ্গুলী |
| xv) | উরুর উপরের অংশ | বিস্তৃতি ৩১ অঙ্গুলী |

ললিতকলা, বিশেষতঃ চিত্রকলায় প্রাণস্বরূপ হল লাবণ্য। রসাস্বাদন করানোই সকলশিল্পের লক্ষ্য— "রসাস্বাদনসমুদ্ভূতং বিগলিতবেদ্যান্তরমানন্দম্...." (কাব্যপ্রকাশ)। প্রতিমানির্মাণশৈলীতে মানগণনা আধার স্বরূপ।[২১] পরিমিত ও সুনির্মিত প্রতিমাতেই লাবণ্যের পূর্ণপ্রকাশ ঘটে। ছন্দঃ বিনা কাব্যে যেমন রসের যথাযথ অভিব্যক্তি ঘটে না, লয় ব্যতীত সঙ্গীত যেমন শ্রোতৃহৃদয়ে যথাযথ আবেগের স্ফুরণ ও রসসঞ্চারের পথে বিঘ্ন ঘটায়, তেমনই সকল শিল্পসৃজনে কোন না কোন কৌশল বা মানদণ্ড অবলম্বন করেই শিল্পী শিল্পকলার স্বাভাবিক সুন্দর রূপটি ফুটিয়ে তোলেন। প্রতিমানির্মাণশিল্পেও এ বিষয়টি সমানভাবে প্রযোজ্য। কাঠ, মাটি, পাথর এবং সোনা, রূপা, পিতল, তামা, লোহা প্রভৃতি ধাতু, রত্ন, ইষ্টক প্রভৃতি থেকে প্রতিমানির্মাণের জন্য উপযোগী, পবিত্র ও দোষত্রুটিহীন উপাদান[২২] সংগ্রহ করে চিত্রজা, লেপ্যজা, পাকজা, শাস্ত্রোত্কীর্ণা অথবা মৃন্ময়ী, দারুঘটিতা, শৈলজা, রত্নজা প্রভৃতি প্রতিমানির্মাণের বিধি ও নির্দেশ **সমরাঙ্গণসূত্রধার, ভবিষ্যপুরাণ, মত্স্যপুরাণ, আগমগ্রন্থ, শুক্রনীতিসার, মানসারাদি** গ্রন্থে পাওয়া যায়।

চৌষট্টিকলার অন্যতম বাস্তুশাস্ত্রের অংশভূত প্রতিমানির্মাণবিধিতে সর্বাবয়বভূষিত পরিপূর্ণ প্রতিমাই পূর্ণতার মঙ্গলময় প্রতীকরূপে কল্পিত হয়েছে। ত্রুটিযুক্ত প্রতিমা তাই হানিকর। আর সেই 'সত্য শিব সুন্দর' শিল্পসৃজনের চাবিকাঠিটি থাকে শিল্পীর কাছে। ধর্মনির্ভর সমাজব্যবস্থায় গৃহ থেকে প্রাসাদ, সর্বত্রই দেবতার স্বতন্ত্র অবস্থান। ভারতীয় স্থাপত্যকর্ম তথা প্রতিমানির্মাণ ধর্মীয় কার্যাবলীর মতই মর্য্যাদাসম্পন্ন। এই পবিত্রকাজও দীক্ষা ও তপস্যার দ্বারা সাধ্য, সাধনার অনুপ্রেণায় দীক্ষিত। তাই প্রতিমানির্মাতা স্থপতিকে[২৩] স্বীয়শরীর-মন-প্রজ্ঞা-শীলাদি প্রতিমানির্মাণের অনুকূল করে তুলতে হয় সংযম, নিয়মপালনের দ্বারা। কঠোর কৃচ্ছ্রসাধন, শাস্ত্রাভ্যাসাদির দ্বারা কর্মদক্ষতা ও আত্মশুদ্ধি, উভয়েরই যুগপত্ প্রাপ্তি ঘটে। জিতেন্দ্রিয়, নির্মালাত্মা শিল্পী তখন

বৌদ্ধিক নৈতিক-আধ্যাত্মিক দিক থেকে শিল্পসৃজনের উপযুক্ত হয়ে ওঠেন। শিল্পের সাধনা শিল্পীকে সাধকের স্তরে উন্নীত করে মহত্ শিল্পসুষমার মাধ্যমে সৌন্দর্য্যরচনায় অনুপ্রাণিত করে।

কাব্যকলাদিতে রসাস্বাদন "ব্রহ্মানন্দ-সহোদরঃ", শ্রুতিতে অবিদ্যা ও বিদ্যার সমুচ্চয়ের প্রশংসা বর্তমান।" শ্রুতিবাক্যের তাত্পর্য এই যে নিষ্কামচিত্তে শাস্ত্রবিহিত কর্তব্যকর্মের নিয়ত অনুষ্ঠানে কর্মীর চিত্তশুদ্ধি সম্পাদিত হয়ে মোক্ষলাভের জন্য জ্ঞাননিষ্ঠা অবলম্বনে উপযুক্ত হয়। নিত্যকর্মাদির অনুষ্ঠান থেকে ধর্মোত্পত্তি, তার ফলে পাপক্ষয়বশতঃ চিত্তশুদ্ধি ঘটে ক্রমশঃ সংসারের অনিত্যতাবোধ, বৈরাগ্য ও মুমুক্ষার জন্ম হয়। বলা হয়েছে— "প্রায়শ্চিত্তোপাসনানুষ্ঠানেন নির্গত-নিখিলকল্মষতয়া নিতান্তনির্মলস্বান্তঃ...প্রমাতা।"[২৪] চিত্তশুদ্ধির মাধ্যমে নিজেকে জ্ঞানমার্গের উপযোগী করে তোলার এই প্রচেষ্টার সঙ্গে শিল্পের সাধনায় শিল্পীর কৃচ্ছ্রসাধনের মাধ্যমে নিজেকে প্রস্তুত করার ধারণাটি সম্পৃক্ত করা যায়। সৌন্দর্য্যের সাধনায় স্রষ্টা তখন সাধকের স্তরে উন্নীত হন। অবনীন্দ্রনাথ ঠাকুরের দৃষ্টিতে—

"এই ব্রহ্মলোক যেখানে ছায়াতপে সমস্ত প্রকাশ পাচ্ছে, গন্ধর্বলোক যেখানে রূপ ও সুর উভয়ে জলের উপরে যেন তরঙ্গিত হচ্ছে, এবং আত্মার মধ্যে যেখানে নিখিলের সমস্তই দর্পণের মতো প্রতিবিম্বিত দেখা যাচ্ছে, সমস্তই...দর্শকের ও শ্রোতার জায়গায় বসে মানুষ দেখবার মতো করে দেখলে...এই রূপের লীলা সুরের খেলা, এবং এরও ওপরে যে লীলাময় মানুষকে সমস্ত পদার্থ সমস্ত বস্তুর সঙ্গে একসূত্রে বেঁধে একই নাট্যশালায় নাচিয়ে গাইয়ে চলেছেন তাঁকে পর্যন্ত ছুঁয়ে এল মানুষ নেপথ্য সরিয়ে। দেখা শোনা পরশ করার চরম হয়ে গেল, তারপর এল দেখানোর পালা। মানুষ এবারে....অভূতপূর্ব সৃষ্টি সাধন করে...এই দৃষ্টিবলে আপনার কল্পনালোকের মনোরাজ্যের গোপনতা থেকে...নতুন নতুন সৃষ্টি বার করে আনতে লাগল। যে এতদিন দর্শক ছিল সে হল প্রদর্শক, স্রষ্টা হয়ে বসল দ্বিতীয় স্রষ্টা। অরূপকে রূপ দিয়ে, অসুন্দরকে সুন্দর করে...ছবিকে প্রাণ রঙহীনকে রঙ দিয়ে চলল মানুষ—[২৬]"

শিল্পের সৌন্দর্য্যের সন্ধানে শিল্পীর সাধনায় পরমসত্তা ও সত্যের দেখা মেলে। প্রতিমানির্মাণেও শিল্পী "তাল, মান, আঙ্গুল, লাইট-শেড, পার্শপেকটিভ আর অ্যানাটমির বন্ধন মুক্তি"[২৭] ঘটিয়ে 'সীমার মাঝে অসীমের' অব্যক্ত অনন্তরূপটির অন্বেষণে ব্রতী হন।




অষ্টধাবিভক্ত উচ্চতায় ত্রিভাগীকৃত সপ্তাংশের অংশদ্বয়ে প্রতিমাসংস্থাপন ও অবশিষ্টাংশের প্রথমভাগে পীঠিকা স্থাপন : মত্স্যপুরাণ অনুসারে একটি কাল্পনিক রেখাচিত্র।




প্রতিমাসংস্থাপন ঃ মত্স্যপুরাণে প্রদত্ত মানানুসারে নবতাল-প্রতিমা—একটি আনুমানিক রেখাচিত্র

তথ্যসূত্র :

১। পাষাণলৌহমণিমৃন্ময়বিগ্রহেষু পূজা পুনর্জননভোগকরী মুমুক্ষোঃ।
তস্মাদাতিস্বহৃদয়ার্চনমেব কুর্যাত্ বাহ্যার্চনং পরিহরেদপুনর্ভবায়।। দ্বিজেন্দ্রনাথ শুক্ল, **প্রতিমাবিজ্ঞান**।

২। আজও নদীমাহাত্ম্য সুবিদিত—
গংগে চ যমুনে চৈব গোদাবরি সরস্বতি।
নর্মদে সিন্ধু কাবেরি জলেঽস্মিন্ সন্নিধিং কুরু।। তদেব।

৩। "খ্রীষ্টীয় ১ম শতাব্দীতে মহাক্ষত্রপ রাজুবুলের পুত্র মহাক্ষত্রপ সোডাসের রাজত্বকালে মথুরার নিকটবর্তী মোরা গ্রামে প্রাপ্ত একটি ভগ্ন শিলালিপিতে মন্দিরমধ্যে পঞ্চমহাবীরের বিগ্রহ প্রতিষ্ঠার উল্লেখ আছে : মহাক্ষত্রপস রাজুবুলস পুত্রস স্বামী...ভগবতাং বৃষ্ণিনাম্ পঞ্চমহাবীরাণাং প্রতিমাঃ...(Epigraphia Indica, Vol. XXIV. p-198)।" হংসনারায়ণ ভট্টাচার্য, **হিন্দুদের দেবদেবী**, দ্বিতীয়পর্ব, পৃ. ৩১৭

৪। চত্বারি শৃঙ্গা ত্রয়োঽস্যপাদা দ্বে শীর্ষে সপ্তহস্তাসোঽস্য। **ঋগ্বেদ**. ৪/২৪/১০
বিষ্ণুর্যোনিং কল্পয়তু ত্বষ্টা রূপাণি পিংশতু। আ সিঞ্চতু প্রজাপতির্ধাতা গর্ভং দধাতু তে।। **ঋগ্বেদ**. ১০/১৮৪/১
এছাড়াও প্রাচীনসাহিত্যে বিভিন্ন উল্লেখ মূর্তিপূজার সুপ্রাচীনতার আভাষক—প্রতিকৃতিনির্মাণনির্দেশক পাণিনিসূত্র 'ইবে প্রতিকৃতৌ (**অষ্টাধ্যায়ী**, ৫।৩।৯৬)। পাণিনিসূত্রের পতঞ্জলিকৃত ব্যাখ্যায় (জীবিকার্থে চাপণ্যে ৫।৩।৯৯, স্বাঙ্গাচ্চোপসর্জনাদসংযোগোপধাত্ (৪।১।৫৪) বাসুদেব, শিব, স্কন্দ, বিষ্ণু, আদিত্যাদির নামোল্লেখ, প্রতিমার নাসিকার বর্ণনা প্রাপ্য, **মহাভারতে** (৩।৮৪, ১৯৪-৩৫) হিন্দুদেবদেবীর উল্লেখ থেকে সমাজে তদ্বিষয়ক জ্ঞান, **কৌটিলীয় অর্থশাস্ত্রে** (২।৪) দুর্গনিবেশে বিভিন্ন দেবতাদের জন্য অন্তঃপুরে সুরক্ষিতস্থানের উল্লেখ, **মনুস্মৃতিতে** প্রাপ্য "দেবতাভ্যর্চনঞ্চৈব সমিদাধানমেব চ" (২।১৭৬), "জিত্বা সম্পূজয়েদেবান্ ব্রাহ্মণাংশ্চৈব ধার্মিকান্" (৭।২০১) শ্লোকাদি, ধর্মসূত্রসমূহে প্রাপ্ত উল্লেখ যথা "গৃহদেবতাভ্যঃ প্রবিশ্য" (**গৌতমধর্মসূত্র**), "পূজায়াং বলিবিশেষঃ" (আপস্তম্ব) এতদ্বিষয়ে প্রমাণস্বরূপ।

৫। **মানসার** গ্রন্থে ৭০টি অধ্যায়ের প্রথম ৫০টিতে স্থাপত্য ও শেষ ২০টি অধ্যায়ে মূর্তিকলা আলোচিত।

৬। বিশালাকার গ্রন্থটির ৮৬টি অধ্যায়ের মধ্যে শেষ ৩৯টি অধ্যায়ে প্রতিমানির্মাণবিষয়ক প্রস্তরকলা আলোচিত।

৭। তারাগ্রহৈর্বলযুতৈঃ স্বক্ষেত্রস্বোচ্চগৈশ্চতুষ্টয়গৈঃ। পঞ্চপুরুষাঃ প্রশস্তা জায়ন্তে তানহং বক্ষ্যে। জীবেন ভবতি হ সঃ সৌরেণ শশঃ কুজেন রুচকশ্চ। ভদ্রো বুধেন বলিনা মালব্যো দৈত্যপূজ্যেন।। বৃহত্সংহিতা, অধ্যায় ৬৮।১-২।

৮। **মত্স্যপুরাণ**, অধ্যায় ২৫৮-২৬৭।

৯। "Hazra taking Matsya to be originally a vaiṣṇava purāṇa ascribes its first compilation to the last quarter of the third or first quarter of the 4th century A.D., of course subject to insertions or additional matter from time to time." বাসুদেব আগরওয়াল, **মত্স্যপুরাণানুশীলনম্**, ভূমিকা।

১০। **অগ্নিপুরাণে**- ৪৩-৪৬, ৪৯-৫৫, ৬০-৬২ এই ১৩টি অধ্যায়ের আলোচ্যবিষয় মূর্তিবিজ্ঞানাধারিত।

১১। **মত্স্যপুরাণ**। অধ্যায় যথাক্রমে ২৫৮ ও ২৫৯।

১২। ব্রুমোঽয়ং মানগণনম্ পরমাণ্বাদি তত্ ভবেত্। পরমাণুরজোরোমলিক্ষাযূকাযবোঽঙ্গুলম্।।
ক্রমশোঽষ্টগুণা বৃদ্ধিরে (ব? বং) মানাঙ্গুলং ভবেত্।
দ্বয়ঙ্গুলো গোলকো জ্ঞেয়ঃ কলাং বা তাং প্রচক্ষতে।।
দ্বে কলে গোলকৌ বা দ্বৌ ভাগৌ মানেন তেন তু। **সমরাঙ্গণসূত্রধার** ৭৫।১-৩

জালান্তরপ্রবিষ্টানাং ভানূনাং যদ্রজঃ স্ফুটম্। ত্রসরেণুঃ স বিজ্ঞেয়ো বালাগ্রং তৈরথাষ্টাভিঃ। তদষ্টকেন লিখ্যা তু যূকা লিখ্যাষ্টকৈর্মতা। যবো যূকাষ্টকং তদ্বদষ্টাভিস্তৈস্তদঙ্গুলম্।। মত্স্যপুরাণ ২৫৮।১৭-১৮

১৩। ''কালচারাল হিষ্টরি ফ্রম্ দ্য মত্স্যপুরাণ' গ্রন্থে প্রাচীনভারতীয় মানগণনাবিষয়ক তথ্য উপলব্ধ—

১০ মহাস্থূল-ভূতাদিস্থূল

১০ ভূতাদিস্থূল-পরমাণু (বায়ুপুরাণানুসারে)

৮ পরমাণু-ত্রসরেণু

৮ অঙ্গুলী-প্রদেশ (?) (উত্সঃ বায়ুপুরাণ)

১২ অঙ্গুলী-বিতস্তি (আনুমানিক ৯ ইঞ্চি) মুখ, তাল (প্রসারিত অঙ্গুষ্ঠ ও মধ্যমার) মধ্যবর্তী স্থান

উত্স : স্যাক্রেড বুকস্ অফ্ দা হিন্দুস্ : ভল্যুম্-১৭ পার্ট -২, পৃ. ৩০৮

২১ অঙ্গুলী-রত্নি (উত্সঃ বায়ুপুরাণ)

২৪ অঙ্গুলী-হস্ত (আনুমানিক ১৮ ইঞ্চি)

৪ হস্ত-ধনুঃ বা ১/২০০০ গব্যূতি

২০০০ ধনুঃ - গব্যূতি (উত্স : বায়ুপুরাণ)

৪০০০ ধনুঃ - যোজন

এছাড়াও, ২৪ অঙ্গুষ্ঠের বিস্তার-বিঙ্কু = হস্ত/কর। প্রসারিত দু'বাহুর মধ্যস্থল-ব্যায়াম

১৪। শাস্ত্রীয় প্রতিমানির্মাণে ষড়্বর্গের নানা সংজ্ঞা—

মান—আয়াম, আয়তদীর্ঘ

প্রমাণ—বিস্তার, তার, বিস্তৃতি, ব্যাস, বিষ্কম্ভ, বিশাল

উন্মান—ঘন, মিতি, উচ্ছ্রায়, তুঙ্গ, উন্নত, নিষ্কৃতি, নির্গম, নির্গতি, উদ্গম।

পরিমাণ—মার্গ, পরিণাহ, নাহ, প্রবেশ, বৃতি, আবৃতি, নত

উপমান—বিবর, অন্তর

লম্বমান—সূত্র, লম্বণ, উন্মিত।

১৫। সহস্রশীর্ষা পুরুষঃ সহস্রাক্ষঃ সহস্রপাত্। স ভূমিং বিশ্বতো বৃত্বাত্যতিষ্ঠদ্দশাঙ্গুলম্। পুরুষসূক্ত, ঋগ্বেদ ১০।৯০।১

১৬। ঋগ্বেদ, ৩।৪।৫

১৭। আপাদতলমস্তকো নবতালো ভবেত্তু যঃ। মত্স্যপুরাণ

১৮। সমরাঙ্গণসূত্রধার

১৯। দ্বারোচ্ছ্রায়সা যন্মানমষ্টধা তত্ তু কারয়েত্।
ভাগমেকং ততস্তক্ষ্ণ পরিশিষ্টন্তু যন্ত্রবেত্।।
ভাগদ্বয়েন প্রতিমা ত্রিভাগীকৃত্য তত্ পুনঃ।
পীঠিকা ভাগতঃ কার্য্যা নাতিনীচা নচোচ্ছ্রিতা
প্রতিমামুখমানেন নবভাগান্ প্রকল্পয়েত্।
চতুরঙ্গুলো ভবেদ্ গ্রীবা ভাগেন হৃদয়ং পুনঃ।।

নাভিস্তস্মাদধঃ কার্য্যা ভাগেনৈকেন শোভনা।
নিম্নত্বে বিস্তরত্বে চ অঙ্গুলং পরিকীর্তিতম্।।
নাভেরধস্তথা মেঢ্রং ভাগেনৈকেন কল্পয়েত্।
দ্বিভাগেনায়তাবূরূজানুনী চতুরঙ্গুলে।।
জঙ্ঘে দ্বিভাগে বিখ্যাতে পাদৌ চ চতুরঙ্গলৌ।
চতুর্দশাঙ্গুলস্তদ্বন্মৌলিরস্য প্রকীর্তিতঃ।। মত্স্যপুরাণ ২৫৮/২৪-২৯

২০। মত্স্যপুরাণে ২৫৮ অধ্যায়ে ১৬-৭৫ শ্লোকে বর্ণিত। মানের উল্লেখ ব্যতীত কোন কোন অঙ্গের রূপ বা নির্মাণবিধি লক্ষণীয়। যেমন—সৃক্কণী জ্যোতিরাকার, স্ত্রীপ্রতিমার ক্ষেত্রে ভুজদেশের নির্মাণে মৃদুত্ব আরোপ ইত্যাদির উল্লেখ বর্তমান।

২১। প্রমাণে স্থাপিতাঃ দেবাঃ পূজার্হাশ্চ ভবন্তি হি (সমরাঙ্গণসূত্রধার ৪০.১৩½)

২২। সৌবর্ণী রাজতী বাপি তাম্রী রত্নময়ী তথা।
শৈলী দারুময়ী চাপি লোহসঙ্ঘময়ী তথা।।
রীতিকাধাতুযুক্তা বা তাম্রকাংস্যময়ী তথা।
শুভদারুময়ী বাপি দেবতার্চ্চা প্রশস্যতে।। মত্স্যপুরাণ ২৫৮/২০-২১

২৩। বিবিক্তে সংবৃত্তে স্থানে স্থপতিঃ সংযতেন্দ্রিয়ঃ। পূর্ববত্ কালদেশজ্ঞঃ শাস্ত্রজ্ঞঃ শুক্লভূষণঃ।
প্রয়তো নিয়তাহারো দেবতাধ্যানতত্পরঃ। যজমানানুকূলেন বিদ্বান্ কর্ম সমাচরেত্।। (মত্স্যপুরাণ)

২৪। অন্ধং তমঃ প্রবিশন্তি যোঽবিদ্যামুপাসতে।
ততো ভূয় ইব তে তমো য উ বিদ্যায়াং রতা।। ঈশোপনিষত্ ৯।

২৫। বেদান্তসার। অধিকারিনিরূপণ, ৬, পৃ. ১৩।

২৬। বাগীশ্বরী শিল্পপ্রবন্ধাবলী, দৃষ্টি ও সৃষ্টি, পৃ. ৩৬।

২৭। ভারতশিল্পে মূর্তি, ভূমিকা।

গ্রন্থঋণ :

১। আগরওয়াল, বাসুদেব। মত্স্যপুরাণানুশীলনম্। বারাণসী : অল ইন্ডিয়া কাশীরাজ ট্রাষ্ট, প্রথমপ্রকাশ ১৯৬৩ খ্রীষ্টাব্দ।

২। উপনিষত্ গ্রন্থাবলী (প্রথম খণ্ড)। স্বামী গম্ভীরানন্দ সম্পাদিত। কলিকাতা: উদ্বোধনকার্যালয়, দশম সংস্করণ, ১৩৮৬ বঙ্গাব্দ।

৩। উপাধ্যায়, বাসুদেব। প্রাচীনভারতীয় মূর্তিবিজ্ঞান। বারাণসী : চৌখম্বাসংস্কৃত সীরীজ অফিস, প্রথমপ্রকাশ ১৯৭০ খ্রীষ্টাব্দ।

৪। ঋগ্বেদসংহিতা। স্বামী সত্যপ্রকাশ সরস্বতী ও সত্যকাম বিদ্যালঙ্কার অনূদিত। নিউদিল্লী : বেদ প্রতিষ্ঠান, ১৯৭৭ খ্রীষ্টাব্দ।

৫। ঠাকুর, অবনীন্দ্রনাথ, বাগীশ্বরী শিল্পপ্রবন্ধাবলী। কলকাতা : আনন্দ, দ্বিতীয় মুদ্রণ ২০০৩, (প্রথম সংস্করণ ১৯৪১ খ্রীষ্টাব্দ)।

৬। ঠাকুর, অবনীন্দ্রনাথ, ভারতশিল্পে মূর্তি। কলকাতা : বিশ্বভারতী গ্রন্থালয়, ১৯৪৭ খ্রীষ্টাব্দ।

৭। ব্যানার্জী, জিতেন্দ্রনাথ। ডেভলপমেন্ট অফ্ হিন্দু আইকনোগ্রাফি (ফার্ষ্ট এডিশন)।

৮। বেদব্যাস। অগ্নিপুরাণম্, শ্রীরাম শর্মা আচার্য সম্পাদিত। বরেলী : সংস্কৃতিসংস্থান, ১৯৬৮ খ্রীষ্টাব্দ।

৯। বেদব্যাস। মত্স্যপুরাণম্, পঞ্চানন তর্করত্ন সম্পাদিত। কলিকাতা : বঙ্গবাসী সংস্করণ, ১৩১৬ বঙ্গাব্দ।
১০। বেদব্যাস, শ্রীমত্স্য মহাপুরাণম্, ইংরাজী টীকা ও অনুবাদসহিত, নাগশরণ সিন্‌হা সম্পাদিত। দিল্লী : পাবলিশার্স, প্রথম প্রকাশ ১৯৮৩ খ্রীষ্টাব্দ।
১১। ভট্টাচার্য, হংসনারায়ণ, হিন্দুদের দেবদেবী ঃ উদ্ভব ও ক্রমবিকাশ (দ্বিতীয় পর্ব) কলিকাতা : ফার্মা কে এল এম প্রাইভেট লিমিটেড, ১৯৮৪ খ্রীষ্টাব্দ।
১২। মম্মটভট্ট, কাব্যপ্রকাশ। রামানন্দ আচার্য সম্পাদিত। কলকাতা : সংস্কৃত পুস্তকভাণ্ডার, দ্বিতীয়সংস্করণ, ১৪০৪ বঙ্গাব্দ।
১৩। রাও, গোপীনাথ। এলিমেন্টস্ অফ হিন্দু আইকনোগ্রাফি (পার্ট ১ এবং ২)।
১৪। শুক্ল, দ্বিজেন্দ্রনাথ, প্রতিমাবিজ্ঞান। লখনউ : বাঙ্মবাঙ্ময়প্রকাশনশালা, ১৯৫৬ খ্রীষ্টাব্দ।
১৫। সদানন্দ যোগীন্দ্র সরস্বতী। বেদান্তসার। ব্রহ্মচারী মেধাচৈতন্য অনূদিত ও সম্পাদিত। কলিকাতা : শ্রীরামকৃষ্ণ বেদান্তমঠ, ১৯৬৮ খ্রীষ্টাব্দ।
১৬। হালদার, অসিতকুমার। ভারতের শিল্পকথা। কলিকাতা বিশ্ববিদ্যালয় প্রকাশিত, ১৯৩৯ খ্রীষ্টাব্দ।

# CONTRIBUTION OF SANSKRIT LITERATURE TO TRANSCEND NATIONALISM INTO INTERNATIONALISM

MALAY DEBNATH

Nationalism means mental and spiritual unification of a nation. Nationalism inspires a nation to be deeply integrated, on the contrary it separates a nation from other nations. To acquire freedom from the bondage of foreign ruler, to unite a disintegrated nation, the unity of nationalism is universally accepted. But when the nationalism breaks the accepted boundaries it becomes chauvinism or distorted nationalism. Nationalism is helpful to establish supremacy of a nation, but if it incites hatred towards other nations or if its motto is to dominate other nations politically or economically, then nationalism turns into imperialism or colonialism. Bankim Chandra Chattopadhyay described the nationalism of Europe as 'deep-rooted demonical sin'[1].

But when nationalism develops into internationalism, it is beneficial for all. Advancement of technology, the devastating effect, of the two world-wars in the 20th century on all mankind and the horror of atomic weapons help mankind to be united for existence. Because of globalization, the people of different nations come closer with each other. So in the present age, for the survival of human civilization, the importance of internationalism overides nationalism.

When we turn to the ancient scriptures, we find Internationalism in

another form. The sages of ancient India were aware of the limitation of nationalism. So they were more interested in Internationalism or Cosmopolitanism. We find more exposure to universal philanthropy and universal fraternity than nationalism in the vast extent of Sanskrit Literature. "Every living and non-living thing is the temple of Divinity"[2]. So the sages of ancient India chanted in this hymn in the *Iśopaniṣad*.

*iśā vāsyaṃ idaṃ sarvaṃ yat kiñca jagatyāṃ jagat /*

(Īśa 1. L-1)

Emphasis was given to the disinterested attitude on everything in *Iśopaniṣad*. According to this Upaniṣad, everybody is equal.

*yastu sarvāṇi bhūtānyātmanyevānupaśyati /*
*sarvabhūteṣu cātmānaṃ tato na vijugupsate //*
*yasmin sarvāṇi bhūtani ātmaivābhūt bijānataḥ /*
*tatra ko mohaḥ kaḥ śoka ekatvam anupaśyataḥ //* (Īśa 6-7 )

Prayer of benevolence for every visible and invisible creature has been enumerated in the hymns of *Atharvaveda*.

*yāṃ ca paśyāmi yāṃ ca na /*
*teṣu mā sumatiṃ kṛdhi //* (AV xvii. 1 .7)

There is a bond of fraternity among every human being in this world. To nurture fraternal feeling, the sages earnestly described in the *mantra* of *Atharvaveda*.

*mā bhrātā bhrātaraṃ dvikṣan mā svasāramuta svasā /*
*samyṃ ca suvratā bhṛtvā vācaṃ vadata bhadrayā //*

(AV iii. 30. 3 )

The song of equality, integrity was sung by the Vaidic sages repeatedly.

*saṃ gacchadhvaṃ saṃ vadadhvaṃ saṃ vo manāṃsi jānatām /*
*devā bhāgaṃ yathā pūrve saṃ jānānā upāsate //*
*samāno mantraḥ samitiḥ samānī samānaṃ manaḥ sahacittameṣām /*
*samānaṃ mantramabhi mantraye vaḥ samānena vo havisā juhomi //*
*samānī va ākutiḥ samānā hridayāni vaḥ /*
*samānaṃ astu vo mano yathā vaḥ susahāsati //*

(RV X. 191. 2-4)

The ancient sages wanted global peace like global fraternity. For global

peace, they prayed in *Vājasaneyisaṃhitā*[3].

The psychological cause of the liberal thinking of the ancient sages was that they never confined their happiness within a small boundary.[4] They always welcomed the greatest and broadest joy *(bhumānanda)*.[5] The Indian thought of this friendly attitude is prevailed from birth to re-birth. At the time of *tarpaṇa*,[6] for one's forefather one announces-

*ye 'bāndhavā bāndhavā vā ye 'nyajanmani bāndhavā /*
*te trptim akhilam yāntu ye cāsmattoyakānksinah //*

The greatness of Five great sacrifices *(pañcamahāyajña)*[7] organized by Hindu teaches us to make everybody of our own. In *Pātañjalayogadarśana*, it is depicted that friendly feeling *(maitrī)* is most essential for one's mental happiness and purity of mind *(cittaprasādanam)*.[8]

In this materialistic age, the Indian mentality found its greatest wellness through sacrifice *(tyāgaḥ)*,[9] tolerance *(titikṣā)* and restrain *(saṃyāṃah)*. Sanskrit literature always advocated to renounce self interest for common interest . To transcend one-self from small concern of home to assimilate with this universe, Sanskrit literature guides us.

*ayaṃ nijaḥ paro veti gaṇanā laghucetasām /*
*udāracaritānāntu vasudhaiva kutumbakam // (Mitralābha, 30)*

Man can destroy, snatch, achieve, and invent something, but he is not great for these. One who can make everybody his own, is a real great personality. The personalities who are great among mankind told us with their complete realization that mean or great, high or low, friend or foe, everyone is my own . Man becomes great giving more importance on society than to family; on country than to society; on world than to country. When man becomes great, he becomes self-oblivious. He has to prepare himself for greater sacrifice. So practice of greatness teaches man "So foster yourself by renunciation (*tena tyaktena bhuñjithā*). Do not be greedy of anybody's wealth (mā *grdhaḥ kasya svid dhanam)*".

Our intention is not to conquer, not to take revenge, not to dominate others, not to show the intensity of power - we will welcome with enjoyment the practice of unification among different castes, creeds, own country and abroad, high and low.

**Notes and References**

1. *Cf. europiya 'patriotism' - dharmer tātparya ei ye, 'parasamājer(a) sampad*

*kadiyā gharer samāje āniva, svadeśer(a) śrīvṛddhi kariba, kintu anya samasta jātir(a) sarvanāś(a) kariyā tāhā karite haive .....jagadīśvar (a) bharatavarṣe yena bhāratavarṣīyader kapāle erūp deśa-vātsalya na likhen(a).* -(by Bankimchandra in *Dharmatattva*, Ch. 24)

2. *Cf. Yo maṃ paśyati sarvatra sarvaṃ ca mayi paśyati /*
*tasyāhaṃ na praṇaśyāmi sa ca me na praṇaśyati //*
*ātmaupamyena sarvatra samam paśyati yo 'rjuna /*
*sukhaṃ vā yadi vā duḥkhaṃ sa yogī paramo mataḥ //* -(SBG VI/30, 32)
3. *dyauḥ śāntir antarikṣaṃ śāntiḥ pṛthivi śāntir oṣadhayaḥ śāntiḥ vanaspatayaḥ śāntir viśve devāḥ śāntiḥ... ... śāntir eva śāntiḥ.*
4. *Cf. iyāṃ pṛthivī sarveṣāṃ bhūtānāṃ madhu.....idaṃ mānuṣaṃ sarveśāṃ bhūtānāṃ madhu... ...* -(Bṛ U II/5/1, 13)
5. *yo vai bhūmā tat sukhaṃ nālpe sukhaṃ asti /* - (ChāU VII/23/1)
6. *Cf. ābrahmaparyantaṃ jagat tṛpyatu*
7. *Cf. adhyāpanaṃ brahmayajñaḥ pitryajñas tu tarpaṇam /*
*homo daivo valir bhauto nryajño 'tithipūjanam //* - (MS HI/70)
8. *maitrīkaruṇāmuditopekṣānāṃ sukhaduḥkhapunyaviṣayānām bhāvanātaś cittaprasādanam /* -(PY 1/33)
9. *tena tyaktena bhuñjīthā mā gṛdhaḥ kasya svid dhanam* (Īśa 1 , L-2)
10. *jīvite yasya jīvanti mitrāṇi vāndhavāḥ /*
*saphalaṃ jīvitaṃ tasya ātmārthe ko na jīvati //* (SUBHĀṢITAM)
11. *om saha nāvavatu saha nou bhunaktu saha vīryaṃ karavvānai /*
*tejasvi nāvadhītam astu mā vidviṣāvanai //* (Śāntimantra of Kaṭha)
12. *Cf. parasparaṃ bhāvayantaḥ śreyaḥ paramavāpsyatha /* (SBG iii/11)

## List of Abbreviations

| | |
|---|---|
| AV | = Atharvavedaḥ. |
| BṛU | = Bṛhadāranyakopaniṣad. |
| Chā U | = Chāndogyopaniṣad. |
| SBG | = Śrīmadbhāgabadgītā. |
| Īśa | = Īśpaniṣad. |
| Kaṭha | = Kathopaniṣad. |
| MS | = Manusaṃhitā. |
| PY | = Pātañjalayogasūtram. |
| RV | = Ṛgvedaḥ. |
| ŚY | = Śuklayajurvedaḥ. |

## Select Bibliography

Acharya, Sitanath. *Prabandhamālikā*. Kolkata: Sadesh, 2005 (1st ed.).
Basu, Yogiraj. *Veder Paricay(a)*. Kolkata: Farma K. L., 2009 (rpt.).
Bhattacarya, Bhabaniprasad & Taraknath Adhikari (ed.). *Vedic Selection* (Part-II). Kolkata: Sanskrit Book Depot, 2005 (rpt.).

*Īśopaniṣad*, Ed. Sitanath Goswami. Kolkata: Sanskrit Pustak Bhander, 2005 (3rd ed.).

*Kathopaniṣad*. Trans. & Ed. Svami Justananda. Kolkata: Udbodhan Karyalaya, 2007 (2nd rpt).

*Manusaṃhitā*. Trans & Ed. Mina kumari. Delhi: Nirmaan Prakashan. 2005 (1st ed.).

*Pātañjalayogasūtra*. Trans & Ed. Swami Premesananda. Kolkata: Udbodhan Karyalaya, 1412 VS (3rd rpt.).

*Śrīmadbhagabadgītā*. Ed. Vasudev Laxman Shastri. Delhi: Chaukhamba Sanskrit Pratisthan, 2009 (rpt.).

Tagore, Rabindranath. *Ravindra-Racanāvalī* (12th Khanda). Shantiniketan: Visva Bharati, 1368 VS.

*Upaniṣad-Granthāvalī*. Ed. Swami Gambhirananda. Kolkata: Udbodhan Karyalaya, 2009 (33th rpt.).

# JYOTIRLIṄGA : IN A MODERN PERSPECTIVE

MONALISA DUTTA

1.0. *Jyotirliṅga* or *Jyotirliṅgam* is a devotional object representing the Lord Śiva. *Jyotis* means 'radiance' and *liṅgam* means 'mark or sign' of *Śiva*, or a symbol of the pineal gland; *Jyotir Liṅgam* thus means the radiant sign of the almighty. Lord Brahmā, the God of creation and Lord *Viṣṇu*, the God of preservation had an argument over supremacy of creation. To test them, Lord *Śiva* pierced the three worlds as a huge endless pillar of light, the *jyotirliṅga*. *Viṣṇu* and *Brahmā* split their ways downwards and upwards respectively to find the end of the light. *Brahmā* lied that he found out the end, while *Viṣṇu* conceded his defeat. *Śiva* appeared as a second pillar of light and cursed *Brahmā* that he would have no place in ceremonies while *Viṣṇu* would be worshipped through eternity. The *jyotirliṅga* is the supreme reality. The *jyotirliṅga* shrines thus are places where *Śiva* appeared as a fiery column of light. Originally there were believed to be 64 *jyotirliṅga* while 12 of them are considered to be very auspicious and holy. Each of the twelve *jyotirliṅga* sites take the name of the presiding deity, each considered a different manifestation of *Śiva*. At all these sites, the primary image is liṅgam representing the beginningless and endless *Stambha* pillar, symbolizing the infinite nature of Śiva. The twelve *jyotirliṅga-s* are *Somanātha* in *Saurāṣṭra*, Gujrat ; *Mallikārjuṇa* at *Śrīśaila*, Andhra Pradesh; Mahākāleśvar at Ujjain in Madhya Pradesh; Parameśvara or Amaleśvara in the

*Oṃkārahṣetra,* Madhya Pradesh; *Kedāreśvara* in the *Himalayas; Bhimaśaṇkara* in *Ḍākinī*, Maharashtra; *Viśvanātha* in Varanasi, Uttar Pradesh; *Tryaṃbakeśvara* at the bank of *Gautamī* in Maharashtra; *Baidyanātha* at the cremation ground; Nageśvara at *Dārukavana* in Maharashtra; *Rāmeśvara* at Setubandha in Tamil Nadu and *Ghuśmeśvara* or *Ghuśaneśvara* at *Śivālaya.*[1] Kedarnath and Pashupatinath (Nepal) are considered half *jyotirliṅgas* counted together as one. There is also one new *Jyotirliṅga* shrine "Bhubaneswar-Bhubaneswari" temple at Mathurapur, P/O-Balarampur, near Sundarban, 24 Parganas (South), W.B.

2.0. A person who recites the name of these twelve *jotirliṅga*-s daily in the early morning is relieved of all the sins and he meets with every success.

- An *upaliṅga* named *Kedāreśvara,* which is lodged over the bank of *Yamunā* is believed to relieve the devotees of all sins.
- *Jyotirliṅga Nāgeśvara* is also situated over the bank of the river *Yamunā.* All sins get destoryed through devotion to it.
- There are two more *liṅgas* at *Kāśī,* known as *Tilabhāṇḍeśvara* as well as *Dasāśvamedha.* At the confluence of the *Gangā-Sāgara,* there is a Śivaliṅga known by the name of *Saṃgameśvara.*
- The *liṅga* named *Bhūteśvara* as well as *Nārīśvara,* are lodged over the bank of the *Kauśikī* river.
- *Baṭukeśvara liṅga* has been lodged over the bank of the river *Gaṇḍakī* and the *liṅga* known as *Purīśvara,* wich bestows comforts on all, is consecrated over the bank of *Phalgun* river.
- In the bank of *Tāptikā* river, *Kumāreśvara liṅga* is lodged. *Siddheśvara* and *Saneśvara liṅga-s* are also found there.
- The *liṅga-s* named *Rāmeśvara, Kumbheśvara, Nandīśvara, Punjeśvara* and *Pūrṇakeśvara* are lodged over the bank of the river *Pūrṇa.*
- *Baṭeśvara liṅga* fulfils all the desires. Two *liṅgas* named *Kapāleśvara* and *Vaṭṭreśvara,* which remove all the sins are lodged over the bank of the *Sindhu* river.
- The *liṅgas* known as *Vimaleśvara, Kaṇṭakeśvara* and *Dhartukeśa* are lodged close to the confluence of Gangā-Sāgara.[2]

3.0 Each of the Dvādaśa-jyotirliṅgas as well as upaliṅgas has a mythological and religious background. But why do we preserve those pillars of creation? Now in our computer age, is it only for preserving our heritage? No, there are many other reasons like mythological, ritual,

social, economic, ecological and soon which make it mandatory. Here I have tried to highlight the ecological causes.

